# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Bhadra 24, 1433 Bangla, September 08, 2026, Tuesday, No. 245, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has urged Japan to play role in repatriation of Rohingyas to their homeland. [Jago FM: 12]

The President has said, independent and responsible media is essential for democracy and good governance. [R. Today: 23]

Health and Family Welfare Minister has informed that government has taken initiative to set up healthcare unit in each union and provide treatment free of cost. [Jago FM: 19]

Finance and Planning Minister has said, government's target is to create employment oppournities in country by building up more entrepreneurs. [Jago FM: 14]

Shipping Minister has assured that water bus services will be reintroduced surrounding Dhaka within next three months. [Jago FM: 18]

State Minister for LGRD and Cooperatives has commented, every year 10,000 Bangladeshi workers can legally go to Italy. [R. Today: 24]

BGB and villagers have foiled an attempt by India's BSF to push 60 to 70 people into Bangladesh through border area in Dinajpur. [DW: 10]

Iran has threatened to take counter steps if new European draft proposal is approved by IAEA. [BBC: 08]

Around 270,000 passengers have been stranded in Indonesia due to volcanic eruption. [BBC: 08]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**ভাদ্র ২৪, বাংলা ১৪৩৩, সেপ্টেম্বর ০৮, ২০২৬, মঙ্গলবার, নং- ২৪৫, ৫৬তম বছর**

# শিরোনাম

রোহিঙ্গাদের নিজ দেশে প্রত্যাবাসনে জাপানকে কার্যকর ভূমিকা রাখার আহ্বান প্রধানমন্ত্রী তারেক রহমানের।
[জাগো এফএম: ১২]

রাষ্ট্রপতি বলেছেন, গণতন্ত্র, সুশাসন এবং ন্যায় ভিত্তিক সমাজ ও রাষ্ট্র গঠনে স্বাধীন গণমাধ্যম অপরিহার্য।
[রেডিও টুডে: ২৩]

প্রতিটি ইউনিয়নে স্বাস্থ্যসেবা ইউনিট স্থাপন এবং বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ দেওয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী। [জাগো এফএম: ১৯]

উদ্যোক্তা তৈরি করে দেশে আরো বেশী কর্মসংস্থান সৃষ্টি করাই বর্তমান সরকারের মূল লক্ষ্য বল লেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী। [জাগো এফএম: ১৪]

আগামী ৩ মাসের মধ্যে ঢাকার চারপাশে পুনরায় ওয়াটার বাস চালুর উদ্যোগ নেওয়া হয়েছে , জানালেন নৌ - পরিবহনমন্ত্রী। [জাগো এফএম: ১৮]

ইতালিতে প্রতিবছর ১০ হাজার বৈধ শ্রমিক যাওয়ার সুযোগ আছে , বলেছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী। [রেডিও টুডে: ২৪]

দিনাজপুর সীমান্ত দিয়ে বিএসএফের ৬০ থেকে ৭০ জন নারী-পুরুষকে বাংলাদেশে পাঠানোর চেষ্টা প্রতিহত হয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ ও স্থানীয় গ্রামবাসীর বাধায়। [ডয়চে ভেলে: ১০]

আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থায় ইউরোপীয় দেশগুলোর নতুন খসড়া প্রস্তাব অনুমোদন পেলে পাল্টা পদক্ষেপ নেওয়ার হুমকি ইরানের। [বিবিসি: ০৮]

ইন্দোনেশিয়ায় আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের কারণে আটকা পড়েছেন প্রায় দুই লাখ ৭০ হাজার যাত্রী। [বিবিসি: ০৮]

# বিবিসি

## শাস্তি পাওয়া কর্মকর্তাদের ফিরিয়ে আনার সংস্কৃতি কী বার্তা দিচ্ছে?

বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআরে আন্দোলনে অংশ নেওয়ার পর সাময়িক বরখাস্তসহ বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছিল এমন ২০ জন কর্মকর্তার শাস্তি মওকুফ করার পর এটি নিয়ে নানা আলোচনা তৈরি হয়েছে। এর আগে, গত পহেলা জুলাই সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত, অপসারিত, অব্যাহতি পাওয়া এবং বরখাস্ত হওয়া ১৫০ জন কর্মকর্তাকে স্বাভাবিক অবসর বা ভূতাপেক্ষ পদোন্নতি দিয়েছিল সরকার। 'আওয়ামী লীগের সময়ে চাকরিতে বঞ্চনা, অবিচার ও প্রতিহিংসার শিকার হওয়া কর্মকর্তাদে'র আবেদন পর্যালোচনা করে সরকার এই সিদ্ধান্ত নিয়েছে বলে তখন প্রজ্ঞাপনে বলা হয়েছিল। আবার অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকারের সময়ে পুলিশ ও জনপ্রশাসনে বহু বছর আগে স্বাভাবিক কিংবা বাধ্যতামূলক অবসরে যাওয়া কর্মকর্তাদের অনেককে ফিরিয়ে আনা হয়েছিল। ওই সরকারে আমলে ২০০৭ সালে তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের আমলে বরখাস্ত হওয়া ৮৫ জন নির্বাচন কর্মকর্তাকে চাকরিতে পুনর্বহাল করেছিল নির্বাচন কমিশন বা ইসি। এর আগে, আওয়ামী লীগ সরকারের সময়েও এ ধরনের চাকরিতে পুনর্বহালের অনেক ঘটনা ঘটেছে। সেই সরকারের সময়ে আবার বহু কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসর, চাকুরিচ্যুত কিংবা নানা শাস্তিমূলক পদক্ষেপের আওতায় নেওয়া হয়েছিল। এখন আবার একই ঘটনা ঘটায় প্রশ্ন উঠছে যে, শাস্তিমূলক ব্যবস্থা পাওয়া কর্মকর্তাদের রাজনৈতিক বিবেচনায় ফিরিয়ে নেওয়া কী বার্তা দিচ্ছে? কারণ একই সময় অর্থাৎ অন্তর্বর্তী সরকার ও বর্তমান সরকারের এই কয়েক মাসে অনেক কর্মকর্তাকে চাকরিচ্যুত কিংবা বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। অনেক কর্মকর্তা এখনো ওএসডি অবস্থায় আছেন।

### এনবিআরের ২০ কর্মকর্তা নিয়ে যা হয়েছে

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এক প্রজ্ঞাপন অনুযায়ী, এনবিআরের ২০ কর্মকর্তার শাস্তি মওকুফ করেছেন রাষ্ট্রপতি। এসব কর্মকর্তারা তাদের বিরুদ্ধে নেওয়া শাস্তির জন্য ক্ষমা চেয়ে আবেদন করেছিলেন। এনবিআরের এসব কর্মকর্তারা ২০২৫ সালের জুন মাসে রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশের বিরুদ্ধে এনবিআরে নজিরবিহীন এক আন্দোলনে অংশ নিয়েছিলেন। ওই আন্দোলনের কারণে তখন দেশে রাজস্ব কার্যক্রম প্রায় বন্ধ হয়ে পড়েছিল। তখন আন্দোলনের এক পর্যায়ে তাদের বদলি করা হলেও, তারা বদলির আদেশ প্রকাশ্যে ছিঁড়ে ফেলেছিলেন। পরে বিভাগীয় তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ার পর তাদের কাউকে সাময়িক বরখাস্ত আবার কারও বেতন কমিয়ে দেওয়া হয়েছিল। এখন রাষ্ট্রপতির আদেশে তাদের শাস্তি বাতিল হলো। যদিও চলতি বছর এপ্রিলেই সরকারি কর্মচারীদের জবাবদিহিতা ও শৃঙ্খলা নিশ্চিত করতে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা এবং দ্রুত তদন্ত প্রক্রিয়া সংযোজন করে 'সরকারি চাকরি (সংশোধন) আইন, ২০২৬' জাতীয় সংসদে পাস হয়েছে। এই আইনের মাধ্যমে নতুন একটি ধারা যুক্ত করা হয়েছে, যেখানে জনসেবার কার্যক্রম ব্যাহতকারী কর্মকাণ্ডের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার বিধান রাখা হয়েছে।

### এটি নতুন কিছু?

দীর্ঘকাল সরকারি চাকরি করেছেন এমন অনেকেই বলছেন, এভাবে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া ও পরের সরকারের সময়ে সেটি বাতিল হয়ে যাওয়ার রেওয়াজ বাংলাদেশে অনেক দিন ধরেই চালু আছে। চলতি বছরের পহেলা জুলাইয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করে সেনাবাহিনী, নৌ বাহিনী ও বিমানবাহিনীর অবসরপ্রাপ্ত, অপসারিত, অব্যাহতি পাওয়া এবং বরখাস্ত হওয়া দেড়শ কর্মকর্তাকে স্বাভাবিক অবসর বা ভূতাপেক্ষ পদোন্নতি দিয়েছে সরকার। তখন প্রজ্ঞাপনে বলা হয়, ২০০৯ থেকে ২০২৪ সালের ৪ আগস্ট পর্যন্ত সময়কালে চাকরিতে বঞ্চনা, অবিচার ও প্রতিহিংসার শিকার হওয়া কর্মকর্তাদের আবেদন পর্যালোচনা করে সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। স্বাভাবিক অবসর, বাধ্যতামূলক অবসর বা ভূতাপেক্ষ পদোন্নতি পাওয়া ওই কর্মকর্তারা বকেয়া বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাও পাবেন। ঢাকা মহানগর (ডিএমপি) পুলিশের সাবেক উপ-পুলিশ কমিশনার মো. ওবায়দুর রহমান খানের চাকরি থেকে বরখাস্তের আদেশ ১১ বছর পর এসে গত ৬ আগস্ট বাতিল করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। গত ১০ আগস্ট এ সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। আবার আওয়ামী লীগ সরকারের সময়ে চাকরিচ্যুত হওয়া, বাধ্যতামূলক অবসরে যাওয়া কিংবা স্বাভাবিক অবসরে যাওয়াদের মধ্যে অনেককেই চাকরিতে ফিরিয়ে এনেছিল অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকার। ওই সরকারের সময়েই ১৮ বছর আগে অর্থাৎ ২০০৭ সালে তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের আমলে বরখাস্ত হওয়া ৮৫ জন নির্বাচন কর্মকর্তাকে চাকরিতে পুনর্বহাল করে নেয় নির্বাচন কমিশন বা ইসি। ২০২৫ সালের ১৮ আগস্ট ওই প্রজ্ঞাপন জারি করেছিল কমিশন। আওয়ামী লীগ সরকারের সময়ে বিভিন্ন কারণে চাকরি হারানো ১ হাজার ৫২২ পুলিশ সদস্য চাকরিতে ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ২০২৫ সালের ফেব্রুয়ারিতে। পুলিশ সদর দপ্তর তখন অবশ্য বলেছিল, যাদের বিরুদ্ধে নৈতিক স্খলন, আর্থিক দুর্নীতি ও অন্যান্য অভিযোগে ফৌজদারি মামলা রয়েছে তাদের তারা বিবেচনা করেনি। আবার একই সময়ে অর্থাৎ অন্তর্বর্তী সরকার ও বিএনপি সরকারের গত কয়েক মাসে পুলিশ ও জনপ্রশাসনসহ বিভিন্ন খাতের অনেক কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানো ছাড়াও অনেকের বিরুদ্ধে বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে।

জনপ্রশাসন বিশেষজ্ঞ সাবেক অতিরিক্ত সচিব মোহাম্মদ ফিরোজ মিয়া বলছেন, বিভাগীয় মামলায় দণ্ড দেওয়া হলে কোনো কর্মকর্তা তার বিরুদ্ধে আপিল বা রিভিউ করতে পারে। এতে দণ্ড বহাল থাকলে সেটি চূড়ান্ত হয়ে যায়। এরপর তিনি অ্যাডমিনিস্ট্রিটেভি ট্রাইব্যুনালে যেতে পারেন। সেখান থেকে আপিল বিভাগে যেতে পারেন। "এ প্রক্রিয়ার বাইরে রাজনৈতিক বিবেচনায় বা সরকার পরিবর্তনের পর কাউকে ফিরিয়ে এনে বসানো হলে তখন সেটি অনিয়ম । এটা কোনো জায়েজ হবে না। এটি হয় রাজনৈতিক বিবেচনায়। রাজনৈতিক আনুকূল্য পাওয়া ব্যক্তিরা এসব সুযোগ পায়। কোনো আইন বা বিধি এটি কাভার করে না। এগুলোর কারণেই রাজনীতিকরণ বন্ধ হয় না। এটি চলতে থাকলে দক্ষ ও নিরপেক্ষ আমলাও তৈরি হবে না,, বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## সম্পত্তি হস্তান্তর আইনের সংশোধনী নিয়ে কিছু প্রশ্ন ও তার উত্তর

সম্পত্তি দান করার পরেও দাতা জীবিত থাকা পর্যন্ত সেটি ভোগ করার অধিকার রাখতে পারবেন এমন বিধান রেখে 'ট্রান্সফার অব প্রপার্টি (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২৬' জাতীয় সংসদ অধিবেশনে পাস হয়। তবে এটি পাস হওয়ার পর থেকেই সম্পত্তি সংক্রান্ত নানা ধরনের আলোচনা তৈরি হয়েছে। বর্তমানে প্রচলিত 'দ্যা ট্রান্সফার অফ প্রপার্টি অ্যাক্ট, ১৮৮২ অথবা সম্পত্তি হস্তান্তর আইন, ১৮৮২' অনুযায়ী, কেউ সম্পত্তি দান করার সাথে সাথে সেটির মালিকানা ও ভোগদখলের অধিকার গ্রহীতার কাছে চলে যায়। যে কারণে বাবা-মা জীবদ্দশায় সম্পত্তি লিখে দেওয়ার পর অনেক সময় অসহায় হয়ে পড়েন। তবে নতুন সংশোধিত এই আইনে বলা হয়েছে, সম্পত্তি দান করলেও জীবদ্দশার বাবা-মায়ের সেই সম্পত্তিতে অধিকার অব্যাহত থাকবে। রোববার আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান আইনটিতে নতুন এই সংশোধনীর বিল জাতীয় সংসদ অধিবেশনে উত্থাপন করলে বিরোধী দলের সংসদ সদস্যরা এটিকে কোরআন-সুন্নাহর বিরোধী বলে প্রতিবাদ করেন। তবে পরে কণ্ঠভোটে বিলটি পাস হয়।

### আইনে সংশোধনীর ফলে কী পরিবর্তন এসেছে?

সম্পত্তি হস্তান্তর আইনে আনা সংশোধনীর পরিবর্তন বুঝতে বর্তমানে বাংলাদেশে সম্পত্তি নিয়ে মানুষকে ঠিক কী ধরনের সমস্যায় ভুগতে হয়, সেটি বুঝতে একটি ঘটনা দিয়ে উদাহরণ দেওয়া যেতে পারে। এই গল্পটি ময়মনসিংহের ত্রিশালের মো. আব্দুল মোনায়েমের গল্প। যিনি নিজের কোনো সন্তান না থাকায় ১১৫ শতাংশ জমি অর্থাৎ সম্পত্তির কিছু অংশ তারই এক ভাইকে লিখে দেন। সুপ্রিম কোর্টের আইনজীবী খাদেমুল ইসলাম জানান, মুসলিম আইনের বিধান অনুযায়ী, হেবা করে মি. মোনায়েম ওই সম্পত্তি তাকে লিখে দিয়েছিলেন। হেবার বিধান অনুযায়ী, জীবিত অবস্থায় দাতা সম্পত্তি দিতে পারেন। কিন্তু মি. মোনায়েম যখন নিজের আরেকজন ভাইয়ের সন্তানকে সম্পত্তির কিছু অংশ দিতে চান, তখন তিনি জানতে পারেন পুরো সম্পত্তিই ওই ভাই নিজের নামে লিখে নিয়েছেন। আইনজীবী মি. ইসলাম বলেন, "এই নিয়ে মতবিরোধের জেরে একপর্যায়ে সে ভাতিজার সঙ্গে ঝগড়া করে নিজ বাড়ি ছেড়ে দিয়েছে। এখন হেবার ঘোষণা বাতিল করতে চাচ্ছে। বাট আইনগতভাবে সেই সুযোগ তার হাতে না থাকায় নিজেই একপ্রকার উদ্বাস্তু জীবন-যাপন করছে।,, সুপ্রিম কোর্টের এই আইনজীবী ১৮৮২ সালের সম্পত্তি হস্তান্তর আইনে আনা সংশোধনীটিকে খুবই ইতিবাচক হিসেবে দেখছেন। তিনি বলছেন, এই সংশোধনীর ফলে যদি কেউ এই আইনের অধীনে সম্পত্তি গিফট বা দান করেন, তাহলে এখন থেকে সম্পত্তি দাতা অর্থাৎ ময়মনসিংহের মি. মোনায়েমের মতো করুণ অবস্থা কারো হবে না। কারণ জীবিত অবস্থায় সম্পত্তি গিফট করলেও আমৃত্যু সেটি তিনি ভোগ-দখল করতে পারবেন বলে জানান এই আইনজীবী। "সম্পত্তি হস্তান্তর আইনে সংশোধনীর ফলে এখন একজন দাতা তার মৃত্যুর আগে এবং পরেও নিশ্চিন্ত থাকতে পারবেন। মৃত্যুর আগে সম্পত্তি গিফট করলেও, সেটি আমৃত্যু ভোগ-দখল করতে পারবেন। একইসঙ্গে মৃত্যুর পরে তার কষ্টে অর্জিত সম্পত্তি যথাযথ ব্যক্তির কাছে যাচ্ছে বলে নিশ্চয়তা পান,, বলেন মি. ইসলাম।

### কাকে সম্পত্তি গিফট বা দান করা যাবে?

জাতীয় সংসদ অধিবেশনে আইনমন্ত্রী যে বিলটি উত্থাপন করেন তাতে বলা হয়েছে, এই আইনটি ট্রান্সফার অফ প্রোপার্টি (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০২৬ নামে পরিচিত হবে। একইসঙ্গে, অবিলম্বে আইনটি কার্যকর হবে বলেও বিলে উল্লেখ করা হয়েছে। আইনে সংশোধনী এনে ১২২ ধারায় নতুন দুইটি ধারা ১২২এ এবং ১২২বি যুক্ত করা হয়েছে। বিলটিতে বলা হয়েছে, এই আইনে বা বর্তমানে বলবৎ অন্য কোনো আইনে যাই থাকুক না কেন, দাতার নিজের জীবদ্দশায় সম্পত্তি ভোগের অধিকার বা লাইফটাইম ইউসুফ্রাক্ট রাইটস সংরক্ষিত রেখে স্থাবর বা অস্থাবর সম্পত্তি দান করা সম্পূর্ণ বৈধ হবে। নতুন যুক্ত করা ১২২ ধারা (২) এ বলা হয়েছে, এই দান কেবল তখনই বৈধ হবে, যখন তা কোনো পিতা-মাতা বা দাদা-দাদী অথবা নানা-নানী তাদের সন্তান অথবা নাতি-নাতনিদের অথবা এর উল্টোটা কিংবা স্বামী-স্ত্রীর মধ্যে করা হবে। স্থাবর সম্পত্তির ক্ষেত্রে রেজিস্ট্রেশন আইন, ১৯০৮ এর ১৭(১)(ক) ধারা অনুযায়ী রেজিস্ট্রি করা দলিলের মাধ্যমে ঘোষণা করে এই দান করতে হবে বলেও উল্লেখ করা হয়েছে। দাতার জীবদ্দশায় যদি গ্রহীতা মারা যান, তাহলে দাতার আজীবন ভোগদখলের অধিকার অক্ষুণ্ণ রেখেই সম্পত্তি আইন অনুযায়ী গ্রহীতার উত্তরাধিকারীদের কাছে হস্তান্তরিত হবে বলেও এই ধারায় উল্লেখ করা হয়েছে।

**সম্পত্তি হস্তান্তর আইনের সংশোধনী নিয়ে আপত্তি কেন?**

বিল উত্থাপনের আগে আইনমন্ত্রী এই সংশোধনীর কারণ ও উদ্দেশ্য সম্পর্কে সংসদে জানিয়েছেন, প্রস্তাবিত জীবনকালীন ভোগাধিকার সংরক্ষণপূর্বক দান হবে সম্পত্তি হস্তান্তরের একটি স্বতন্ত্র পদ্ধতি। এই বিধান সকল ধর্মাবলম্বীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। এর ফলে প্রচলিত গিফট বা সাধারণ দান, মুসলিম আইনের অধীন হেবা বা আইন দ্বারা স্বীকৃত অন্য কোনো প্রকার সম্পত্তি হস্তান্তরের উপর কোনো প্রভাব পড়বে না বা সাংঘর্ষিক পরিস্থিতি তৈরি করবে না বলে বিবৃতিতে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবীরা বলছেন, এই সংশোধনী খুবই প্রগতিশীল ও ইতিবাচক পদক্ষেপ। উচ্চ আদালতে অসংখ্য মামলায় 'অ্যামিকাস কিউরি' হিসেবে মতামত দিয়ে আদালতকে সাহায্য করেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী প্রবীর নিয়োগী। তিনি বলেন, "আমার মন্তব্য হলো, এটা একটা প্রগতিশীল এবং সংস্কারমূলক আইন। যেটার খুব পজিটিভ, ইতিবাচক ফল হবে, আমি মনে করি।„ সুপ্রিম কোর্টের এই জ্যেষ্ঠ আইনজীবীও মনে করছেন, সরকার ব্রিটিশদের করা আইনে একটি সংশোধনী এনেছে। অন্য কোনো আইনে, ইসলামি হেবায় হস্তক্ষেপ করেনি সরকার। মি. নিয়োগী বিবিসি বাংলাকে বলেন, "ট্রান্সফার অফ প্রোপার্টি অ্যাক্টের ১২২ ধারা তো ১৮৮২ সাল থেকেই এই আইনটা আছে। তাহলে কীভাবে এটা সাংঘর্ষিক হবে?„ "সেখানেতো গিফটও আছে, ইসলামি হেবাও আছে।

**দান করা সম্পত্তি দাতা বা গ্রহীতা বিক্রি করতে পারবেন?**

সম্পত্তি হস্তান্তর আইনে আনা নতুন সংশোধনীর ১২২বি ধারায় বলা হয়েছে, দাতার জীবদ্দশায় ভোগদখলের অধিকার সংরক্ষিত রেখেই কীভাবে দান বাতিল বা পরিবর্তন করা যাবে। এতে বলা হয়েছে, একটি দান নিবন্ধনের পর সাধারণত সেটি আর বাতিল করা যাবে না। তবে কয়েকটি ব্যতিক্রমী কারণ ঘটলে তখন সেই দান বাতিল বা পরিবর্তন করা যাবে। এই কারণগুলোর মধ্যে রয়েছে, কোনো আর্থিক, চিকিৎসা, শিক্ষাগত, পারিবারিক বা অন্য কোনো বাস্তব ও জরুরি প্রয়োজনে দাতা ও গ্রহীতা উভয়ে পারস্পরিক সম্মতিতে কোনো নিবন্ধিত দলিলের মাধ্যমে এই দান পরিবর্তন, বাতিল বা এর অধিকার সংক্রান্ত বিষয়ে রদবদল করতে পারবেন। একইসঙ্গে, যদি পক্ষগণের বয়স কম থাকা, নিখোঁজ হওয়া, মানসিক ভারসাম্যহীনতা, আইনগত অযোগ্যতা অথবা অন্য কোনো পর্যাপ্ত কারণে কোনো এক পক্ষের সম্মতি নেওয়া সম্ভব না হয়, তাহলে অন্য পক্ষের আবেদন সাপেক্ষে জেলা জজ সম্পত্তির এই দানের অধিকার পরিবর্তন, বাতিল বা রদবদল করার অনুমতি দিতে পারবেন।

**শুধু মেয়ে সন্তানের ক্ষেত্রে পৈতৃক সম্পত্তির কী হবে?**

সুপ্রিম কোর্টের আইনজীবী এবং ডেপুটি অ্যাটর্নি জেনারেল জামিউল হক ফয়সাল বলছিলেন, প্রচলিত আইনের দুর্বলতা হলো, পিতা-মাতা জীবিতাবস্থায় উত্তরাধিকারদের মধ্যে সম্পত্তি লিখে দিলে সেটি সাথে সাথেই হস্তান্তর হয়ে যাওয়ায় নিজেরাই অনিরাপদ হয়ে যেতেন। কেননা এটি আর তার কাছ থেকে ফেরত নেয়া যায় না। ঢাকার বিচারিক আদালতগুলোতে এই ধরনের অনেক মামলা দেখা যায় বলেও উল্লেখ করেন তিনি। ডেপুটি অ্যাটর্নি জেনারেল জামিউল হক ফয়সাল বলেন, "বর্তমান উত্তরাধিকার আইনে, শরীয়াহ ল অনুসরণ করা হয়, যাদের শুধুমাত্র কন্যা সন্তান ছিল, তারা পুরো সম্পত্তির মালিক হতে পারতেন না।„ "এখন এই সংশোধনীর ফলে পুরো সম্পত্তির মালিক হতে পারবেন তারা। একটা মানুষ সারা জীবন উপার্জন করেছেন, এক্সপেক্ট করবেন তার সন্তানই সব পাবেন। এই সংশোধনীর কারণে ওই অস্থিরতা থাকবে না,„ বলছিলেন মি. ফয়সাল। সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী প্রবীর নিয়োগী জানান, হিন্দু আইনানুযায়ী, মেয়েরা জীবনসত্ত্বে সম্পত্তি শুধু ভোগ দখলের অধিকার ছাড়া কিছুই পান না। তাই এখন ডিড করে হিন্দু ধর্মের পারসোনাল ল অনুযায়ী আমাদের দিতে হয়। তিনি জানান, এই আইনের কারণে এখন যাদের শুধুমাত্র কন্যা সন্তান তাদের ওই সন্তানকে সম্পত্তি দানের অধিকার এবং সারা জীবনের কষ্টার্জিত সম্পদ দান করলেও জীবদ্দশায় ভোগ করার অধিকার রক্ষা হয়েছে। "যে ভদ্রলোক শুধু মেয়ে এবং স্ত্রীকে রেখে মারা যাচ্ছেন, তার কষ্টার্জিত প্রোপার্টিতে অন্য কেউ যাতে ভাগ বসাতে না পারেন, এই ব্যবস্থাটা হয়। উনি দান করে যাবেন আবার শেষ বয়সে যেন কোনো বিপদে না পড়েন,„ বলেন মি. নিয়োগী। একইসঙ্গে, সম্পত্তি হস্তান্তর আইনের নতুন সংশোধনীর ফলে দান করলেও বাবা-মা জীবিত অবস্থায় বিপদে পড়বেন না বলেও উল্লেখ করেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ এই আইনজীবী। ট্রান্সফার অফ প্রোপার্টি অ্যাক্ট, ১৮৮২ এর অধিকতর সংশোধনের জন্য আনীত বিলটিতে উল্লেখ করা হয়েছে, এই ধারার অধীনে সম্পত্তি হস্তান্তর করলে সেটি এই আইনের অধীনে একটি স্বতন্ত্র পদ্ধতি হিসেবে গণ্য করা হবে। একইসঙ্গে, সেটি এই আইন বা বর্তমানে বলবৎ অন্য কোনো আইনের অধীনে স্বীকৃত কোনো দান, হেবা বা অন্য কোনো হস্তান্তর পদ্ধতির বৈধতাকে সীমিত, ক্ষুণ্ণ বা অন্য কোনোভাবে প্রভাবিত করবে না।

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## ডেঙ্গুতে আরও চারজনের মৃত্যু, হাসপাতালে ভর্তি হাজারের বেশি

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও চারজনের মৃত্যু হয়েছে। একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন আরও এক হাজার ৩১৪ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এই সময়ের মাঝে সবচেয়ে

বেশি আক্রান্ত ও মৃত্যু হয়েছে খুলনা বিভাগে। ডেঙ্গুতে মৃত চারজনের দুইজন খুলনা বিভাগে, বাকি দুইজন ঢাকা বিভাগে। যারা ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন, তাদের বেশিরভাগই ১৬ থেকে ৪০ বছর বয়সি এবং আক্রান্তদের প্রায় ৬৫ শতাংশ হলো পুরুষ। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ১২১ জনের মৃত্যু হলো। আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন প্রায় ৪৪ হাজার।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে ডিপোর্ট করা মুমতাজ বেগমের পরিবারকে ক্ষতিপূরণের নির্দেশ

ভারত থেকে বাংলাভাষী মুসলিম একজন মহিলাকে বাংলাদেশে `পুশব্যাক, করার ঘটনায় আসামের রাজ্য সরকারকে দুই লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিয়েছেন গৌহাটি হাইকোর্ট। ভারত থেকে কাউকে বাংলাদেশে পাঠানোর ক্ষেত্রে ডিপোর্টেশন সংক্রান্ত নিয়ম লঙ্ঘনের জন্য কোনও রাজ্য সরকারকে আদালতের খরচ বা ক্ষতিপূরণ দিতে বলার ঘটনা এই প্রথম। মুমতাজ বেগমের পরিবার গৌহাটি হাইকোর্টে হেবিয়াস কর্পাস মামলা দায়ের করার পর জানতে পারে যে, তাকে জোর করে ভারত থেকে বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হয়েছে। এই মামলায় হাইকোর্ট ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়কেও পক্ষভুক্ত করে। আদালত জানিয়েছেন, মহিলাকে বাংলাদেশে খুঁজে বের করে তাকে ভারতে ফিরিয়ে আনার জন্য ভারত সরকারকে `চেষ্টা চালাতে, নির্দেশ দেওয়া হবে। মুমতাজ বেগমকে বাংলাদেশে পাঠানোর ঘটনায় আসামের নগাঁও ফরেনার্স ট্রাইব্যুনালের ভূমিকাতেও তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন হাইকোর্ট। হেবিয়াস কর্পাস মামলার ভিত্তিতে শুনানি করতে গিয়ে বিচারপতি কল্যাণ রাই সুরানা এবং বিচারপতি সুস্মিতা ফুকন খাউন্ডের বেঞ্চ বলেছে, ফরেনার্স ট্রাইব্যুনাল যে ধরনের পদক্ষেপ নিয়েছে, তাতে আদালত মনে করেছেন যে "আইনের অপপ্রয়োগের মাধ্যমে বিদ্বেষপ্রসূত পদক্ষেপের বিষয়টি নথি থেকেই স্পষ্ট।„ (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## অন্তত দুই মাস প্রাথমিকের শিক্ষক বদলি স্থগিত থাকবে : ববি হাজ্জাজ

অনির্দিষ্টকালের জন্য প্রাথমিকের শিক্ষক বদলি স্থগিত থাকবে এবং এই সিদ্ধান্ত আজ ৭ সেপ্টেম্বর থেকেই কার্যকর হবে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বাংলাদেশের প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। "সাড়ে ১৪ হাজার নতুন নিয়োগ আছে তো। তাদের প্লেসমেন্ট হওয়ার পর এটি আবার চালু হবে। এটা টেম্পোরারি। তবে অন্তত দুই মাস তো লাগবেই পুরো প্রসেসটায়, এটা আমার ধারণা,„ বলেন তিনি। এর আগে, তিনি আজ আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনেও সরকারের এই নতুন সিদ্ধান্তের কথা জানিয়েছেন। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## মাওলানা আজাদের আপিল ইস্যুতে যা বললেন আইসিটি'র চিফ প্রসিকিউটর

"যদি ৩০ দিনের মাঝে আপিল করা না হয়, তাহলে পরবর্তীতে আর কোনো আপিল গ্রহণ করার সুযোগ হবে না, সেটা যে কারো আপিল-ই হোক, সেটা হোক শেখ হাসিনার, হোক মাওলানা আবুল কালাম আজাদের।„ আজ সোমবার দুপুরে নিজ কার্যালয়ে সংবাদ সম্মেলনে আবুল কালাম আজাদের আপিল প্রসঙ্গে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের দায়ে ২০১৩ সালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল জামায়াতের সাবেক নেতা মাওলানা আবুল কালাম আজাদকে মৃত্যুদণ্ড দেন। জামায়াতের এই নেতা বিভিন্ন টেলিভিশন অনুষ্ঠানে ইসলামিক অনুষ্ঠান উপস্থাপনা করে পরিচিতি পেয়েছিলেন। গত বছর অক্টোবরে অন্তর্বর্তী সরকারের সময় তার সাজা এক বছরের জন্য স্থগিত করে প্রজ্ঞাপন জারি করেছিল স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ১৩ বছর পলাতক থাকার পর এই বছরের ২১ জানুয়ারি তিনি ট্রাইব্যুনালে আত্মসমর্পণ করে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে খালাস চেয়ে আপিল করেন। আজ ৭ সেপ্টেম্বর সেই আপিল আদেশের রায়ের দিন ধার্য ছিল। তবে এদিন চূড়ান্ত কোনো আদেশ হয়নি। চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম আরও বলেন, "যে-কোনো পলাতক আসামি, অথবা যারা জেলে আছে, তাকে অবশ্যই ৩০ দিনের মাঝে আপিল ফাইল করতে হবে, পলাতক থাকার কারণে হোক, অন্য কোনো কারণে হোক, কেউ যদি ৩০ দিনের মাঝে এসে ফাইল দায়ের না করেন, তাহলে ওই আসামির জন্য আর আপিল করার সুযোগ থাকবে না।„ "মওলানা আবুল কালাম আজাদের মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল ট্রাইব্যুনাল থেকে। কিন্তু তিনি যে-কোনো কারণেই হোক, দীর্ঘদিন দেশে অনুপস্থিত ছিলেন। তিনি আপিলটা ফাইল করতে পারতেন বা করেননি। এখন আমাদের আইনের ২১-এর ৩-এ বলা আছে, রায় ঘোষণার ৩০ দিনের মাঝে আপিল করতে হবে। সেখানেও এটাও বলেছে যে, যদি ৩০ দিনের মাঝে আপিল না করা হয়, তাহলে আর কোনো আপিল গ্রহণযোগ্য হবে না,„ যোগ করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## ব্যাটারিচালিত অটোরিকশায় নম্বর প্লেট ও কিউআর কোড আনার পরিকল্পনা : স্বরাষ্ট্রমন্ত্রী

ব্যাটারিচালিত অটোরিকশাকে নিয়মতান্ত্রিক ব্যবস্থার আওতায় আনতে নম্বর প্লেট ও কিউআর কোডের মাধ্যমে শনাক্ত করার পরিকল্পনা করা হচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী। জাতীয় সংসদে উত্থাপিত এক নোটিশের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ আজ বলেন, অটোরিকশা চলাচল সুশৃঙ্খল করতে একটি সুনির্দিষ্ট নীতিমালা তৈরির কাজ চলছে। নীতিমালা প্রণয়ন ও অনুমোদনের পর বৈধ ও অনুমোদিত অটোরিকশাকে নম্বর প্লেট ও কিউআর কোডের

মাধ্যমে শনাক্ত করা হবে। একইসঙ্গে চালকদের নিবন্ধন এবং পর্যায়ক্রমে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে লাইসেন্সের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী জানান, নীতিমালা অনুমোদনের পর অটোরিকশার নিবন্ধন, রুট নির্ধারণ, চালক নিয়ন্ত্রণ, চলাচল ব্যবস্থাপনা ও আইন প্রয়োগসহ প্রয়োজনীয় ব্যবস্থা পর্যায়ক্রমে নেওয়া হবে। তিনি বলেন, দেশে বর্তমানে আনুমানিক ৫০ থেকে ৮০ লাখ বৈদ্যুতিক থ্রি-হুইলার রয়েছে। এসব যান চার্জ দিতে দেশের মোট উৎপাদিত বিদ্যুতের প্রায় পাঁচ শতাংশ প্রয়োজন হয়, যা আরও বেশি হতে পারে। "বিপুল এই চাহিদার বিপরীতে বৈধ চার্জিং পয়েন্টের সংখ্যা মাত্র প্রায় তিন হাজার ৩০০টি। আর শুধু ঢাকাতেই ৪৮ হাজারের বেশি অনানুষ্ঠানিক অবৈধ চার্জিং পয়েন্ট রয়েছে বলে আমাদের ধারণা। ফলে জাতীয় গ্রিড ও স্থানীয় বিতরণ ব্যবস্থায় অতিরিক্ত চাপ সৃষ্টি হচ্ছে এবং বছরে প্রায় চার হাজার কোটি টাকার রাজস্ব ক্ষতি হচ্ছে।„ মন্ত্রী এক পরিসংখ্যানের বরাতে আরও জানান, ২০২৫ সালে ৬৭২৯টি সড়ক দুর্ঘটনায় ৯১১১ জন নিহত হন। আর দুর্ঘটনাযুক্ত যানবাহনের মাঝে ব্যাটারিচালিত অটোরিকশা ছিল ১৩ দশমিক ৫৪ শতাংশ। "এই বাস্তবতায় প্রধান সড়কে অননুমোদিত ব্যাটারিচালিত রিকশা চলাচল সম্পূর্ণ নিষেধ করা হয়েছে। নিষেধাজ্ঞা কার্যকর করতে ডিএমপি অভিযান চালাচ্ছে। অবৈধ বিদ্যুৎ সংযোগ ব্যবহারকারী গ্যারেজেও অভিযান চলছে।„ (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## সংসদে আরও ৪টি স্থায়ী কমিটি গঠিত

জাতীয় সংসদে আজ আরও চারটি সংসদীয় স্থায়ী কমিটি গঠিত হয়েছে। আজ সোমবার ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে জাতীয় সংসদে চিফ হুইপ মো. নুরুল ইসলাম কমিটি গঠনের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে সর্বসম্মতিক্রমে পাস হয়। স্থায়ী কমিটিগুলো হল-হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমকে (ভোলা-৩) সভাপতি করে ত্রয়োদশ জাতীয় সংসদ কার্যপ্রণালী বিধি সম্পর্কিত স্থায়ী কমিটি, এ এম মাহবুব উদ্দিনকে (নোয়াখালী-১) সভাপতি করে। সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত স্থায়ী কমিটি, মোহাম্মদ রেজাউল করিম বাদশাকে (বগুড়া-৬) সভাপতি করে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমকে (ভোলা-৩) সভাপতি করে জাতীয় সংসদের পিটিশন কমিটি গঠন করা হয়। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধে জ্বালানি রপ্তানি ও বাণিজ্য 'জিম্মি' হতে দেবে না ইউএই

সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্টের উপদেষ্টা আনোয়ার গারগাশ বলেছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের চলমান যুদ্ধের কারণে তাদের জ্বালানি রপ্তানি ও বাণিজ্য যেন 'জিম্মি' হয়ে না পড়ে, সেজন্য তারা বিকল্প পথ তৈরি করছে। বার্তা সংস্থা রয়টার্সের তথ্য অনুযায়ী, আবুধাবিতে একটি ফোরামে তিনি বলেন, "আমাদের জ্বালানি রপ্তানি, বাণিজ্য ও অর্থনৈতিক কার্যক্রম জিম্মি হয়ে থাকতে পারে না।„ বক্তব্যে ইরানের সঙ্গে ইউএই'র সম্পর্ক পুনরুদ্ধারের সম্ভাবনাকে উড়িয়ে দেননি তিনি। তবে তিনি বলেন, ইরানের হামলার পর দুই দেশের মধ্যে আস্থা পুনরুদ্ধার করতে কয়েক দশক সময় লাগতে পারে। ইরান ইস্যুতে উপসাগরীয় আরব দেশগুলো যৌথ প্রতিক্রিয়া দেখাতে ব্যর্থ হয়েছে বলেও সমালোচনা করেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## গাজী নজরুলের সদস্যপদ শূন্য ইস্যুতে জামায়াত নেতাকে 'বুদ্ধি' দিলেন স্বরাষ্ট্রমন্ত্রী

জামায়াতে ইসলামীর বহিষ্কৃত সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের সংসদ সদস্যপদ শূন্য করা ইস্যুতে জামায়াত নেতা শফিকুর রহমানকে 'বুদ্ধি' দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সাংগঠনিক তদন্তে 'নৈতিক স্খলন' প্রমাণিত হওয়ায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে জুলাই মাসে দল থেকে বহিষ্কার করেছে জামায়াতে ইসলামী। এরপর তার সংসদ সদস্যপদ শূন্য করার জন্য চিঠি দিয়েছে দলটি। সম্প্রতি সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে সদস্য হিসাবে গাজী নজরুল ইসলামের নাম রাখা হয়েছিল। সোমবার এই প্রসঙ্গে বাংলাদেশের জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, "জামায়াতে ইসলামীর পক্ষ থেকে নির্বাচন কমিশনকে, মাননীয় স্পিকারকেও চিঠি দিয়েছে...তার সদস্য পদ শূন্য করার জন্য। এখানে বিধি মোতাবেক দল থেকে বহিষ্কার হলে তার পদ শূন্য হয় না, ১৭ অনুচ্ছেদ সেখানে আসে না, যদি তিনি নিজে পদত্যাগ না করেন।„ বাংলাদেশের আইন অনুযায়ী, দলীয় সিদ্ধান্তের বিরুদ্ধে ভোট দিলে বা বিরত থাকলে সংসদ সদস্য পদ শূন্য হয়ে যায়। সেই প্রসঙ্গ টেনে জামায়াতের উদ্দেশ্যে সালাহউদ্দিন আহমদ বলেন, "'আপনারা যদি সত্যি সত্যিই চান যে, তার আসনটি শূন্য হোক, তাহলে রাষ্ট্রপতি নির্বাচনে দলের পক্ষে ভোট দেয় নাই আপনাদের? এবং ভোট দানে বিরত ছিল। সেই জায়গায় ৭০ অনুচ্ছেদ কিন্তু আসে।„ "সেই জায়গায় কগনিজেন্সি নিয়ে যদি আপনারা স্পিকার বা নির্বাচন কমিশনে চিঠি দেন, আমরা সেই হিসেবে বিধি মোতাবেক সাংবিধানিকভাবে সহযোগিতা করতে পারি। এই বুদ্ধিটা বিনা পয়সায় দিলাম,„ বলেন মি. আহমদ। এরপর বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান এর জবাবে বলেন, "গ্রামে একটা কথা চালু আছে, কোনো দুর্বল মানুষের ওপর প্রতিশোধ নিতে হলে তাকে মেম্বার দিসেবে দাঁড় করিয়ে দাও। আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী মাঝে মাঝে আমাদের এরকম কিছু টিপস দেন, আমরা সেটা এঞ্জয় করি। এইজন্য সেদিন বলছিলাম, উনি থাকলে সংসদ প্রাণবন্ত হয়, সেটা হোক পজিটিভ বা নেগেটিভ। কিছু একটা

হয়।„ গাজী নজরুল ইসলাম প্রসঙ্গে জামায়াত নেতা বলেন, ”আমরা এখন তাকে ফ্লোর ক্রসিং-এর কথা বলবো কেন? আমরা তো তাকে বহিষ্কার করেছি। আমরা তো সেটা বলতে পারি না যে, তিনি আমাদের দলের সদস্য হয়ে ফ্লোর ক্রসিং করেছেন। আমাদের সিদ্ধান্ত ভায়োলেট করেছে। তবে আমরা আগেই অনাপত্তি বলেছিলাম, যেহেতু আমাদের কোর্টে আসে নাই। কিন্তু মহান জাতীয় সংসদের মতো একটা প্রেস্টিজিয়াস হাউজে, যাকে আমরা নৈতিক কারণে বহিষ্কার করে চিঠিও দিয়েছি, কোনো কমিটিতে না রাখাটা উত্তম ছিল। সেটা নৈতিকতার দিক থেকে বেটার। কিন্তু এখন রিথিংক করার সুযোগ আছে। কারণ বিভিন্ন সময় পুনর্মূল্যায়ন হয়, অদলবদল হয়, ড্রপ হয়, অ্যাড হয়। আমি মনে করি, নৈতিকতার দৃষ্টিকোণ থেকে এটা একতা এক্সাম্পল হবে, যদি ওনাকে কোথাও না রাখা হয়।„ পরবর্তীতে বিরোধী দলের আপত্তির কারণে সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি থেকে গাজী নজরুল ইসলামের নাম বাদ দিয়ে স্থায়ী কমিটি পুনর্গঠন করা হয়।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে প্রথমবারের মতো `ডেস্ট্রয়ার-বিধ্বংসী, ক্ষেপণাস্ত্র ব্যবহারের দাবি ইরানের

ইরানের সুপ্রিম ন্যাশনাল কাউন্সিলের সেক্রেটারি মোহসেন রেজায়ী দাবি করেছেন, যুক্তরাষ্ট্রের একটি জাহাজের বিরুদ্ধে প্রথমবারের মতো ইরানে তৈরি একটি ডেস্ট্রয়ার-বিধ্বংসী ক্ষেপণাস্ত্র ব্যবহার করা হয়েছে। টেলিভিশনে দেওয়া এক সাক্ষাৎকারে মোহসেন রেজায়ী বলেন, ”৪৮ ঘন্টা আগে প্রথমবারের মতো আমরা একটি আমেরিকান জাহাজের বিরুদ্ধে একটি ইরানি ডেস্ট্রয়ার-বিধ্বংসী ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালাই। এই বিশেষ ক্ষেপণাস্ত্রটি আমেরিকানদের জন্য নরক তৈরি করেছিল এবং তারা পালিয়ে যায়।„ যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) ইরানের এই দাবির সরাসরি জবাব দেয়নি। তবে গতকাল এক্সে দেওয়া একটি পোস্টে তারা লিখেছে, ”বিপ্লবী গার্ডদের জন্য বার্তা স্পষ্ট, যদি আপনারা আমাদের দুটি জাহাজে গুলি চালান, তাহলে আমরা আপনাদের ওপর আরও অনেক বেশি অর্থনৈতিক মূল্য চাপিয়ে দেব এবং আপনাদের তিনটি জাহাজ ধ্বংস করব।„ বিবৃতিতে আরও বলা হয়, ”আমরা আমেরিকান বাহিনীকে রক্ষা করতে দ্বিধা করব না এবং প্রয়োজন হলে ইরানের সীমিত ও ঝুঁকিপূর্ণ তেলবাহী জাহাজের বহর ধ্বংস করব।„ বিপ্লবী গার্ডের সাবেক এই কমান্ডার ওই অঞ্চলে জাহাজ চলাচলের সম্ভাব্য পরিণতি সম্পর্কে বলেন, ”ইরানের সঙ্গে পরামর্শ না করে পরিচালিত জাহাজগুলোকে ইরানের নিষেধাজ্ঞার তালিকায় যুক্ত করা হবে এবং সেগুলোকে অন্যান্য পরিণতির মুখোমুখি হতে হবে, যার মধ্যে রয়েছে বীমা-সংক্রান্ত সমস্যা এবং পরবর্তী সময়ে চলাচলে জটিলতা।„
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## আইএইএ-কে পাল্টা পদক্ষেপের হুঁশিয়ারি ইরানের

আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থায় (আইএইএ) ইউরোপীয় দেশগুলোর নতুন খসড়া প্রস্তাব অনুমোদন পেলে পাল্টা পদক্ষেপ নেওয়ার হুমকি দিয়েছে ইরান। ইউরোপীয় দেশগুলো এবং আইএইএ পারমাণবিক স্থাপনাগুলোর পরিদর্শন চায়, বিশেষ করে যেসব স্থাপনায় হামলা হয়েছে সেগুলোর। ওই প্রস্তাব পাস হলে ইরানের পারমাণবিক কর্মসূচি সংক্রান্ত বিষয়টি জাতিসংঘ নিরাপত্তা পরিষদে পাঠানোর পথ তৈরি করতে পারে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, ইউরোপীয় দেশগুলো ”যখনই অন্য ক্ষেত্রে ব্যর্থ হয়, তখন তারা পারমাণবিক ইস্যুকে হাতিয়ার হিসেবে ব্যবহার করে অথবা উল্টোভাবে, আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থার মহাপরিচালক নিজেই ইরানের ওপর রাজনৈতিক চাপ সৃষ্টির জন্য এমন অপব্যবহারের সুযোগ করে দেন।„ ইরান, চীন ও রাশিয়ার অবস্থান সঠিক দাবি করে তিনি বলেন, ইরানের পারমাণবিক স্থাপনাগুলোতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার কারণে ”পথ বন্ধ হয়ে গেছে„ এবং সংস্থাটির পক্ষে পরিদর্শন করা সম্ভব নয়।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত; আড়াই লাখের বেশি মানুষ ইন্দোনেশিয়ায় আটকা

ইন্দোনেশিয়ায় আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের কারণে দুই হাজারের বেশি ফ্লাইট বাতিল হওয়ায় এবং বিমানবন্দরগুলো টানা দ্বিতীয় দিনের মতো কার্যক্রম স্থগিত রাখায় প্রায় দুই লাখ ৭০ হাজার যাত্রী আটকা পড়েছেন। জাকার্তা থেকে ১৫০ কিলোমিটার (৯০ মাইল) দূরে অবস্থিত আনাক ক্রাকাতাউ আগ্নেয়গিরিতে শুক্রবার গভীর রাতে অগ্ন্যুৎপাত শুরু হয়। এতে লাভার ফোয়ারা সৃষ্টি হয় এবং আগ্নেয় ছাই জাকার্তা ও লামপুং প্রদেশ পর্যন্ত ছড়িয়ে পড়ে। পুরো সপ্তাহান্তজুড়ে আগ্নেয়গিরিটি ভূকম্পনগতভাবে সক্রিয় ছিল। আগ্নেয় ছাই তাদের আশপাশের আকাশসীমায় শনাক্ত হওয়ার পর জাকার্তার সুকার্নো-হাত্তা আন্তর্জাতিক বিমানবন্দরসহ আরও তিনটি বিমানবন্দর সোমবার স্থানীয় সময় সন্ধ্যা ৬টা পর্যন্ত তাদের বন্ধ থাকার মেয়াদ বাড়িয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## সিকিমে ভূমিধসের ফলে আংশিকভাবে অবরুদ্ধ তিস্তা নদী - এখন পরিস্থিতি কেমন?

পশ্চিমবঙ্গের প্রতিবেশী রাজ্য সিকিমের মাঙ্গান জেলায় ভূমিধসের ফলে তিস্তা নদীর একটি অংশ অবরুদ্ধ হয়ে বাধের সৃষ্টি হয়েছে, যা সেখানে আকস্মিক বন্যার উদ্বেগ তৈরি করেছে। নদীর অববাহিকা সংলগ্ন অঞ্চলে ইতোমধ্যে সতর্কতা জারি করা হয়েছে। স্থানীয়রা জানিয়েছেন, শনিবার গভীর রাতে উত্তর সিকিমের নাগা বনাঞ্চল থেং টানেল সংলগ্ন এলাকায় ভূমিধস দেখা দেয়। চিয়াকুং নদীর উপর পাহাড়ের একটা বড় অংশ ধসে নদীতে পড়ে। এর ফলে আংশিকভাবে

অবরুদ্ধ হয়ে পড়ে চিয়াকুং এবং তিস্তা নদীর জলপ্রবাহ। পাহাড় থেকে নেমে আসা বিপুল পরিমাণ মাটি ও পাথর চিয়াকুং নদীতে জমা হয়ে ওই অংশে একটা বাঁধের মতো তৈরি হয়, যার পিছনের অংশে জল জমতে শুরু করে। দুর্যোগের কারণে তৈরি হওয়া এই বাঁধ ভেঙে গেলে জলরাশি আশপাশের অঞ্চলে ব্যাপক ক্ষতি করতে পারে বলে আশঙ্কা রয়েছে। এখনো পর্যন্ত কোনো হতাহতের খবর মেলেনি। প্রশাসনের তরফে জানানো হয়েছে, এখন তিস্তার প্রবাহ স্বাভাবিক রয়েছে। এই ঘটনা এমন সময় ঘটল যার কিছুদিন আগেই সিকিমের প্রতিবেশী নেপালে ভূমিধস ও আকস্মিক বন্যায় বহু হতাহত আর নিখোঁজের ঘটনা ঘটেছে। সেখানে মৃতের সংখ্যা ক্রমে বাড়ছে, এখনো কয়েক হাজার মানুষ নিখোঁজ। গত বছর উত্তরবঙ্গে ভারী বৃষ্টির কারণে বিপুল ক্ষয়ক্ষতি হয়েছিল। কোথাও জাতীয় সড়কে ভয়াবহ ধস দেখা দেয়, কোথাও আবার সেতু নদীগর্ভে তলিয়ে গিয়েছিল। ২০২৩ সালে সিকিমে আকস্মিক বন্যায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়।

**এখন কী পরিস্থিতি?**

প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, তিস্তার জলপ্রবাহ ধীরে হলেও স্বাভাবিক হতে শুরু করেছে। তিস্তার উপনদী চিয়াকুংয়ের জলও ক্ষীণ স্রোতে বইছে। তবে ধসের ফলে কাদা, মাটি বড় পাথর এসে জমে দুই নদীর উপর একটা প্রাকৃতিক বাঁধ তৈরি করেছে। দুর্যোগের ফলে তৈরি হওয়া এই বাঁধের পেছনে প্রচুর পরিমাণে জল জমে রয়েছে। ওই অঞ্চলে আবার ভূমিধস হলে বা ভারী বৃষ্টির কারণে তৈরি হওয়া এই বাঁধ ভেঙে গেলে প্রবল জলচ্ছ্বাসের সৃষ্টি করতে পারে। এর ফলে ব্যাপক ক্ষতির আশঙ্কা রয়েছে। তাছাড়া দুর্যোগের কারণে তৈরি হওয়া ওই বাঁধের পিছনে জমে থাকা জলের পরিমাণ এবং ধসের ফলে নদীর কতটা অংশ অবরুদ্ধ হয়েছে, তা এখনো স্পষ্ট নয়। এই বিষয়গুলো মাথায় রেখে মাঙ্গান ও চুংথাং প্রশাসন যৌথভাবে পরিস্থিতির উপর নজর রাখছে। চুংথাং থানা এবং থেং চেক পোস্ট থেকে পুলিশকর্মীদের ওই ঘটনাস্থলে মোতায়েন করা হয়েছে। প্রশাসনের তরফে জানানো হয়েছে, সঙ্কলং ও ফিদাং এলাকায় তিস্তার জলস্তর আপাতত স্বাভাবিক রয়েছে। সিকিমে ধসের কারণে একদিকে যেমন নদীর গতিপথ আংশিকভাবে অবরুদ্ধ হয়েছে তেমনই ধসের প্রভাব পড়েছে থেং টানেলের বিপরীতে নাগা বনাঞ্চল এলাকার নাগা–তোসা সড়কেও। নতুন কাটা পাহাড়ি রাস্তার একটা বড় অংশ ধসে ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে হতাহতের খবর নেই। এদিকে, উত্তরবঙ্গের কালিম্পং, জলপাইগুড়ি এবং কোচবিহার জেলায় তিস্তার বিস্তীর্ণ অববাহিকাজুড়ে জলস্তর ইতিমধ্যে বেড়েছে। স্থানীয়দের নিরাপত্তার কথা মাথায় রেখে সতর্কতা জারি করা হয়েছে। বাসুসুবা, গজলডোবা, বাগরাকোট-সহ তিস্তাসংলগ্ন বিভিন্ন এলাকায় মাইকিং করে স্থানীয় বাসিন্দাদের সতর্ক করা হচ্ছে। নদীর তীর এড়িয়ে চলতে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ঝুলন্ত সেতু ও নদী সংলগ্ন রাস্তা ব্যবহার না করার কথা বলা হয়েছে। উত্তরবঙ্গের বাসিন্দা গৌতম সাহা পেশায় গাড়ি চালক। বর্তমান পরিস্থিতি সম্পর্কে তিনি বলেছেন, ”মালবাজার অঞ্চলে হাই অ্যালার্ট জারি করা হয়েছে। সকাল থেকে প্রশাসনের তরফ থেকে নদী সংলগ্ন অঞ্চলে মাইকিং করা হচ্ছে।„ ”সিকিমে আগেও ভূমিধস হয়েছে তাই পর্যটকদের সাবধান করা হয়েছে। সিকিমের যেখানে ভূমিধস হয়েছে সেখানে আমি বহুবার গিয়েছি। এখনকার পরিস্থিতি ভয়াবহ না হলেও গতবছর বন্যায় উত্তরবঙ্গের ব্যাপক ক্ষতি হয়েছিল। ২০২৩ সালে সিকিমে ফ্ল্যাশফ্লাড দেখা দিয়েছিল।„ (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ আলী আহমেদ)

## আকস্মিক বন্যায় নিহতদের স্মরণে নেপালে জাতীয় শোক দিবস পালন

আকস্মিক বন্যায় নিহতদের স্মরণে সোমবার জাতীয় শোক দিবস পালন করছে নেপালিরা। হিন্দু ধর্মীয় রীতি অনুযায়ী, ১৩ দিনের শোক পর্বের শেষ দিনে নিহতদের স্মরণে দেশটির বিভিন্ন জায়গায় প্রদীপ জ্বালানো হয়। এ দিন নেপালে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে। তবে বন্যাকবলিত এলাকাগুলোতে এখনও তল্লাশি ও উদ্ধার অভিযান চলায় শোকের আনুষ্ঠানিকতা সীমিত রাখা হয়েছে। নেপাল-তিব্বত সীমান্তের কাছে হিমালয়ের একটি উপত্যকায় আকস্মিক বন্যায় একের পর এক গ্রাম ভেসে যাওয়ার পর এখন পর্যন্ত অন্তত এক হাজার ২৮৭ জনের মৃত্যুর তথ্য পাওয়া গেছে। ধারণা করা হচ্ছে, হিমবাহ ধসে এই বন্যার সৃষ্টি হয়েছিল। বন্যার প্রায় দুই সপ্তাহ পেরিয়ে গেলেও এখনও পাঁচ হাজারের বেশি মানুষ নিখোঁজ রয়েছেন। নেপালের ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টারের (এনইওসি) ফণীন্দ্র পৌডেল বার্তা সংস্থা রয়টার্সকে বলেছেন, বন্যাকবলিত এলাকাগুলোতে এখনো উদ্ধার অভিযান চলছে। তাই সরকারের পক্ষ থেকে আলাদা কোনো কর্মসূচির আয়োজন করা হবে না। এদিকে, সোমবার নেপালের প্রেসিডেন্ট রামচন্দ্র পৌডেল সোমবার বন্যায় ক্ষতিগ্রস্ত বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন। তার এক সহকারী রয়টার্সকে এ তথ্য জানিয়েছেন। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, শোকপর্বের শেষ দিন উপলক্ষ্যে সরকারি কার্যালয়ের পাশাপাশি বিদেশে নেপালের মিশনগুলোতেও জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৯.২০২৬ নারগীস)

## যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধে জ্বালানি রপ্তানি ও বাণিজ্য ’জিম্মি’ হতে দেবে না ইউএই

সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্টের উপদেষ্টা আনোয়ার গারগাশ বলেছেন, যুক্তরাষ্ট্র ও ইরানের চলমান যুদ্ধের কারণে তাদের জ্বালানি রপ্তানি ও বাণিজ্য যেন ’জিম্মি’ হয়ে না পড়ে, সেজন্য তারা বিকল্প পথ তৈরি করছে। বার্তা সংস্থা

রয়টার্সের তথ্য অনুযায়ী, আবুধাবিতে একটি ফোরামে তিনি বলেন, ''আমাদের জ্বালানি রপ্তানি, বাণিজ্য ও অর্থনৈতিক কার্যক্রম জিম্মি হয়ে থাকতে পারে না।„ বক্তব্যে ইরানের সঙ্গে ইউএই'র সম্পর্ক পুনরুদ্ধারের সম্ভাবনাকে উড়িয়ে দেননি তিনি। তবে তিনি বলেন, ইরানের হামলার পর দুই দেশের মধ্যে আস্থা পুনরুদ্ধার করতে কয়েক দশক সময় লাগতে পারে। ইরান ইস্যুতে উপসাগরীয় আরব দেশগুলো যৌথ প্রতিক্রিয়া দেখাতে ব্যর্থ হয়েছে বলেও সমালোচনা করেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৯.২০২৬ নারগীস)

## রেডিও তেহরান

### পাকিস্তান ও ৭টি মুসলিম দেশ গাজা থেকে ফিলিস্তিনিদের বহিষ্কারের নিন্দা জানিয়েছে

সৌদি আরব, তুরস্ক, মিসর, ইন্দোনেশিয়া, জর্ডান, কাতার ও সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে যৌথভাবে গাজা উপত্যকা থেকে ফিলিস্তিনিদের জোরপূর্বক বহিষ্কারের বিষয়ে উত্থাপিত বক্তব্য ও পরিকল্পনার তীব্র নিন্দা জানিয়েছে পাকিস্তান। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশিত আট দেশের পররাষ্ট্রমন্ত্রীদের যৌথ বিবৃতিতে বলা হয়েছে, ফিলিস্তিনিদের নিজ ভূমি থেকে জোরপূর্বক বিতাড়নের যেকোনো প্রচেষ্টা আন্তর্জাতিক আইন ও আন্তর্জাতিক মানবিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন। একই সঙ্গে এটি ফিলিস্তিনি জনগণের বৈধ ও অবিচ্ছেদ্য অধিকারের ওপর সরাসরি হুমকি। দেশগুলো ফিলিস্তিনিদের নিজ ভূমি থেকে বহিষ্কারের যেকোনো পরিকল্পনা বা প্রচেষ্টা প্রত্যাখ্যান করে সতর্ক করেছে, এ ধরনের বক্তব্য যদি সরকারি নীতি বা বাস্তব পদক্ষেপে পরিণত হয়, তাহলে তা আঞ্চলিক স্থিতিশীলতার ওপর গুরুতর প্রভাব ফেলতে পারে এবং গাজায় শান্তি প্রতিষ্ঠার আন্তর্জাতিক প্রচেষ্টাকে ঝুঁকির মুখে ফেলতে পারে। বিবৃতিতে আরও বলা হয়েছে, গাজা ফিলিস্তিনি ভূখণ্ডের একটি অবিচ্ছেদ্য ও অবিভাজ্য অংশ। দেশগুলো আন্তর্জাতিক সম্প্রদায়, বিশেষ করে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রতি আহ্বান জানিয়েছে-অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ডের ভৌগোলিক ও জনসংখ্যাগত কাঠামো পরিবর্তনের যেকোনো প্রচেষ্টা এবং নতুন বসতি স্থাপনের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে এবং আন্তর্জাতিক আইন মেনে চলা নিশ্চিত করতে হবে। পাকিস্তান ও সাতটি মুসলিম দেশের এই যৌথ অবস্থান এমন সময়ে এসেছে, যখন গাজার ভবিষ্যৎ এবং ফিলিস্তিনিদের স্থানান্তরসংক্রান্ত বিভিন্ন পরিকল্পনা আঞ্চলিক পরিস্থিতির অন্যতম প্রধান আলোচ্য বিষয় হয়ে উঠেছে। পাকিস্তান এই অবস্থানের মাধ্যমে আবারও ফিলিস্তিনি জনগণের অধিকারের প্রতি সমর্থন এবং যেকোনো ধরনের জোরপূর্বক বাস্তুচ্যুতির বিরোধিতা পুনর্ব্যক্ত করেছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৮.০৯.২০২৬ নারগীস)

## এনএইচকে

### পাল্টা হামলায় মার্কিন যুদ্ধজাহাজে হামলা চালিয়েছে ইরান

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস বা আইআরজিসি জানিয়েছে , ইরানি তেল ট্যাংকারের উপর মার্কিন হামলা এবং দেশটির উপর আরোপিত নৌ অবরোধের জবাবে তারা মার্কিন যুদ্ধজাহাজ লক্ষ্য করে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। আইআরজিসি রবিবা র তাসনিম নিউজ এজেন্সির মাধ্যমে এই ঘোষণা দিয়েছে। আইআরজিসি বলেছে , তাদের বাহিনী হরমুজ প্রণালির একটি অননুমোদিত পথ দিয়ে চলাচলকারী তিনটি তেল ট্যাংকার এবং অন্য এলাকায় মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে সংশ্লিষ্ট আরও তিনটি জাহাজকেও লক্ষ্যবস্তু করেছে। মার্কিন কেন্দ্রীয় কমান্ড সেন্টকম শনিবার ঘোষণা করেছে যে, তাদের বাহিনী খার্গ দ্বীপের উপকূলে এবং ওমান উপসাগরে ইরানের তিনটি অপরিশোধিত তেলবাহী জাহাজ লক্ষ্য করে হামলা চালিয়েছে। উল্লেখ্য , এই দ্বীপটি ইরানের বৃহত্তম তেল পরিবহন কেন্দ্র। সেন্টকম জানিয়েছে , দুটি মার্কিন নৌবাহিনীর যুদ্ধজাহাজ লক্ষ্য করে ইরান ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করার পর তাদের বাহিনী এই হামলা চালিয়েছে। সেন্টকম প্রকাশিত একটি ভিডিওতে , আকাশপথ থেকে চালানো হামলার পর ট্যাংকারগুলো থেকে জ্বলন্ত আগুন ও ধোঁয়া উঠতে দেখা যায়।(জাগো নিউজ ওয়েব পেজঃ ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### সারের সংকট; চাষিদের সড়ক অবরোধ, বিক্ষোভ, গুদাম লুট

রাজশাহীর পুঠিয়া উপজেলায় সার কম দেওয়ার অভিযোগে চাষিরা সড়ক অবরোধ করেছেন। কুড়িগ্রামে সার বিতরণে দেরি হওয়ায় এক ডিলারের গুদামের বেড়া ও দরজা ভেঙে সার নিয়ে গেছেন বিক্ষুব্ধ কৃষকেরা। আজ সোমবার সকালে রাজশাহীর পুঠিয়া উপজেলায় বন্দবেড় বাজারের মেসার্স মিতা হাসান এন্টারপ্রাইজের গুদামে সার দিতে দেরি হওয়ায় চাষিরা সড়ক অবরোধ করেন। কয়েকজন চাষি ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন , এক মাস পর তারা আজ সকালে সার নিতে যান। তাদের মাত্র ১০ কেজি করে ডিএপি সার দেওয়া হচ্ছে। এ সারে তাদের কিছুই হবে না। এ কারণে তারা সড়ক অবরোধ করেন। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও), উপজেলা কৃষি কর্মকর্তা ও পুলিশ তাদের বুঝিয়ে অবরোধ প্রত্যাহার করে নেন। উপজেলা কৃষি কার্যালয় সূত্রে জানা গেছে , উপজেলার বিএডিসির সার ডিলার `মেসার্স ইব্রাহিম আলী' আজ সার উত্তোলন করেন। পরে কৃষি কার্যালয় থেকে সংশ্লিষ্ট কর্মকর্তা এসে অ্যারাইভাল রিপোর্ট (আগমনী বার্তা) তৈরি করেন। পরে কৃষকদের মধ্যে সার বিতরণ করার কথা।

**বিতরণে দেরি হওয়ায় গুদাম লুট**

কুড়িগ্রামের রৌমারী উপজেলার বন্দবেড় ইউনিয়নে সার বিতরণে দেরি হওয়ায় এক ডি লারের গুদামের বেড়া ও দরজা ভেঙে বিক্ষুব্ধ কৃষকেরা সার নিয়ে যান। আজ সোমবার সকালে বন্দবেড় বাজারের মেসার্স মিতা হাসান এন্টারপ্রাইজের গুদামে এ ঘটনা ঘটে। ডিলারের দাবি, গুদাম থেকে এক- দেড় শ বস্তা ইউরিয়া সার নেওয়া হয়েছে। তবে সার নেওয়ার অভিযোগ অস্বীকার করেছেন রৌমারী উপজেলা কৃষি কর্মকর্তা মাহবুবুল আলম বসুনিয়া। তিনি বলেন, ”সার লুট হয়ে যাওয়ার ভিডিওটি ভুয়া। বন্দবেড় ইউনিয়নে এমন কোনো ঘটনা ঘটেনি। রৌমারী উপজেলায় ৪২ হাজার কৃষক আছেন এবং তারা সবাই সঠিকভাবে সার পাচ্ছেন।„ একই দিন ভূরুঙ্গামারীতে চাহিদামতো সার না পাওয়ার অভিযোগে সড়ক অবরোধ করেছেন কৃষকেরা। এ সময় উপজেলা কৃষি কর্মকর্তাকে কিছুক্ষণ অবরুদ্ধ করে রাখেন তারা। স্থানীয় একাধিক কৃষক বলেন , আজ বন্দবেড় বাজারে সার বিতরণের কথা ছিল। কৃষকেরা রাত দুইটা থেকে গুদামের সামনে এসে লাইনে দাঁড়াতে শুরু করেন। কিন্তু সকাল হলেও সার বিতরণ শুরু না হওয়ায় তাদের মধ্যে ক্ষোভ দেখা দেয়। সকাল ৯টা থেকে ১০টার দিকে একপর্যায়ে কয়েকজন কৃষক গুদামের টিনের বেড়া ও দরজা ভেঙে ভেতরে ঢুকে সার নিয়ে যান। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায় , কয়েকজন কৃষক গুদামের বেড়া ও দরজা ভেঙে সার বের করছেন। কেউ মাথায় করে , আবার কেউ ভ্যানে করে বস্তা নিয়ে যাচ্ছেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে নিয়ে যাওয়া সার ফেরত পাওয়া যায়নি।

**কৃষি কর্মকর্তা অবরুদ্ধ**

আজ সকালে ভূরুঙ্গামারী উপজেলার সোনাহাট এলাকায় সার বিতরণ শুরু হলে চাহিদামতো সার না পাওয়ার অভিযোগ করেন কৃষকে রা। একপর্যায়ে তারা সড়কে আগুন জ্বালিয়ে অবরোধ করেন। খবর পেয়ে উপজেলা কৃষি কর্মকর্তা ঘটনাস্থলে গেলে ক্ষুব্ধ কৃষকেরা তাকে অবরুদ্ধ করেন। পরে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে। ভূরুঙ্গামারী থানার ওসি আজিম উদ্দিন বলেন, উপজেলার কোনো না কোনো ইউনিয়নে প্রতিদিন সার নিয়ে কৃষকে রা বিক্ষোভ করছেন। কোথাও কোথাও সড়ক অবরোধও করছেন তাঁরা। এসব পরিস্থিতি সামাল দিতে পুলিশকে প্রতিদিনই যেতে হচ্ছে। ওসি বলেন , কৃষি বিভাগে কী পরিমাণ সার মজুত আছে এবং কৃষকদের চাহিদা কত , তা পরিষ্কারভাবে জানানো হলে এ ধরনের সমস্যা কমত। কৃষি বিভাগ পর্যাপ্ত সার থাকার কথা বলছে, অথচ কৃষকেরা সার না পেয়ে সড়ক অবরোধ করছেন। এতে পুলিশের অন্য কাজ ব্যাহত হচ্ছে। জেলায় পর্যাপ্ত সার আছে বলে দাবি করেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক আবদুল্লাহ আল মামুন। আগাম ভুট্টা ও বেগুন চাষের জন্য কৃষকেরা বাড়তি সার মজুত করায় কোথাও কোথাও সাময়িক সংকট তৈরি হচ্ছে বলে মনে করেন তিনি। সমন্বয়ের মাধ্যমে সার বিতরণের চেষ্টা করা হচ্ছে। এর আগে গতকাল রোববার সার দিতে দেরি হওয়ার অভিযোগ তুলে নাগেশ্বরী উপজেলার কচাকাটা বাজারে এক পরিবেশকের গুদামে ভাঙচুর করেন ক্ষুব্ধ কৃষকেরা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রবি)

## বাংলাদেশের দিনাজপুরে অর্ধশতাধিক নারী-পুরুষকে `পুশ-ইনের, চেষ্টা

দিনাজপুরের বিরামপুর উপজেলার দাউদপুর সীমান্ত দিয়ে ৬০ থেকে ৭০ জন নারী-পুরুষকে বাংলাদেশে পাঠানোর চেষ্টা করেছে বিএসএফ। তবে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও স্থানীয় গ্রামবাসীর বাধায় তা প্রতিহত হয়েছে। গতকাল রোববার রাত ১০টার দিকে জয়পুরহাট ব্যাটালিয়নের (বিজিবি ২০) আওতাধীন দাউদপুর সীমান্তে এ ঘটনা ঘটে বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। স্থানীয় সূত্রে জানা গেছে , সীমান্তের ২৮৯/৫১এস ও ২৮৯/৫৬এস সীমানা পিলার থেকে ২০-৩০ গজ দূরে ভারতের ভেতরে নিচা গোবিন্দপুর এলাকায় ওই নারী -পুরুষেরা বিচ্ছিন্নভাবে অবস্থান করছেন। দক্ষিণ দাউদপুর গ্রামের বাসিন্দা ও স্থানীয় ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য মইনুল ইসলাম প্রথম আলোকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন , ”কয়েকজন নারী -পুরুষকে দাউদপুর সীমান্ত দিয়ে বাংলাদেশে ঠেলে পাঠানোর (`পুশ-ইন,) চেষ্টা করে বিএসএফ। বিষয়টি জানতে পেরে গ্রামবাসীর সহযোগিতায় বিজিবি তা প্রতিহত করে। এর পর থেকে সীমান্তে বিজিবি , গ্রাম পুলিশ, আনসার সদস্য ও গ্রামবাসী সতর্ক অবস্থানে আছেন।„ বিজিবির প্রচেষ্টায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ একজনকেও বাংলাদেশে পাঠাতে পারেনি বলে জানান দাউদপুর বিজিবি বিওপি ক্যাম্পের কমান্ডার নায়েক সুবেদার মাহাবুবুর রহমান। গ্রামবাসীও বিজিবিকে সহযোগিতা করেছেন। তাদের বাধার মুখে ভারত থেকে বাংলাদেশের দিকে আসা লোকজন আর এগোতে পারেনি।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রবি)

## লেবাননে ইসরায়েলের হামলায় ১১ জন নিহত

লেবাননের দক্ষিণাঞ্চলীয় শহর কাফার রুম্মানে ইসরায়েলের হামলায় শিশু ও চিকিৎসা কর্মীসহ অন্তত ১১ জন নিহত হয়েছে । লেবাননের রাষ্ট্রীয় বার্তা সংস্থা এ খবর জানিয়েছে। ন্যাশনাল নিউজ এজেন্সি জানায়, রোববার মধ্যরাতের পর ইসরায়েলের যুদ্ধবিমান কাফার রুম্মান শহরের একটি আবাসিক ভবনে আঘাত হানলে শিশুসহ নয়জন নিহত এবং পাঁচজন আহত হয় । ইসরায়েলের ড্রোন শহরের একটি গাড়িতে হামলা চালালে গাড়ির ভেতরে থাকা দু-জন চিকিৎসাকর্মী মারা যান । লেবাননের সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, এ হামলার আগে ইসরায়েলের সেনাবাহিনী

শহরবাসীকে নিরাপদ স্থানে সরে যাওয়ার আহ্বান জানায়নি। গত ২ মার্চ, অর্থাৎ ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা শুরুর দু-দিন পর ইসরায়েলের দিকে রকেট ছুঁড়তে শুরু করে হিজবুল্লাহ। তারপর থেকে লেবাননে ইসরায়েলের হামলা চলছে। হামলায় এ পর্যন্ত চার হাজার ৩০০-এরও বেশি মানুষ নিহত হয়েছেন। ইসরায়েলের সেনাবাহিনী এবং লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর মধ্যে সংঘাত বন্ধের লক্ষ্যে গত জুন মাসে একটি যুদ্ধবিরতি চুক্তি হয়। তা সত্ত্বেও ইসরায়েল সাম্প্রতিক সময়ে লেবাননের দক্ষিণাঞ্চলে বোমাবর্ষণ জোরদার করেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রবি)

## অ্যামাজনের কার্গো প্লেনে দুর্ঘটনা, মিয়ামি মৃত অন্তত পাঁচ

মিয়ামি আন্তর্জাতিক বিমানবন্দরে দুর্ঘটনা। রানওয়ে থেকে ছিটকে পড়ল অ্যামাজনের কার্গো বিমান। এই ঘটনায় এখনো পর্যন্ত পাঁচজনের মৃত্যু হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। স্থানীয় আধিকারিকরা জানিয়েছেন, পাঁচজনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্য দু-জন অপেক্ষাকৃত কম আহত অবস্থায় হাসপাতালে ভর্তি। মিয়ামি-ডেইড কাউন্টির পক্ষ থেকে একটি সাংবাদিক সম্মেলনে জানানো হয় , বেলা ২টার সময় পুয়ের্তো রিকোর সান হুয়ান থেকে আসা এই বিমানটি রানওয়ে থেকে বেড়িয়ে যাওয়ায় এই ঘটনাটি ঘটে। তারা বলেন , "এই মুহূর্তে আমাদের প্রাথমিক লক্ষ্য যারা ঘটনায় আহত হয়েছেন তাদের সাহায্য করা। আমরা আমাদের তরফ থেকে সমস্তরকম সাহায্য করছি।„ এই সাংবাদিক সম্মেলনে জানানো হয়েছে , দুর্ঘটনাটির পরেই প্লেনটি থেকে কালো ধোঁয়া উড়তে থাকে। পাইলট, কো-পাইলট এবং অন্যান্যরা আটকা পরে যান। আগুন লাগলেও সার্বিকভাবে বিমানটির তেমন কোনো ক্ষতি হয়নি বলেই জানানো হয়েছে। ঘটনাটির তদন্ত শুরু হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রবি)

## যুক্তরাজ্যে অভিবাসন-বিরোধী বিক্ষোভ, সরকারের নিন্দা

ফ্রান্স থেকে অভিবাসনপ্রত্যাশীদের আগমন ঠেকানোর দাবিতে যুক্তরাজ্যে দুই দিনে দুটি বিক্ষোভ হয়। রাস্তা বন্ধ করে বিক্ষোভ জানানোয় এর নিন্দা জানিয়েছে সরকার। বিক্ষোভকারীদের আচরণকে `গুণ্ডামির, সঙ্গে তুলনা করে সমালোচনার মুখে পড়েছেন এক মন্ত্রী। গতকাল রোববার রাতে ইংল্যান্ডের উপকূলীয় শহর পোর্টসমাউথের রাস্তা অবরোধ করে বিক্ষোভ করে কয়েকশ মানুষ। এর তীব্র নিন্দা জানিয়ে মন্ত্রী এমা রেনল্ডস বলেন, বিক্ষোভকারীদের আচরণ `গুণ্ডাসুলভ'। এর আগে, শনিবার ডোভার বন্দরেও একদল মুখোশধারী যান চলাচল ব্যাহত করে বিক্ষোভ করে। বিক্ষোভকারীরা সেখানে "নৌকা চলাচল বন্ধ করো„ স্লোগান দেন। তাদের এমন বিক্ষোভ এবং স্লোগানের মূল লক্ষ্য ছিল আশ্রয়প্রার্থীদের নিয়ে ইংলিশ চ্যানেল পাড়ি দিয়ে আসা নৌযান।

### মুখোশ পরে বিক্ষোভ

শনিবারের বিক্ষোভে কয়েকশ মানুষ অংশ নেয়। বিক্ষোভকারীদের অনেকের মুখে ছিল মুখোশ। সড়ক অবরোধ করে বিক্ষোভ করায় ফ্রান্স ও যুক্তরাজ্যের মধ্যে ফেরি চলাচল বন্ধ হয়ে যায়, ডোভার শহরে সৃষ্টি হয় প্রায় চার মাইল (৬.৪ কিলোমিটার) দীর্ঘ যানজট। এমন বিক্ষোভের নিন্দা জানিয়েছে প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহ্যামের লেবার পার্টি সরকার। এক বিবৃতিতে বলা হয়, "শান্তিপূর্ণ বিক্ষোভের অধিকার আমাদের গণতন্ত্রের একটি মৌলিক বিষয়। তবে ডোভারে যা ঘটেছে, যার ফলে যাতায়াত ব্যবস্থাতেও বিঘ্ন ঘটেছে, আমরা তার নিন্দা জানাই।„

### বিক্ষোভ নিয়ন্ত্রণে অতিরিক্ত পুলিশ

একদিন পর নৌপথে অভিবাসনপ্রত্যাশীদের আগমন ঠেকাতে আরেকটি বিক্ষোভ হয় পোর্টসমাউথে। সেই বিক্ষোভ সম্পর্কে স্কাই নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রেজারির চিফ সেক্রেটারি এমা রেনল্ডস বলেন, "বিক্ষোভের এই মাত্রা সম্ভবত আগে দেখা যায়নি, তবে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে।„ ব্রিটেনে প্রায়ই অভিবাসনপ্রত্যাশী বোঝাই নৌকা ঢুকে পড়ে। এমন আশ্রয়প্রার্থীর আগমন নিয়ন্ত্রণে ব্যর্থতার কারণে লেবার পার্টির সরকার এখন বিরোধী দল ও অভিবাসন-বিরোধীদের তোপের মুখে। তবে এমা রেনল্ডস জানান, ১ জানুয়ারি থেকে গতা ১ সেপ্টেম্বর পর্যন্ত আগত অভিবাসনপ্রত্যাশীর সংখ্যা কমেছে। তিনি জানান, এ সংখ্যা ১৭ হাজারে নেমে এসেছে, যা গত বছরের একই সময়ের তুলনায় ৪৩ শতাংশ কম। দুই দিনের ব্যবধানে দুটি বিক্ষোভ হয়েছে মূলত ইংলিশ চ্যানেল দিয়ে ১৪০ জন অভিবাসনপ্রত্যাশী আসায়। সিগনাল এবং টেলিগ্রামের মতো মেসেজিং অ্যাপ ব্যবহার করে কিছু কট্টর ডানপন্থি গোষ্ঠী এর বিরুদ্ধে বিক্ষোভের আহ্বান জানায়। তাতে সাড়া দেয় অনেকে। তাদের সমালোচনা করে এমা রেনল্ডস বলেন, "এমন আচরণ গুণ্ডাসুলব ও ভীতিপ্রদ।„ তিনি মনে করেন, এত অল্প সময়ে এমন সংগঠিত বিক্ষোভ `উদ্বেগজনক'। পোর্টসমাউথ পুলিশ ও অপরাধ বিষয়ক কমিশনার ডোনা জোন্স জানান, বিক্ষোভ শান্তিপূর্ণ হলেও বিপুল লোক-সমাগমের কারণে কাছের অন্যান্য এলাকা থেকে অতিরিক্ত পুলিশ সদস্য আনতে হয়েছিল।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রবি)

## দিল্লিতে বাড়ি ভেঙে মৃতের সংখ্যা বেড়ে ছয়

রোববার দিল্লি বিশ্ববিদ্যালয়ের সাউথ ক্যাম্পাসের কাছে সত্য নিকেতনে এই ঘটনা ঘটেছে। প্রবল বৃষ্টির মধ্যে একটি বাড়ি ভেঙে পড়ে। সেখানে প্রচুর ছাত্র পেইং গেস্ট হিসেবে বসবাস করে। ঘটনায় বেশ কিছু ছাত্র ভাঙা বাড়িতে আটকে

পড়ে। পুলিশ এবং বিশেষ উদ্ধারকারী দল উদ্ধারকাজে নামে। পুলিশ জানিয়েছে, এখনো পর্যন্ত ছয়জনের মৃত্যু হয়েছে। আহত অবস্থায় বেশ কিছু ছাত্রকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। সারা রাত উদ্ধারকাজ চালানোর পর পুলিশ জানিয়েছে, এখনো পর্যন্ত ১১ জনকে উদ্ধার করা সম্ভব হয়েছে। আশঙ্কা , এখনো ৩০ থেকে ৫০ জন ছাত্র ভাঙা বাড়ির ভিতরে আটকে আছে। কীভাবে বাড়িটি ভেঙে পড়লো , তা নিয়ে তদন্ত শুরু হয়েছে। ওই বাড়িটিকে আগেই বিপজ্জনক বলে ঘোষণা করা হয়েছিল বলে পুলিশ সূত্র জানিয়েছে। তবে সরকারিভাবে এখনো এবিষয়ে কিছু বলা হয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রনি)

## জাগো নিউজ

### রোহিঙ্গা সংকট বাংলাদেশের অন্যতম বড়ো সংকট: প্রধানমন্ত্রী

রোহিঙ্গা সংকট বাংলাদেশের অন্যতম বড়ো সংকট বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জাপান সরকারের মিয়ানমারবিষয়ক বিশেষ দূত ও নিপ্পন ফাউন্ডেশনের চেয়ারম্যান ইয়োহেই সাসাকাওয়ার সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। সোমবার (৭ সেপ্টেম্বর) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে আসেন ইয়োহেই সাসাকাওয়া। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এসব তথ্য জানান। বৈঠকে জাপান সরকারের বিশেষ দূত বলেন , প্রায় ৫০ বছর ধরে তিনি বিশ্বের বিভিন্ন অঞ্চলে শান্তি প্রতিষ্ঠা ও বৈষম্য নিরসনে কাজ করছেন। মিয়ানমারে বিষয়ে জাপান সরকারের বিশেষ দূত হিসেবে তার ভূমিকার কথাও তিনি প্রধানমন্ত্রীকে জানান। রোহিঙ্গা সংকট বাংলাদেশের ওপর বড়ো ধরনের চা প সৃষ্টি করেছে উল্লেখ করে জাপানের বিশেষ দূত বলেন , এ পরিস্থিতি সম্পর্কে তিনি অবগত। রোহিঙ্গাদের সহায়তায় জাপান সরকারের বিভিন্ন অনুদান ও মানবিক সহযোগিতার কথাও তুলে ধরেন তিনি। প্রধানমন্ত্রী তারেক রহমান সাসাকাওয়াকে বাংলাদেশ সফরের জন্য ধন্যবাদ জানান এবং তার দী র্ঘদিনের মানবিক কর্মকাণ্ডের প্রশংসা করেন। তিনি বলেন , রোহিঙ্গা সংকট বাংলাদেশের অন্যতম বড়ো সংকট। এ সংকট মোকাবিলায় বাংলাদেশের পাশে থাকার জন্য জাপান সরকারকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। তারেক রহমান বলেন , বাংলাদেশ এমনিতেই একটি জনবহুল দেশ। দীর্ঘসময় ধরে বিপুলসং খ্যক রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ার কারণে দেশের অর্থনীতি, অবকাঠামো ও সামগ্রিক ব্যবস্থাপনার ওপর বাড়তি চাপ তৈরি হয়েছে। রোহিঙ্গাদের নিজ দেশে নিরাপদ , স্বেচ্ছামূলক ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করতে নিজের অবস্থান থেকে ভূমিকা রাখার জন্য জাপানের বিশেষ দূতের প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন , প্রত্যাবাসনের পর মিয়ানমারে রোহিঙ্গাদের পুনর্বাসনের ক্ষেত্রেও প্রয়োজনীয় সহযোগিতা দিতে বাংলাদেশ প্রস্তুত। এ সময় বিশেষ দূত বলেন , রোহিঙ্গা সংকট নিয়ে তার সঙ্গে মিয়ানমারের প্রেসিডেন্টের আলোচনা হয়েছে। মিয়ানমার সরকা র এই সংকটের সমাধানে আন্তরিক বলে তিনি মনে করেন। তবে তিনি উল্লেখ করেন , রাখাইন প্রদেশের বর্তমান জটিল পরিস্থিতির কারণে রোহিঙ্গা প্রত্যাবাসন অগ্রগতিতে সময় লাগছে। প্রধানমন্ত্রী বলেন , রোহিঙ্গাদের নিজ দেশে প্রত্যাবাসনের ক্ষেত্রে বাংলাদেশ সব ধরনের সহযোগিতা করতে আগ্রহী। কারণ, নিজ দেশে ফিরে গেলে রোহিঙ্গাদের শিক্ষা , স্বাস্থ্যসহ বিভিন্ন ক্ষেত্রে জীবনযাত্রার মানোন্নয়নের সুযোগ সৃষ্টি হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

### বড়পুকুরিয়ার কয়লায় নতুন বিদ্যুৎকেন্দ্র নির্মাণের নির্দেশ প্রধানমন্ত্রীর

বড়পুকুরিয়ার দেশীয় কয়লা ব্যবহার করে ৬০০ মেগাওয়াটের একটি নতুন বিদ্যুৎকেন্দ্র স্থাপন করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। সোমবার (৭ সেপ্টেম্বর) জাতীয় সংসদে ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে ৬৮ বিধির আলোচনায় অংশ নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ এই তথ্য জানান। দেশে তীব্র জ্বালানি ও গ্যাস সংকটের জন্য বিগত আওয়ামী লীগ সরকারের আত্মঘাতী নীতি , অদূরদর্শিতা এবং দলীয় ব্যবসায়ী বন্ধুদের স্বার্থরক্ষা করাকে দায়ী করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ। তিনি বলেছেন , আওয়ামী লীগ সরকার তাদের অনুগত টাইকুনদের লালন-পালন করতে গিয়ে বিদেশনির্ভর জ্বালানি নীতি গ্রহণ করেছিল এবং কোনো প্রকার দেশীয় অনুসন্ধানে নজর দেয়নি। বিএনপি নেতৃত্বাধীন সরকার দায়িত্ব গ্রহণের পরই এই ভঙ্গুর অবস্থা থেকে বেরিয়ে আসতে স্বল্প ও দীর্ঘমেয়াদি নানা উদ্যোগ নিয়েছে। জাতীয় সংসদে দেওয়া বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী স্প ষ্টভাবে তুলে ধরেন যে , দেশে বর্তমানে যে বিদ্যুৎ ও জ্বালানি সংকট দৃশ্যমান , তা পূর্ববর্তী সরকারের রেখে যাওয়া অর্থনৈতিক ও প্রাতিষ্ঠানিক অব্যবস্থাপনারই ফল। সংসদে বিরোধী দলের পক্ষ থেকে উত্থাপিত পরামর্শমূলক বক্তব্যের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বিগত সময়গুলোর নানা বৈ শ্বিক ও অভ্যন্তরীণ প্রেক্ষাপট তুলে ধরেন। তিনি বলেন , নতুন সরকার দায়িত্ব নেওয়ার পরপরই আন্তর্জাতিক পরিসরে গালফ ওয়ারের মতো সংকট দেখা দেয় , যার কারণে বিশ্বজুড়ে জ্বালানির দামে বড়ো ধরনের অস্থিরতা তৈরি হয়। তা সত্ত্বেও দেশের কৃষকদের স্বার্থ বিবেচনা করে বোরো মৌসুমে সেচ কাজ নিরবচ্ছিন্ন রাখতে গত ১৪ এপ্রিল পর্যন্ত জ্বালানি তেলের এক পয়সাও দাম বাড়ানো হয়নি। পরবর্তীতে সীমান্ত এলাকায় পাচার রোধ এবং আন্তর্জাতিক বাজার পরিস্থিতি সামাল দিতেই তেলের দাম সহনীয় মাত্রায় পুনর্নির্ধারণ করতে বাধ্য হতে হয়েছে। সরকার নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সা মগ্রীর ওপর বাড়তি কোনো কর না চাপিয়ে সাধারণ মানুষের ওপর আর্থিক চাপ

কমানোর নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে। দেশের এলএনজি ঘাটতি মেটাতে ও বিদ্যুৎ উৎপাদন সচল রাখতে সরকারের সুনির্দিষ্ট রূপরেখা বা পরিকল্পনার কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি উল্লেখ করেন , সমুদ্রে ফ্লো টিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিট বা এফএসআরইউ স্থাপন করা সময়সাপেক্ষ বিষয় হলেও বর্তমান সরকার দ্রুত পদক্ষেপে বিশ্বাসী। মাতাবাড়িতে চীন সরকারের সঙ্গে `জি টু জি , চুক্তির অধীনে তৃতীয় এফএসআরইউ ১৮ মাসের মধ্যে বাস্তবায়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে সরকার মাতারবাড়িতে একটি ল্যান্ড বেজড বা ভূমিনির্ভর এলএনজি টার্মিনাল নির্মাণের চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে। এই প্রকল্পগুলো থেকে নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহের জন্য প্রয়োজনীয় শত কিলোমিটারের এডভান্সড পাইপলাইন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সে লক্ষ্যে আ ন্তর্জাতিক দরপত্র আহ্বানের প্রক্রিয়া চলছে। কয়লাভিত্তিক বিদ্যুৎ এবং অভ্যন্তরীণ সম্পদ ব্যবহারের বিষয় তুলে ধরে সালাউদ্দিন আহমদ বলেন, দেশীয় কয়লার সঠিক ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ ঘাটতি পূরণে বড় পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। বড়পুকুরিয়ার দেশীয় কয়লা ব্যবহার করে ৬০০ মেগাওয়াটের একটি নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। একই সঙ্গে বিদ্যমান চলমান কেন্দ্রগুলোর সক্ষমতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় সংস্কার কাজ চলছে। বৈশ্বিক আর্থিক সীমাবদ্ধতা ও আন্তর্জাতিক অর্থায়ন বন্ধের বিধিনিষেধ সত্ত্বেও ২০২১ সালের আগের চুক্তির আওতায় পায়রা দ্বিতীয় পর্যায়ের ১ হাজার ৩২০ মেগাওয়াটের কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের কাজ দ্রুত শুরু করার বিষয়ে তাদের সাথে সরকারের ফলপ্রসূ আলোচনা চলছে। যদি সঞ্চালন ও গ্রিড লাইনের অভাব তৈরি হয়, তবে সরকার নিজস্ব জিওবি তহবিল থেকে অর্থায়ন করে সেই গ্রিড লাইন বানিয়ে দেবে। জ্বালানির উৎস বহুমুখীকরণের অংশ হিসেবে দেশীয় গ্যাস অনুসন্ধান ও এলপিজি ব্যবহারের বিষয়ে সরকারের পদক্ষেপের কথা জানান সালাউদ্দিন আহমদ। তিনি বলেন , দীর্ঘদিন ধরে দেশীয় অনশোর এবং অফশোর কোনো গ্যাস কূপ অনুসন্ধান করা হয়নি। বর্তমান সরকার দায়িত্ব নিয়েই অফ শোর ও অনশোর সব জায়গায় কূপ খনন এবং অনুসন্ধান জোরদার করেছে। এরই মধ্যেই ভোলাতে গ্যাস উত্তোলনের উদ্যোগ সচল করা হয়েছে এবং সেখানে প্রাপ্ত গ্যাসকে কেন্দ্র করে ফার্টিলাইজার ইন্ডাস্ট্রি ও নতুন বিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা চলছে। এর পাশাপাশি দেশে এলপিজির চাহিদা মেটাতে মাতারবাড়িতে একটি সুবিশাল এলপিজি টার্মিনাল ও স্টোরেজ অবকাঠামো নির্মাণের নির্দেশ দেওয়া হয়েছে। বিরোধী দলের প্রস্তাবিত সময়সীমার প্রসঙ্গ টেনে স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, একটি সরকার যখন ভঙ্গুর আর্থিক ও জ্বালানি ব্যবস্থা উত্তরাধিকারসূত্রে পায় , তখন সব ব্যবস্থা রাতারাতি পরিবর্তন করা কঠিন হলেও প্রধানমন্ত্রী মাত্র ছয় মাসের মধ্যে দৃশ্যমান পরিবর্তনের যে মহাপরিকল্পনা বা `আই হ্যাভ প্ল্যান , নীতি গ্রহণ করেছেন , তা এরই মধ্যে কার্যকর হতে শুরু করেছে। সরকারের মূল লক্ষ্য কেবল গ্যাসের ওপর একক নির্ভরতা কমিয়ে কয়লা , বাতাস, সৌর ও অন্যান্য নবায়নযোগ্য জ্বালানির সমন্বয়ে একটি দুর্যোগ সহনশীল ও টেকসই জ্বালানি খাত গড়ে তোলা। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## ভুয়া তথ্যে ইমাম-পুরোহিতের সম্মানী নিলে যাবজ্জীবন, ফেরত দিতে হবে টাকা

মসজিদ, মন্দির, বৌদ্ধবিহার ও গির্জায় প্রার্থনা পরিচা লনার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের মাসিক সম্মানী দিতে নীতিমালা করেছে সরকার। এ অনুযায়ী সম্মানী পেতে ভুয়া তথ্য বা জাল সনদ ব্যবহার করলে সর্বোচ্চ যাবজ্জীবন কারাদণ্ড হতে পারে। একইসঙ্গে জালিয়াতির মাধ্যমে নেওয়া অর্থ সরকারি কোষাগারে ফেরত দিতে হবে। `মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের জন্য সম্মানী ও কল্যাণ সহায়তা প্রদান নীতিমালা -২০২৬, গত রোববার (৬ সেপ্টেম্বর) গেজেট আকারে প্রকাশ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## `কোনো গ্রাহক টাকা তুলতে এসে খালি হাতে ফিরবেন না,

সম্মিলিত ইসলামী ব্যাংকের কো নো গ্রাহক টাকা তুলতে এসে খালি হাতে ফিরবেন না বলে জানিয়েছেন ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. আবেদুর রহমান সিকদার। তিনি বলেন , গ্রাহকদের চাহিদা অনুযায়ী ক্যাশ সরবরাহে সাময়িক সময় লাগতে পারে , তবে টাকা দেওয়ার জন্য ব্যাংক পুরোপুরি প্রস্তুত। সোমবার (৭ সেপ্টেম্বর) সম্মিলিত ইসলামী ব্যাংকের বিভিন্ন শাখা পরিদর্শনকালে তিনি একথা বলেন। আবেদুর রহমান সিকদার বলেন , ব্যাংকের প্রতিটি শাখার কর্মী গ্রাহকদের হাসিমুখে সেবা দিতে প্রস্তুত। গ্রাহকদের চাহিদা অনুযায়ী নগদ অর্থ সরবরাহ করা হচ্ছে। কোনো গ্রাহক টাকা তুলতে এসে খালি হাতে ফিরে যাবেন না। তিনি বলেন, নতুন ব্যাংক অ্যাকাউন্ট খোলা এবং আমানত জমা হওয়া শুরু হয়েছে। এটা গ্রাহকদের আস্থা ফিরে আসার বড়ো একটি লক্ষণ। গ্রাহকের আস্থা ধরে রাখতে ব্যাংকের পক্ষ থেকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সেবা দেওয়া হচ্ছে। খেলাপি ঋণ পুনরুদ্ধারে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে জানিয়ে এমডি বলেন , `ওয়ার রুম, কনসেপ্ট তৈরি করে খেলাপি ঋণ আদায়ে বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে। ব্যাংকের প্রায় ১৬ হাজার কর্মী এ কার্যক্রমের সঙ্গে যুক্ত। ইতোমধ্যে খেলাপি ঋণ আদায়ে ১০ হাজারের বেশি মামলা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, এসব কার্যক্রমের ফলে অনেক ঋণগ্রহীতা পুনঃতফসিলের আওতায় আসা এবং ঋণ পরিশোধে এগিয়ে আসছেন। ব্যাংকের ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে তিনি বলেন , গ্রাহকদের আস্থা ধরে রাখা এবং ব্যাংক সম্পর্কে ইতিবাচক বার্তা ছড়িয়ে দেওয়ার মাধ্যমে সম্মিলিত ইসলামী ব্যাংককে আগের চেয়ে আরও শক্ত অবস্থানে ফিরিয়ে নেওয়ার কাজ চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## উদ্যোক্তা তৈরি করে কর্মসংস্থান সৃষ্টিই সরকারের মূল লক্ষ্যঃ অর্থমন্ত্রী

উদ্যোক্তা তৈরি করে কর্মসংস্থান সৃষ্টি করাই বর্তমান সরকারের মূল লক্ষ্য বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। সোমবার (৭ সেপ্টেম্বর) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে কর্মসংস্থান ব্যাংক আয়োজিত ক্ষুদ্র ব্যবসা, ক্ষুদ্রঋণ ও ক্ষুদ্র উদ্যোগ তহবিল প্রকল্পের উদ্বোধন ও ঋণের চেক বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, এটি ৫০ কোটি টাকার একটি পাইলট প্রকল্প। যারা ব্যাং কে যেতে ভয় পান, তাদের ঋণ দিয়ে কর্মসংস্থানের সুযোগ তৈরি ও উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতেই কর্মসংস্থান ব্যাংকের যাত্রা শুরু হয়েছিল। আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, উদ্যোক্তা তৈরি করে কর্মসংস্থান সৃষ্টি করাই বর্তমান সরকারের মূল লক্ষ্য। কর্মসংস্থান ব্যাংকের নতুন প্র কল্পটির আওতায় দেশে নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে। তিনি বলেন , সরকার নতুন এক উদ্যোগ নিয়েছে ক্রিয়েটিভ বা সৃজনশীল অর্থনীতি। প্রান্তিক সৃজনশীল মানুষকে শুধু ঋণ দেওয়া হচ্ছে না, তাদের প্রশিক্ষণ দিয়ে পণ্যের ব্র্যান্ডিংও করা হচ্ছে। মার্কেটিং ব্র্যান্ডিংও করা হচ্ছে। কর্মসংস্থান ব্যাংককেও বলবো, এমন কর্মসূচি হাতে নিতে। এটা জিডিপি, চ্যারিটি নয়। এমনকি গানসহ বিভিন্ন সৃজনশীলতা যাদের আছে , তাদেরও প্রমোট করা যায়। তারাও অর্থনীতিতে অবদান রাখতে পারে। সরকার এসবকে মনিটাইজ করতে চায়। সেক্ষেত্রে তাদের ভ্যালু অ্যাড করে মার্কেটেবল করতে চায়। তাদের অর্থনীতির মূল স্রোতে আনতে চায়। সরকার ক্রিয়েটিভ ইকোনমিতে মনোযোগ দিতে চায়, সহায়তা করতে চায়। এটা করতে পারলে অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে , কর্মসংস্থান সৃষ্টি হবে। তিনি আরও বলেন, কর্মসংস্থান ব্যাংকের খেলাপি ঋণ বা এনপিএল ৪ থেকে ১ বা ২ শতাংশে নামিয়ে আনতে পারলে ভালো হবে। ব্যাংকটি ভালো করছে, প্রফিটও করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## লোডশেডিং-জ্বালানি সংকটে শেবাচিমে কমেছে অস্ত্রোপচার

তীব্র লোডশেডিংয়ের কারণে বিপাকে পড়েছেন বরিশাল শের -ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালের রোগী ও চিকিৎসকরা। বিদ্যুৎ চলে গেলে হাসপাতালের গুরুত্বপূর্ণ অনেক কার্যক্রম ব্যাহত হয়। সবচেয়ে বেশি সমস্যায় পড়তে হচ্ছে অস্ত্রোপচার কার্যক্রমে। জেনারেটর থাকলেও পর্যাপ্ত জ্বালানি না থাকায় প্রয়োজনের সময় সেগুলো সচল রাখা যাচ্ছে না। হাসপাতাল সূত্রে জানা গেছে, শেবাচিমে স্বাভাবিক সময়ে প্রতিদিন গড়ে ২০ থেকে ২৫টি অস্ত্রোপচার হয়ে থাকে। তবে বিদ্যুৎ সংকটের কারণে বর্তমানে এ সংখ্যা কমে প্রায় ১০ থেকে ১২টিতে নেমেছে। ফলে অস্ত্রোপচারের জন্য অপেক্ষায় থাকা রোগীদের দুর্ভোগ বাড়ছে। জানা গেছে, হাসপাতালের কার্যক্রম সচল রাখতে চারটি জেনারেটর রয়েছে। সেই চা রটি জেনারেটর দিয়ে হাসপাতালটির নতুন ও পুরোনো ভবনের প্রায় সব কার্যক্রম সচল রাখা হয়। কিন্তু জ্বালানি সংকটের কারণে প্রয়োজন অনুযায়ী এসব জেনারেটর চালানো সম্ভব হচ্ছে না। হাসপাতালের কর্মকর্তারা জানান, আইসিইউ, সিসিইউ এবং অপারেশন থিয়েটারগুলো মূল ভবনে অবস্থিত। সেখা নে তিন হাজারের বেশি রোগী ভর্তি থাকেন। এর মধ্যে প্রায় ২ হাজার ৩০০ থেকে ২ হাজার ৪০০ রোগী মূল ভবনেই অবস্থান করেন। বিদ্যুৎ চলে গেলে এই বিপুলসংখ্যক রোগীর চিকিৎসাসেবা স্বাভাবিক রাখা কঠিন হয়ে পড়ে। লোডশেডিংয়ের সময় লিফটও বন্ধ থাকে। এতে পাঁচতলা পর্যন্ত রোগী ওঠানো -নামানোসহ স্বজনদের চলাচলেও চরম ভোগান্তি তৈরি হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন রাষ্ট্রপতি

দীর্ঘদিনের প্রত্যাশার পর অবশেষে ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন রাষ্ট্রপতি মির্জা ফখ রুল ইসলাম আলমগীর। সোমবার (৭ সেপ্টেম্বর) বেলা ১১টা ২০ মিনিটে সদর উপজেলার জামালপুর এলাকায় ঠাকুরগাঁও - পীরগঞ্জ সড়কের পাশে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত স্থানে তিনি এই ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এর মধ্য দিয়ে উত্তরাঞ্চলের পিছিয়ে পড়া এই জনপদে উচ্চশিক্ষার নতু ন দ্বার উন্মোচনের প্রক্রিয়া আরও এক ধাপ এগিয়ে গেল। বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হলে ঠাকুরগাঁওসহ আশপাশের জেলার শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সুযোগ বহুগুণ বাড়বে বলে আশা করছেন স্থানীয় বাসিন্দারা। রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেওয়ার পর নিজ জেলা ঠাকুরগাঁওয়ে এটিই তার প্র থম সরকারি সফর। দু-দিনের সফরের দ্বিতীয় দিনে তিনি বিশ্ববিদ্যালয়টির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## নেপাল থেকে ১২ দিন ধরে আসছে না বিদ্যুৎ

বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ পুরোপুরি বন্ধ করে দিয়েছে নেপাল। এতে নেপাল থেকে প্রতিদিন যে বি দ্যুৎ আসতো, গত ১২ দিন ধরে সেটি আর আসছে না। বন্যায় দেশটির জলবিদ্যুৎ কেন্দ্র ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে এই সিদ্ধান্ত নিয়েছে দেশটি। সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসির ওয়েবসাইটে এ তথ্য পাওয়া যায়। এর আগে, গত ২৭ আগস্ট ডে পিক আওয়ারে নেপাল থেকে ৩৮ মেগাওয়াট বিদ্যুৎ এসেছে। তবে, সন্ধ্যায় পিক আওয়ারে কোনো বিদ্যুৎ আসেনি। তারপর থেকে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে দেশটি। গত বুধবার নেপালের দ্য কাঠমান্ডু পোস্টের প্রতিবেদনে জানা যায় , ভারতের সঞ্চালন ব্যবস্থার মাধ্যমে বাংলাদেশে নেপালের বিদ্যুৎ রপ্তানি বন্ধ হয়ে

গেছে। নেপালের ভোটেকোশি নদী এলাকায় ভয়াবহ বন্যায় দেশটির জলবিদ্যুৎ প্রকল্পগুলো বন্ধ হয়ে যাওয়ায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। প্রতিবেদনে বলা হয় , নেপালে গত ২৬ আগস্ট ভোটেকোশি নদী এলাকায় আঘাত হানা ভয়াবহ বন্যায় জলবিদ্যুৎ প্রকল্পগুলো বন্ধ হয়ে গেছে। এতে নেপালের বিদ্যু ৎ রপ্তানি উল্লেখযোগ্যভাবে কমে গেছে। ভারতের সঞ্চালন ব্যবস্থার মাধ্যমে বাংলাদেশে নেপালের বিদ্যুৎ সরবরাহ শুরু হয় মাত্র কিছুদিন আগে। কিন্তু , এই বন্যার প্রভাবে বাংলাদেশে নেপালের বিদ্যুৎ রপ্তানি কার্যত বন্ধ হয়ে গেছে। বর্ষা মৌসুমে নেপাল গড়ে প্রায় ১ হাজার মেগাওয়াট বিদ্যুৎ রপ্তানি করে আসছিল। এখন তা কমে প্রায় ৬৫০ মেগাওয়াটে নেমে এসেছে। নেপাল বহু বছর ধরে , বিশেষ করে শুষ্ক শীতের মাসগুলোয় বিদ্যুৎ আমদানির ওপর নির্ভর করে আসছিল। দেশটি এখন নিজেকে আঞ্চলিক বিদ্যুৎ রপ্তানিকারক দেশ হিসেবে প্রতিষ্ঠিত করার চেষ্টা করছে। এমন সময়ে নেপালে আঘাত হানা এই দুর্যোগে দেশটির বিদ্যুৎ রপ্তানিতে বিঘ্ন দেখা দিল। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## বিদ্যুৎ বিল নিয়ে সরকারকে গালাগাল, সেই সিফাতের জামিন নামঞ্জুর

অতিরিক্ত বিদ্যুৎ বিল আসা নিয়ে প্রধানমন্ত্রী , স্বরাষ্ট্রমন্ত্রী ও সরকারকে গালিগালাজের ঘ টনায় গ্রেফতার যুবক সিফাত আব্দুল্লাহর (২৫) জামিন নামঞ্জুর করেছেন আদালত। সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে গাজীপুর মেট্রোপলিটন আদালত-৫ এর বিচারক রাকিবুল হাসানের আদালতে জামিনের আবেদন করা হয়। শুনানি শেষে আদালতের বিচারক জামিন নামঞ্জুর করেন। সিফাতের আইনজীবী রাশেদুল ই সলাম বলেন, সোমবার সকালে সিফাত আব্দুল্লাহর জামিনের জন্য গাজীপুর মেট্রোপলিটন আদালত -৫ এ আবেদন করা হয়। শুনানি শেষে রাষ্ট্রপক্ষের বিরোধিতায় সিফাত আব্দুল্লাহর জামিন নামঞ্জুর হয়। এখন আমরা সেশন কোর্টে যাব। রাষ্ট্রপক্ষের আইনজীবী মহানগর আদালতের পিপি অ্যাডভোকেট সিদ্দিকুর রহমান বলেন, গ্রেফতার সিফাত ফ্যাসিবাদের দোসর। তার বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা হয়। আজ তার পক্ষে আইনজীবীরা জামিন চায় , তবে আদালত তার জামিন নামঞ্জুর করেছেন। তিনি পতিত আওয়ামী লীগ সরকারের এজেন্ডা হিসেবেই কাজ করেছেন। তিনি ৫ আগস্টের আগে থেকেই ফ্যাসিস্ট দের হয়ে কাজ করেছেন, তা এখনো অব্যাহত রেখেছেন। সম্প্রতি বিদ্যুৎ বিল নিয়ে প্রধানমন্ত্রী , স্বরাষ্ট্রমন্ত্রী ও সরকার নিয়ে ফেসবুকে গালিগালাজ ও কটূক্তির জেরে সন্ত্রাসবিরোধী আইনে মামলার পর গ্রেফতার হওয়া যুবক সিফাত আব্দুল্লাহকে (২৫) ৩ সেপ্টেম্বর কারাগারে পাঠান আদালত। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## নিরাপদ খাদ্য নিয়ে কাজ করবে খুলনা-ইতালির মিলান

নিরাপদ খাদ্য ও খাদ্য অপচয় রোধে ইতালির মিলান সিটির সঙ্গে যৌথভাবে কাজ করবে খুলনা সিটি করপোরেশন। সোমবার (৭ সেপ্টেম্বর) সচিবালয়ে স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড . আবদুল মঈন খানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রো। সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। সাক্ষাতে ইতালির মিলান সিটির সঙ্গে বাংলাদেশের একটি সিটি করপোরেশনের ফুড সিকিউরিটি ও খাদ্য অপচয় রোধে যৌথভাবে কাজ করার বিষয়ে আলোচনা হয়েছে বলে জানান প্রতিমন্ত্রী। তিনি বলেন , মিলান সিটি ২০১৫ সাল থেকে ফুড সেফটি নিয়ে কাজ করছে। খাদ্য যাতে অপচয় না হয় এবং খাবার যাতে নষ্ট না হয় , সে বিষয়ে তারা দীর্ঘদিন ধরে কাজ করছে। প্রতিম ন্ত্রী বলেন, `উনারা একটা শহরকে চয়েস দিতে বলেছেন আমাদেরকে। যে আমাদের একটা আরবান সিটির সঙ্গে মিলান যৌথভাবে এই ফুড সিকিউরিটি নিয়ে কাজ করতে চায়। আমরা সেই ক্ষেত্রে মিলানের সঙ্গে সিমিলার মিল রেখে আমরা খুলনা সিটিকে চয়েস দিয়েছি যে , খুলনা সিটি করপোরেশনের সঙ্গে তারা এই বিষয় নিয়ে কাজ করতে পারে। , বাংলাদেশের স্থপতিদের প্রশিক্ষণ ও তাদের নিয়ে যৌথভাবে কাজ করার আগ্রহের কথাও জানিয়েছেন ইতালির রাষ্ট্রদূত। মীর শাহে আলম বলেন , `বাংলাদেশের স্থপতিদের উনারা প্রশিক্ষণ দিতে চান এবং স্থপতিদের নিয়ে কাজ করতে চান। সেই ক্ষেত্রে সিটি করপোরে শনের মেয়র এবং কিছু স্থপতিদের উনারা সে দেশে ইনভাইটেশন করেছেন , আমন্ত্রণ জানিয়েছেন।, (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম বন্দরে ৩ কোটি টাকার কাপড় ভর্তি কনটেইনার গায়েব

চট্টগ্রাম বন্দরের অভ্যন্তর থেকে তিন কোটি টাকার কাপড়ের রোলভর্তি কনটেইনার গায়েবের অভিযোগ উঠেছে। সোমবার (৭ সেপ্টেম্বর) ঘটনাটি জানাজানি হলে বন্দর জুড়ে তোলপাড় শুরু হয়। সূত্রে জানা গেছে , গত ১৫ আগস্ট চট্টগ্রাম বন্দরে এনসিটি -২ বার্থে কনটেইনার খালাস করে `এমভি এমসিসি ডানাং'। ওই জাহাজে ৪০ ফুট এফসিএল কনটেইনারে (কন্টেইনার নং -এমআরএসইউ-৮৬৯২৮২৭) আসে সাভারের কালিয়াকৈরের রপ্তানিমুখী পোশাক শিল্পপ্রতিষ্ঠান গোল্ড স্টার গার্মেন্টস লিমিটেডের ৬৬৮ বেল ফেব্রিক্স (কাপড়ের রোল)। কাস্টমস সূত্রে জানা গেছে , আমদানিকারকের পক্ষে সিএন্ডএফ প্রতিষ্ঠান এস আর এস সিন্ডিকেট পণ্য খালাসের জন্য কাস্টমসের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সার্ভারে গত ২২ আগস্ট বিল অব এন্ট্রি দাখিল করে। পরে কাস্টমস ও বন্দরের সব ধরনের রাজস্ব পরিশোধ করে ৩০ আগস্ট বন্দরের সিসিটি ইয়ার্ড থেকে কনটেইনারটি খালাসের জন্য গেলে বন্দর কর্তৃপক্ষ তা ডেলিভারি দিতে ব্যর্থ হয়। গত ২ সেপ্টেম্বর বন্দর চেয়ারম্যান বরাবরে দেওয়া সিএন্ডএ ফ প্রতিষ্ঠান এস আর এস সিন্ডিকেটের

স্বত্ত্বাধীকারী মো. হাফিজুর রহমানের এক অভিযোগ পর্যালোচনায় দেখা গেছে, ৩০ আগস্ট কনটেইনার ডেলিভারির জন্য গেলে বন্দর কর্তৃপক্ষ গোল্ড স্টার গার্মেন্টেসের আমদানিকৃত কাপড়ের রোলভর্তি কনটেইনারটি কিপডাউন দিতে পারেননি। এরপর কয়েকদিন খোঁ জাখুঁজি করে না পেয়ে বন্দর চেয়ারম্যানের কাছে লিখিত অভিযোগ দেন সিএন্ডএফ প্রতিষ্ঠান। সিএন্ডএফ প্রতিষ্ঠান এস আর এস সিন্ডিকেটের স্বত্ত্বাধীকারী মো . হাফিজুর রহমান সোমবার সকালে জাগো নিউজকে বলেন, `আমরা কাস্টমস ও বন্দরের যাবতীয় চার্জ পরিশোধ করে কনটেইনার ডেলিভারির জন্য গেলে তা পাওয়া যায়নি। আজ এক সপ্তাহের বেশি হয়ে গেছে। কনটেইনারটিতে আসা কাপড়ের রোলগুলো শতভাগ রপ্তানিমুখী। এতে প্রায় তিন কোটি টাকার কাপড় ছিল। এখন নির্ধারিত সময়ে কাপড়গুলো না পেয়ে আমাদের গ্রাহক গোল্ড স্টার গার্মেন্টসও বিপাকে পড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## শেখ হাসিনার অনুপস্থিতিতে আওয়ামী লীগের সভাপতি শেখ সেলিম

ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুপস্থিতিতে বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করবেন শেখ ফজলুল করিম সেলিম। ভারতীয় সংবাদমাধ্যম দ্য ওয়ালকে দেওয়া এক সা ক্ষাৎকারে এ কথা জানিয়েছেন শেখ হাসিনা। তার মতে , শেখ সেলিম এখন আওয়ামী লীগের সবচেয়ে জ্যেষ্ঠ প্রেসিডিয়াম সদস্য। তাই শেখ হাসিনার অনুপস্থিতিতে শেখ সেলিমই দলীয় সভাপতির দায়িত্ব পালনের জন্য সবচেয়ে উপযুক্ত। ছোটো বোন শেখ রেহানা সরাসরি রাজনীতির সঙ্গে যুক্ত নন বলেও জানি য়েছেন বাংলাদেশের সাবেক এই প্রধানমন্ত্রী। দ্য ওয়ালের এক্সিকিউটিভ এডিটর অমল সরকারের সঙ্গে দীর্ঘ কথোপকথনে নিজের দেশে ফেরা , ব্যক্তিগত নিরাপত্তা, বাংলাদেশের পরিস্থিতি, ভারত-বাংলাদেশ সম্পর্ক এবং আওয়ামী লীগের ভবিষ্যৎ নিয়ে বিভিন্ন মন্তব্য করেন শেখ হাসিনা। এ সময় দেশে ফেরার আগ্রহ রয়েছে বলে জানান ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী। তবে দেশে ফিরলে নিজের নিরাপত্তা নিয়ে আশঙ্কা রয়েছে তার। শেখ হাসিনার দাবি , দেশে ফিরলে বিমানবন্দরেও তাকে হত্যা করা হতে পারে। তার দেশে ফেরার উদ্যোগের সঙ্গে যুক্ত ব্যক্তিদের নিরাপত্তা নিয়েও উদ্বেগ প্রকাশ করেন শেখ হাসিনা। তার দাবি , প্রত্যেকেরই জীবনের ঝুঁকি রয়েছে। তাই তিনি দেশে ফেরার নির্দেশনা দিয়ে কাউকে বিপদে ফেলতে চান না। সাক্ষাৎকারে বাংলাদেশের নির্বাচনকে ভারতের সমর্থন এবং তারেক রহমানের দেশে ফেরার প্রসঙ্গে নয়াদিল্লির অবস্থান নিয়ে প্রশ্ন তোলেন শেখ হা সিনা। তার মতে , দুই প্রতিবেশী দেশের মধ্যে আঞ্চলিক বোঝাপড়া গড়ে তোলাই ভবিষ্যতের জন্য জরুরি। কোনো সামরিক জোটের পরিবর্তে আঞ্চলিক সহযোগিতা এবং পারস্পরিক স্বার্থের ভিত্তিতে সম্পর্ক গড়ে তোলার ওপর গুরুত্ব দেওয়া প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## ময়মনসিংহে ডেঙ্গুতে আরও ১ মৃত্যু, হাসপাতালে রোগীর সঙ্গে বাড়ছে ভোগান্তি

ময়মনসিংহে ডেঙ্গু পরিস্থিতি উদ্বেগজনক হয়ে উঠছে। গত ২৪ ঘণ্টায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে নতুন করে ৪৩ জন রোগী ভর্তি হয়েছেন। একই সময়ে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে হাসপাতাল ছে ড়েছেন ৬৪ জন। তবে এ সময়ে ডেঙ্গু আক্রান্ত আরও এক রোগীর মৃত্যু হয়েছে। সোমবার (৭ সেপ্টেম্বর) সকালে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষ এসব তথ্য নিশ্চিত করেছেন। হাসপাতালের তথ্য অনুযায়ী, বর্তমানে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে মোট ১১৫ জন রোগী চিকিৎসাধীন রয়েছেন। তাদের মধ্যে ৮০ জন পুরুষ, ২২ জন নারী এবং ১৩ জন শিশু। নারী রোগীদের মধ্যে দু -জন কেবিনে, একজন লেবার ওয়ার্ডে এবং একজন আইসিইউতে চিকিৎসাধীন রয়েছেন। হাসপাতাল সূত্রে জানা গেছে , চলতি বছর এখন পর্যন্ত ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গু আ ক্রান্ত হয়ে মোট ১ হাজার ৮০২ জন রোগী ভর্তি হয়েছেন। তাদের মধ্যে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন ১৩ জন। এর আগের ২৪ ঘণ্টায় হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত ৫৪ জন রোগী ভর্তি হয়েছিলেন এবং ৬১ জন সুস্থ হয়ে ছাড়পত্র নিয়েছিলেন। ওই সময় কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি। একদিনের ব্যবধানে নতুন ভর্তি রোগীর সংখ্যা কিছুটা কমলেও ডেঙ্গুতে আরও একজনের মৃত্যু হয়েছে। রোগীর চাপ বাড়ায় গত কয়েকদিন ধরে হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডে জায়গার সংকট দেখা দিয়েছে। ওয়ার্ডের ভেতরে জায়গা না থাকায় বারান্দাতেও রোগীদের রেখে চিকিৎসা দিতে হচ্ছে। এতে রোগী ও স্বজনদের মধ্যে উ দ্বেগ তৈরি হয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে , ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা প্রতিদিনই ওঠানামা করছে। জ্বরসহ ডেঙ্গুর উপসর্গ দেখা দিলে অবহেলা না করে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## বাংলাদেশে গুগলের অফিস স্থাপনে সীমাবদ্ধতা আছে, ভবিষ্যতে বিবেচনার আশ্বাস

বাংলাদেশে টেক জায়ান্ট গুগলের স্থানীয় অফিস স্থাপনে বর্তমানে কিছু সীমাবদ্ধতা রয়েছে জানিয়ে ভবিষ্যতে বিষয়টি বিবেচনা করার আশ্বাস দিয়েছে প্রতিষ্ঠানটি। গুগলের দক্ষিণ এশিয়া অঞ্চলের পাবলিক পলিসি প্রধান কাইল গার্ডনা র বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) চেয়ারম্যান মেজর জেনারেল মো . এমদাদ উল বারীর (অব.) সঙ্গে সাক্ষাৎকালে এ আশ্বাস দেন। রোববার (৬ সেপ্টেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে বিটিআরসি কার্যালয়ে এ সাক্ষাৎ হয়। এসময় কাইল গার্ডনার বাংলাদেশে তাদের বিভিন্ন সেবা কার্যক্রম সম্প্রসারণ, পেমেন্ট সিস্টেম চালু ও অবকাঠামো তৈরির বিষয়ে আলোচনা করেন। এছাড়া বিটিআরসির সঙ্গে নিয়মিত যোগাযোগ ও সমন্বয় আরও

জোরদারের ওপর গুরুত্ব আরোপ করেন। বাংলাদেশের বিপুলসংখ্যক ইন্টারনেট ব্যবহারকারী গুগলের বিভিন্ন সেবা ও প্ল্যাটফর্ম ব্যবহার করে থাকে ন। তাই এ দেশে ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং স্থানীয় অফিস স্থাপনের জন্য গুগল কর্তৃপক্ষকে বিটিআরসির পক্ষ থেকে আহ্বান জানানো হয়। সাক্ষাতে গুগলের এআই মডেলের ল্যাব স্থাপন, বাংলাদেশি প্রকৌশলীদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বিষয়ে প্রশিক্ষণ দেওয়া, দেশীয় স্টার্ট-আপ উদ্যোক্তাদের উন্নয়ন ও উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি এবং এ খাতে বিনিয়োগকারীদের উৎসাহিত করার লক্ষ্যে গুগল আলাদা সেবা চালু করবে কি না, সে বিষয়ে জানতে চাওয়া হয়। জবাবে গুগল প্রতিনিধি এসব বিষয়ে তাদের আগ্রহ ও সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্রগুলো পর্যা লোচনার কথা জানান। সেই সঙ্গে বাংলাদেশে স্থানীয় অফিস স্থাপনে বর্তমানে কিছু সীমাবদ্ধতা রয়েছে জানিয়ে ভবিষ্যতে বিষয়টি বিবেচনা করার আশ্বাস দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## সংরক্ষিত নারী সংসদ সদস্য ছাড়া নির্বাচিতদের ডিও লেটারে কাজ হচ্ছে না

সংরক্ষিত না রী আসনের সংসদ সদস্যের ডিও লেটার (আধা-সরকারি পত্র) ছাড়া নির্বাচিত সংসদ সদস্যের ডিও লেটারে কাজ হচ্ছে না বলে অভিযোগ করেছেন রাজশাহী -১ আসনের জামায়াতের সংসদ সদস্য মো. মুজিবুর রহমান। সেই সঙ্গে তিনি অভিযোগ তুলেছেন , সরকারদলীয় সদস্যদের সন্ত্রাসের ভয়ে সংশ্লিষ্ট সরকা রি কর্মকর্তারা কিছু বলতে চান না। এমন সন্ত্রস্ত পরিবেশে সংসদ সদস্যদের দায়িত্ব ও কর্তব্য পালন করা সম্ভব হচ্ছে না। রোববার (৬ সেপ্টেম্বর) সংসদ অধিবেশনে বিশেষ অধিকার প্রশ্নের কার্যপ্রণালি বিধির ১৬৪ বিধিতে দেওয়া দুটি নোটিশে এসব অভিযোগ করেন মুজিবুর রহমান। ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল অধিবেশনে সভাপতিত্ব করেন। জাতীয় সংসদে দেওয়া ডেপুটি স্পিকারের বর্ণনায় প্রথম নোটিশে মুজিবুর রহমান অভিযোগ করেন , সংসদের দ্বিতীয় অধিবেশন শেষে তার নির্বাচনি এলাকার রাস্তাঘাট , স্কুল-কলেজ, মাদরাসাসহ সব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য দেওয়া শতাধিক ডিও লেটার বাদ দিয়ে সরকারি দলের সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যের ডিও লেটারের মাধ্যমে কাজ করানো হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জানতে চাইলে তাকে জানানো হয়েছে , সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যের ডিও লেটার ছাড়া নির্বাচিত সংসদ সদস্যের ডিও লেটার বাস্তবায়ন করা যাবে না। নোটিশে আরও বলা হয় , সংশ্লিষ্ট কর্মকর্তারা সরকারদলীয় সদস্যদের সন্ত্রাসের ভয়ে কোনো কিছুই বলতে চাচ্ছেন না। এমন সন্ত্রস্ত পরিবেশে সংসদ সদস্যদের দায়িত্ব ও কর্তব্য পালন করা সম্ভব হচ্ছে না। অধিকারহারা সদস্যদের অধিকার ফিরিয়ে দিতে চেষ্টা করার প্রত্যা শা জানানো হয় নোটিশে। ডেপুটি স্পিকারের সংসদে তুলে ধরা বর্ণনা মতে, দ্বিতীয় নোটিশে মুজিবুর রহমান উল্লেখ করেন যে প্রচলিত নিয়ম ও বিধি অনুযায়ী স্থানীয় সংসদ সদস্যদের শিক্ষাপ্রতিষ্ঠানের কমিটির সভাপতি নিয়োগের জন্য প্যাডে লিখিত ডিও লেটার দিতে হয়। সে অনুযায়ী রাজশাহী -১ আসনের গোদাগাড়ী ও তানোর উপজেলার শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য তিনি ডিও লেটার দিয়েছেন। কিন্তু এখন পর্যন্ত একটি প্রতিষ্ঠানেও তার সুপারিশ অনুযায়ী সভাপতি নিয়োগ দেওয়া হয়নি। দুটি নোটিশের বিষয়ে ডেপুটি স্পিকার কায়সার কামাল বলেন , `মাননীয় সদস্যের নোটিশ দুটির বিষয় প্রায় একই ধরনের।, (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## কুড়িগ্রামে সার নিয়ে উত্তেজনা, গুদাম ভাঙচুর-সড়ক অবরোধ

কুড়িগ্রামের রৌমারীতে সারের জন্য দীর্ঘ সময় অপেক্ষা করেও বিতরণ শুরু না হওয়ায় ক্ষুব্ধ কৃষকরা একটি ডিলার পয়েন্টের গুদামের টিনের বেড়া ও দরজা ভেঙে ভেত রে ঢুকে শতাধিক বস্তা সার নিয়ে গেছেন বলে অভিযোগ উঠেছে। একই দিন ভূরুঙ্গামারীতে সার না পাওয়ার আশঙ্কায় কৃষকরা সড়ক অবরোধ করে উপজেলা কৃষি কর্মকর্তাকে অবরুদ্ধ করেন। সোমবার (৭ সেপ্টেম্বর) রৌমারী ও ভূরুঙ্গামারীতে পৃথক সময়ে এসব ঘটনা ঘটে। সূত্র জানায় , রৌমারীর মহিলা ক লেজপাড়া এলাকায় মেসার্স মিতা -হাসান এন্টারপ্রাইজের ডিলার পয়েন্টে রাত থেকেই কৃষকরা সার নিতে জড়ো হতে থাকেন। স্থানীয়রা জানান , কেউ কেউ রাত ২টার দিকে এসে লাইনে দাঁড়ান। সকাল হলেও সার বিতরণ শুরু না হওয়ায় ক্ষোভ বাড়তে থাকে। সকাল ৯টা থেকে ১০টার দিকে একপর্যায়ে কৃষকরা গু দামের বেড়া ও দরজা ভেঙে ভেতরে ঢুকে সার নিয়ে যেতে শুরু করেন। ডিলার পয়েন্টের ব্যবস্থাপক সাইফুল ইসলাম বলেন , গুদামে ৭৫০ বস্তা সার ছিল। প্রায় এক হাজার কৃষক সার নিতে এসেছিলেন। কে আগে সার নেবেন , তা নিয়ে ধাক্কাধাক্কি শুরু হলে তারা পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রশাসনের সহা য়তা নিতে যান। এ সময় আনুমানিক ১০০ থেকে ১৫০ বস্তা সার নিয়ে যাওয়া হয়। পরে পুলিশী সহায়তায় গুদামে থাকা সার বিতরণ শুরু হয়। রৌমারী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মাহবুবুল হাসান বলেন , পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরাও মাঠে কা জ করছেন। একটি সার বিক্রয়কেন্দ্রে কিছুটা বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছিল। পরে প্রশাসনের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। অন্যদিকে, ভূরুঙ্গামারীর সোনাহাট ইউনিয়নের পাটেশ্বরী ব্রিজপাড় এলাকায় সার না পাওয়ার আশঙ্কায় কৃষকরা সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। এ সময় তারা উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল জব্বারকে ঘিরে রাখেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## ২৪ ঘণ্টার বেশি আটক রাখা গুম হিসেবে গণ্য হবে : চিফ প্রসিকিউটর

কোনো আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কাউকে ২৪ ঘণ্টার বেশি আটক রাখলে, গোপন কোনো স্থানে আটকে রাখলে অথবা আইনের সুরক্ষা ও সুবিধা থেকে বঞ্চিত করলে , সেটিকে গুম হিসেবে গণ্য করা হবে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো . আমিনুল ইসলাম। সোমবার (৭ সেপ্টেম্বর) নিজ কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। চিফ প্রসিকিউটর বলে ন, গুম প্রতিরোধ ও প্রতিকার আইন জাতীয় সংসদে পাস হয়েছে। ওই আইনে গুমের যে সংজ্ঞা দেওয়া হয়েছে , তাতে কোনো আইন -শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কোনো ব্যক্তিকে গ্রেফতার বা আটক করার পর তার অবস্থান বা নিয়ে যাওয়ার বিষয়টি গোপন রাখলে , তাকে অজ্ঞাতস্থানে আটক রাখলে অথবা আইনের সুবিধা থেকে বঞ্চিত করলে, তা স্বতন্ত্র ফৌজদারি অপরাধ হিসেবে বিবেচিত হবে। এখন থেকে যদি কোনো আইন -শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ২৪ ঘণ্টার বেশি কাউকে আটক রাখে, কোথাও তাকে গোপনস্থানে রাখা হয় কিংবা তাকে যদি আইনের সুবিধা লাভে বঞ্চিত করা হয়, তাহলে কিন্তু সে অপরাধটাকে গুম বলে গণ্য করা হবে, বলেন মো. আমিনুল ইসলাম। তবে আইনে গুমের এমন ঘটনাকে মানবতাবিরোধী অপরাধ হিসেবে গণ্য করার জন্য একটি আলাদা শর্ত রাখা হয়েছে বলেও জানান তিনি। তার ভাষ্য , গুম ব্যাপক মাত্রায় সংঘটিত হলে অথবা একই ধরনের কোনো প্যাটার্ন বা পদ্ধতিতে তা সংঘটিত হলে , সেটি মানবতাবিরোধী অপরাধ হিসেবে বিবেচিত হবে এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তার বিচার হবে। নতুন আইনকে স্বাগত জানিয়ে চিফ প্রসিকিউটর বলেন , গুমের শিকার ব্যক্তিদের পরিবারগুলোর জন্য বিচারের একটি নতুন পথ খুলেছে। একইসঙ্গে এই আইন বিচারের পরিধি বাড়িয়েছে। তিনি বলেন, নতুন আইনের সঙ্গে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের আইনের কোনো সংঘাতের সুযোগ নেই। একইভাবে গুমের সংজ্ঞা যেভাবে নির্ধারণ করা হয়েছে, তাতে দেশের অন্যান্য আইনের সঙ্গেও কোনো সাংঘর্ষিক পরিস্থিতি তৈরি হবে না বলে তিনি মনে করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## ৩ মাসের মধ্যেই ঢাকার চারপাশে ওয়াটার বাস চালু হবে: নৌ-পরিবহণমন্ত্রী

নগরীর যানজট নিরসন ও নৌপথ জনপ্রিয় করতে আগামী ২ থেকে ৩ মাসের মধ্যে ঢাকার চারপাশে ওয়াটার বাস চালুর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান নৌ -পরিবহণমন্ত্রী শেখ রবিউল আলম। সোমবার (৭ সেপ্টেম্বর) স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রমের সভাপতিত্বে জাতীয় সংসদের অধিবেশনে কিশোরগঞ্জ -২ আসনের সংসদ সদস্য মুজিবুর রহমানের এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। নৌ -পরিবহণমন্ত্রী মন্ত্রী আরও বলেন, গত ১০ বছর ধরে ঢাকার চারপাশে ওয়াটার বাস চালু ছিল। কিন্তু অব্যবস্থাপনার কারণে এই খাতে গত ১০ বছরে ৫৭ কোটি টাকা অর্থাৎ প্রতি বছর প্রায় ৫ কোটি ৭০ লাখ টাকার মতো লোকসান হয়েছে। বিআইডব্লিউটিএ এসব সমস্যা চিহ্নিত করেছে। দ্রুতই অবাধ যাতায়াতের জন্য ওয়াটার বাস নামানো হবে। তিনি বলেন , বুড়িগঙ্গাসহ ঢাকার চারপাশের নদীগুলোর দূষণের কারণ হিসেবে ৪২৪টি স্পট (কেমিক্যাল, লিকুইড ও সলিড বর্জ্য) চিহ্নিত করা হয়েছে। নদী দূষণমুক্ত করতে প্রধানমন্ত্রীর নেতৃত্বে ওয়াসা , সিটি করপোরেশন , বিআইডব্লিউটিএ এবং পানি সম্পদ মন্ত্রণালয় সমন্বিতভাবে কাজ করছে। শিল্পবর্জ্য নদীতে পড়া ঠেকাতে পরিবেশ ও শিল্প মন্ত্রণালয় কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## ইউপি নির্বাচন হবে উপজেলাভিত্তিক : ইসি সচিব

নির্বাচন কমিশন (ইসি) সচিব আখতার আহমেদ বলেছেন, ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচন উপজেলাভিত্তিক হবে। এক্ষেত্রে একটি উপজেলায় যতগুলো ইউনিয়ন আছে, সেগুলো একইসঙ্গে হবে। সোমবার (৭ সেপ্টেম্বর) নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। তিনি বলেন , ইউপি নির্বাচন কয়েক ধাপে হবে। এক্ষেত্রে পাঁচ নাকি ছয় ধাপে হবে, তা এখনো ঠিক হয়নি। তবে আমি এটুকু বলতে পারি , উপজেলাভিত্তিক নির্বাচন হবে। এক্ষেত্রে একটি উপজেলায় যতগুলো ইউনি য়ন আছে, সেগুলো একইসঙ্গে হবে। এক উপজেলার কয়েকটি ইউনিয়ন একসঙ্গে হলো, বাকিগুলো অন্য ধাপে হলো, তাহলে একটা বিশৃঙ্খলা হয়ে যাবে। তাই একইসঙ্গে এক উপজেলার সবগুলোতে নির্বাচন হবে। তফসিল ঘোষণার বিষয়ে তিনি বলেন, এ বিষয়টি কমিশন নির্ধারণ করবেন। এটি আমি জানি না। স্থানীয় নির্বাচনের বিধিমালা নিয়ে ইসি সচিব বলেন , পোস্টার থাকবে না যতটুকু জানি। এছাড়াও কিছু পরিবর্তন এসেছে , যেগুলো দেখে বলতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## অনলাইনে অফিস করছেন বিদ্যুৎমন্ত্রী, শিগ্গির ফিরবেন সশরীরে

ফুসফুসের সংক্রমণ, ঠাণ্ডা কাশি, শ্বাসকষ্ট নিয়ে রাজধানীর ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালে ভর্তি হয়েছিলেন বিদ্যুৎ , জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। তবে চিকিৎসা শেষে আপাতত আশঙ্কামুক্ত থাকায় গত শনিবার বাসায় ফিরেছেন তিনি। আপাতত অনলাইনে অফিসের কার্যক্রম চালাচ্ছেন ইকবাল হাসান মাহমুদ টুকু । সোমবার (৭ সেপ্টেম্বর) বিকেলে মন্ত্রীর ব্যক্তিগত সহকারী আব্দুল্লাহ আল কায়েস বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। তিনি বলেন, গত শনিবার মন্ত্রী বাসায় ফিরেছেন। শরীর ভালো হচ্ছে। অ্যান্টিবায়োটিক চলছে। আপাতত মন্ত্রী অনলাইনে অফিস করছেন। শিগ্গির সশরীরে সচিবালয়ে এবং জাতীয় সংসদের অধিবেশনে উপস্থিত হবেন তিনি। গত ১ সেপ্টেম্বর রাতে হাসপাতালে ভর্তি হয়েছিলেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## আদানি চুক্তির অনিয়মে কায়কাউসের অনুসন্ধান যুক্ত করার সুপারিশ দুদকের

ভারতের আদানি পাওয়ার লিমিটেড ও বাংলাদেশ সরকারের মধ্যে বি দ্যুৎ ক্রয় চুক্তিতে অনিয়ম ও দুর্নীতির অভিযোগের তদন্ত করবে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এ কারণে চুক্তি সংশ্লিষ্ট সাবেক মুখ্যসচিব ও বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রণালয়ের সাবেক সচিব ড. আহমদ কায়কাউসের বিরুদ্ধে চলমান অবৈধ সম্পদ অর্জনের অনুসন্ধানের সঙ্গে আদানি চুক্তির অনিয়মের বিষয়টি যুক্ত করার সুপারিশ করেছে কমিশন। সোমবার (৭ সেপ্টেম্বর) এ তথ্য জানান দুদকের উপ - পরিচালক মো. আকতারুল ইসলাম। মো. আকতারুল ইসলাম বলেন, ড. আহমদ কায়কাউসের বিরুদ্ধে দুর্নীতি, অনিয়ম ও ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগের চলমান অনুসন্ধা নের সঙ্গে 'আদানি পাওয়ার লিমিটেড ও বাংলাদেশ সরকারের মধ্যে বিদ্যুৎ ক্রয় চুক্তির অনিয়ম ও দুর্নীতির অভিযোগ', যুক্ত করে অনুসন্ধানের সুপারিশ করেছে কমিশন। গত বছরের ৩০ এপ্রিল বিদ্যুৎ আমদানিতে ভারতের আদানি গ্রুপের সঙ্গে আওয়ামী লীগ সরকারের করা চুক্তিতে জাতীয় রাজস্ব বোর্ডকে (এনবিআর) পাশ কাটিয়ে শুল্ক ও কর অব্যাহতির মাধ্যমে প্রায় সাড়ে ৪ হাজার কোটি টাকা ফাঁকির অভিযোগে অনুসন্ধান শুরু করে দুদক। এ চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট সাবেক মুখ্যসচিব আহমদ কায়কাউস -চুক্তির সময় যিনি বিদ্যুৎ ও জ্বালানি সচিব ছিলেন এবং তার নেতৃত্বাধীন কর্তৃপক্ষ ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (পিডিবি) নথিপত্রও তলব করা হয়। এদিকে, আদানির কাছ থেকে বিদ্যুৎ আমদানিতে প্রায় ৪০ কোটি ডলারের শুল্ক ফাঁকির প্রমাণ পাওয়ার কথা জানিয়েছে এনবিআরের কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর। সংস্থাটির তদন্তে চুক্তির সময় সংশ্লিষ্ট কর্তৃপ ক্ষকে পাশ কাটিয়ে শুল্ক ও কর অব্যাহতি দেওয়ার তথ্যও উঠে এসেছে। ২০২৩ সালের ৯ মার্চ ভারতের ঝাড়খণ্ডের গড্ডায় স্থাপিত আদানি বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট থেকে বাংলাদেশে বিদ্যুৎ আমদানি শুরু হয়। এরপর থেকে আমদানি করা বিদ্যুতের বিপরীতে শুল্কসহ অন্যান্য কর পরিশোধ করা হয়নি বলে তদন্তে উঠে এসেছে। এনবিআরের কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের তদন্তে বাংলাদেশে বিদ্যুৎ প্রবেশ ও সঞ্চালনের ক্ষেত্রে আমদানির যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে কোনো বিল অব এন্ট্রি দাখিলের প্রমাণ পাওয়া যায়নি। একইসঙ্গে বিষয়টি আইনি প্রক্রিয়ায় নিষ্পত্তি না করার প্রমাণও মিলেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## মাতারবাড়ীতে ভিড়বে ১৬ মিটার ড্রাফটের জাহাজ, বাড়বে সক্ষমতা

দেশে আন্তর্জাতিক বাণিজ্য গতিশীল করতে চট্টগ্রাম বন্দর আধুনিকায়ন ও মাতারবাড়ী গভীর সমুদ্র বন্দর নির্মাণে ব্যাপক পরিকল্পনা হাতে নিয়েছে সরকার। মাতারবাড়ীতে ১৬ মিটার ড্রাফট এবং ৮ হাজার টিইইউজ ধারণক্ষমতা সম্পন্ন জাহাজ ভিড়তে পারবে, যা দেশের অর্থনীতিতে যুগান্তকারী ভূমিকা রাখবে। সোমবার (৭ সেপ্টেম্বর) জাতীয় সংসদে চট্টগ্রাম-১৫ আসনের সংসদ সদস্য শাহজাহান চৌধুরীর প্রশ্নের জবাবে নৌ -পরিবহণমন্ত্রী শেখ রবিউল আলম এস ব কথা জানান। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে এই অধিবেশন হয়। মগনামায় গভীর সমুদ্র বন্দর নির্মাণের কোনো সিদ্ধান্ত আছে কি না? এমন প্রশ্নের জবাবে মন্ত্রী স্পষ্ট করেন, মগনামায় নয়, কক্সবাজারের মহেশখালী এলাকায় জাইকার সহযোগিতায় 'মাতারবাড়ী বন্দর উন্নয়ন', প্রকল্পটি চলমান রয়েছে। এটি চালু হলে বাণিজ্যিক সক্ষমতা ব্যাপকভাবে বৃদ্ধি পাবে। চট্টগ্রাম বন্দরের আধুনিকায়ন প্রসঙ্গে মন্ত্রী বলেন, পিপিপি মডেলের আওতায় লালদিয়া কনটেইনার টার্মিনাল নির্মাণের জন্য ড্যানিশ প্রতিষ্ঠান এপিএম টার্মিনালসের সঙ্গে চুক্তি সই হয়েছে, যা ২০৩০ সালের মধ্যে উৎপাদনে যাবে। এছাড়া পতেঙ্গা কনটেইনার টার্মিনালটি (পিসিটি) বিদেশি অপারেটর রেড সি গেটওয়ে টার্মিনালের (আরএসজিটি) মাধ্যমে পরিচালনার কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি বে -টার্মিনাল নির্মাণের কাজও দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## সব ইউনিয়নে হবে স্বাস্থ্যসেবা ইউনিট, মিলবে বিনামূল্যে চিকিৎসা-ঔষধ

দেশের প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে প্রতিটি ইউনিয়নে একটি করে প্রাথমিক স্বাস্থ্যসেবা ইউনিট স্থাপন এবং বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ দেওয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। সোমবার (৭ সেপ্টেম্বর) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে সংসদ সদস্য নিলোফার চৌধুরী মনির এক প্রশ্নের উত্তরে তিনি এ কথা জানান। এসময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম অধিবেশনে সভাপতিত্ব করেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশের শ্রমজীবী মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতকল্পে ভ্রাম্যমাণ হাসপাতালের প্রয়োজনীয়তা একটি সম্ভাব্যতা সমীক্ষা ব্যতিরেকে পরিচালনার সুযোগ নেই। তবে, দেশের প্রান্তিক জনগোষ্ঠীর কাছে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে একটি করে প্রাথমিক স্বাস্থ্যসেবা ই উনিট স্থাপন করা হবে, যেখানে বিনামূল্যে স্বাস্থ্য সংক্রান্ত সাধারণ রোগের চিকিৎসা ও ঔষধ দেওয়া হবে। তিনি বলেন, প্রতিটি স্বাস্থ্যসেবা ইউনিটে একটি মিনি ল্যাবরেটরি ও ফার্মেসি থাকবে। এর অধীনে তিনটি কমিউনিটি ক্লিনিক বা প্রান্তিক স্বাস্থ্যসেবা কেন্দ্র থাকবে। আশা করা যায়, এর ফলে দেশের শ্রমজীবী মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা যাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## সাভারে পুলিশকে পিটিয়ে হত্যা: প্রধান আসামি জহুরুল ৫ দিনের রিমান্ডে

সাভারের আমিনবাজারে পুলিশের বিশেষ শাখার (এসবি) উপ-পরিদর্শক (এসআই) আলতাফ হোসেনকে পিটি য়ে হত্যার মামলায় প্রধান আসামি জহুরুল ইসলামকে পাঁচদিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত। সোমবার (৭ সেপ্টেম্বর) বিকেলে শুনানি শেষে ঢাকার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আয়েশা সিদ্দিকার আদালত এ আদেশ দেন। ঢাকা জেলা পুলিশের প্রসিকিউশন বিভাগের উপ -পরিদর্শক আরিফ হোসেন বি ষয়টি নিশ্চিত করেছেন। এর আগে , জহুরুলকে আদালতে হাজির করে ১০ দিনের রিমান্ড চেয়ে আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা আমিনবাজার পুলিশ ক্যাম্পের উপ-পরিদর্শক (এসআই) মো. জাকির আল আহসান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## গুমের ঘটনাগুলো `ওয়াইডস্প্রেড ও সিস্টেমেটিক ক্রাইম,

গুমের ঘটনাগুলো পরস্পরের সঙ্গে মিল থাকায় এগুলোকে `ওয়াইডস্প্রেড ও সিস্টেমেটিক অ্যাটাক হিসেবে চিহ্নিত করা হয়েছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো . আমিনুল ইসলাম। তিনি বলেন , এখন পর্যন্ত গুমের শিকার ২৫১ জন, যারা ফেরত আসেননি, তাদের ঘটনায় একই ব্যক্তির সংশ্লিষ্টতা ঘুরেফিরে পাওয়া যাচ্ছে। এ কারণে এসব ঘটনাকে `ওয়াইডস্প্রেড ও সিস্টেমেটিক ক্রাইম, হিসেবে চিহ্নিত করে মানবতাবিরোধী অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। রোববার (৬ সেপ্টেম্বর) চিফ প্রসিকিউটরের নিজ কার্যালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এসব কথা বলেন। গুমের শিকার ব্যক্তিদের স্বজনদের সংগঠন `মায়ের ডাক ,-এর দেওয়া অভিযোগের ভিত্তিতে মানবতাবিরোধী অপরাধের তদন্ত করছে ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর নিরাপত্তা বেষ্টনীতে ঢোকার চেষ্টা, ৫ দিনের রিমান্ডে যুবক

রাজধানীর ফার্মগেটে প্রধানমন্ত্রী তারেক রহমানের একটি অনুষ্ঠানে যোগ দেওয়াকে কেন্দ্র করে নির্ধারিত নিরাপত্তা বেষ্টনীতে ঢোকার চেষ্টার অভিযোগে গ্রেফতার যুবককে সন্ত্রাসবিরোধী আইনের মামলায় পাঁচদিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত। সোমবার (৭ সেপ্টেম্বর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সারাহ ফারজানা হক শুনানি শেষে এই আদেশ দেন। ঢাকা মহানগর আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মুহাম্মদ শামসুদ্দোহা সুমন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। রিমান্ডে আসামি মুহিবুল্লাহ মুবিনকে আদালতে হাজির করে সাতদিনের রিমান্ড আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা তেজগাঁও থানার উপ -পরিদর্শক (এসআই) আসাদুর রহমান। শুনানিতে রাষ্ট্রপক্ষে অ্যাডভোকেট শামসুদ্দোহা সুমন রিমান্ডের পক্ষে বক্তব্য দেন। অন্যদিকে , মুবিনের আইনজীবীরা রিমান্ডের বিরোধিতা করে তার জামিনের আবেদন করেন। উভয়পক্ষের শুনানি শেষে আদালত পাঁ চদিনের রিমান্ড মঞ্জুর করেন। পুলিশের ভাষ্য, গত শনিবার (৫ সেপ্টেম্বর) বিকেল ৪টার দিকে প্রধানমন্ত্রী অনুষ্ঠানস্থলে প্রবেশ করার পর নিরাপত্তা বেষ্টনী এলাকায় ওই যুবককে সন্দেহজনকভাবে চলাচল করতে দেখা যায়। একপর্যায়ে তিনি নির্ধারিত নিরাপত্তা বলয়ের ভেতরে প্রবেশের চেষ্টা করেন বলে অভিযোগ ওঠে। এ ঘটনায় তাকে আটক করা হয়। পরে তেজগাঁও থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা দায়ের করা হয়। মামলার তদন্তে ওই যুবকের উদ্দেশ্য এবং ঘটনার সঙ্গে অন্য কেউ জড়িত কি না, তা খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ রিহাব)

## সাবেক ভূমিমন্ত্রীর যুক্তরাষ্ট্রে থাকা সম্পদের তথ্য পাঠিয়েছে এফবিআই

সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ ও তার স্ত্রী রুকমিলা জামানের যুক্তরাষ্ট্রে থাকা স্থাবর -অস্থাবর সম্পদের তথ্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) কাছে পাঠিয়েছে মার্কিন কেন্দ্রীয় তদন্তকা রী সংস্থা ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (এফবিআই)। সোমবার (৭ সেপ্টেম্বর) দুর্নীতি দমন কমিশনের (দুদক) মুখপাত্র আকতারুল ইসলাম এ তথ্য জানান। সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী ও তার স্ত্রী রুকমিলা জামানের ব্যাংক হিসাব , ব্যবসা ও সম্পত্তির রেকর্ড এবং যুক্তরা ষ্ট্রে থাকা কথিত অপরাধলব্ধ সম্পদ জব্দ ও বাজেয়াপ্তের বিষয়ে পারস্পরিক আইনি সহায়তা বা এমএলএআর চেয়েছিল বাংলাদেশ। এ বিষয়ে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় কর্তৃপক্ষ অফিস অব ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের সহায়তা চাওয়া হয়। ওই অনুরোধের পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের ফেডারেল ব্যু রো অব ইনভেস্টিগেশন থেকে প্রতিবেদন পাঠানো হয়েছে। আকতারুল ইসলাম বলেন, আবেদনের পরিপ্রেক্ষিতে এফবিআই জাবেদ ও তার স্ত্রীর যুক্তরাষ্ট্রে থাকা সম্পদের বিস্তারিত নথি ও তথ্য সরবরাহ করেছে। ব্যাংক ঋণ জালিয়াতি ও মানিলন্ডারিংয়ের অভিযোগে সাইফুজ্জামান চৌধুরী জাবেদের বিরুদ্ধে দুই ডজনেরও বেশি মামলা করেছে দুদক। এসব মামলার অভিযোগ অনুযায়ী , ভুয়া কোম্পানি দেখিয়ে ব্যাংক ঋণ নিয়ে সেই অর্থ বিভিন্ন হিসাবে স্থানান্তর ও বিদেশে পাচার করা হয়েছে। সাইফুজ্জামান চৌধুরী জাবেদ ২০১৪ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এবং ২০১৯ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত একই মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। ২০২৪ সালের সংসদ নির্বাচনের আগে তার বিরুদ্ধে বিদেশে বিপুল সম্পদ গড়ার অভিযোগ ওঠে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## টেকসই উন্নয়নে বাংলাদেশ-ভারত কাজ করার যথেষ্ট সুযোগ রয়েছে

পরিবেশ সুরক্ষা, জলবায়ু সহনশীলতা বৃদ্ধি ও টেকসই উন্নয়নে বাংলাদেশ ও ভারতের যৌথভাবে কাজ করার যথেষ্ট সুযোগ রয়েছে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। পারস্পরিক স্বার্থ ও জনগণের কল্যাণকে প্রাধান্য দিয়ে সহযোগিতার ক্ষেত্র আরও সম্প্র সারণের ওপর গুরুত্ব দিয়েছেন তিনি। সোমবার (৭ সেপ্টেম্বর) সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী আবদুল আউয়াল মিন্টুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। এ সময় প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম ও মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড . ফাহমিদা খানম উপস্থিত ছি লেন। বৈঠকে আন্তঃসীমান্ত বায়ু ও নদীদূষণ নিয়েও আলোচনা হয়। এসব সমস্যা মোকাবিলায় বৈজ্ঞানিক তথ্য বিনিময় , সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে নিয়মিত যোগাযোগ এবং কার্যকর সমন্বয়ের ওপর গুরুত্ব দেন দুই দেশের প্রতিনিধিরা। এ সময় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মোকাবিলা , আন্তঃসীমান্ত পরিবেশগত সমস্যা, কার্বন ক্রেডিট, কার্বন নিঃসরণ কমানো এবং সবুজ অর্থনীতির বিকাশ নিয়েও আলোচনা হয়। পরিবেশমন্ত্রী বলেন , বাংলাদেশ ও ভারত ঘনিষ্ঠ প্রতিবেশী হওয়ায় দুই দেশের পরিবেশ ও প্রতিবেশগত স্বার্থ পরস্পরের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কিত। জলবায়ু পরিবর্তন, বন্যা, খরা, নদী ও জলসম্পদ ব্যবস্থাপনা, বায়ুদূষণ এবং জীববৈচিত্র্য হ্রাসের মতো চ্যালেঞ্জ কোনো একক দেশের মধ্যে সীমাবদ্ধ নয়। এসব সমস্যা মোকাবিলায় পারস্পরিক আস্থা , তথ্য ও অভিজ্ঞতা বিনিময় এবং কার্যকর আঞ্চলিক সহযোগিতা আরও জোরদার করা প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি। আবদুল আউ য়াল মিন্টু বলেন , পারস্পরিক সম্মান ও অভিন্ন স্বার্থের ভিত্তিতে ভারতের সঙ্গে ইতিবাচক ও গঠনমূলক সম্পর্ক এগিয়ে নিতে আগ্রহী বাংলাদেশ। দুই দেশের জনগণের কল্যাণ ও টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করতে পরিবেশ ও জলবায়ু খাতে সহযোগিতা আরও গভীর হবে বলে আশা প্রকাশ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## সুন্দরবন ও বাঘ সংরক্ষণে পরবর্তী দ্বিপক্ষীয় বৈঠক বাংলাদেশে

সুন্দরবনের জীববৈচিত্র্য ও রয়েল বেঙ্গল টাইগার সংরক্ষণে বাংলাদেশ ও ভারতের পরবর্তী যৌথ ও দ্বিপক্ষীয় বৈঠক বাংলাদেশে আয়োজনের সিদ্ধান্ত হয়েছে। একইসঙ্গে আন্তঃসীমান্ত এশী য় হাতি সংরক্ষণবিষয়ক পরবর্তী সভা ভারতে অনুষ্ঠিত হবে। সোমবার (৭ সেপ্টেম্বর) সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী আবদুল আউয়াল মিন্টুর সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদীর সৌজন্য সাক্ষাতে এ সিদ্ধান্ত হয়। এ সময় প্রতিমন্ত্রী শেখ ফরিদু ল ইসলাম ও মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড . ফাহমিদা খানম উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে সুন্দরবনের জীববৈচিত্র্য সংরক্ষণে দুই দেশের বিদ্যমান সমঝোতা স্মারকের আওতায় যৌথ ওয়ার্কিং গ্রুপের পরবর্তী সভা বাংলাদেশে আয়োজনের বিষয়ে উভয়পক্ষ সম্মত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## নাফ নদীতে সাদা প্যাকেটে ভাসছিল কোটি টাকার ইয়াবা

কক্সবাজারের টেকনাফে নাফ নদী থেকে প্রায় এক কোটি টাকা মূল্যের ২০ হাজার পিস ইয়াবা জব্দ করেছে কোস্টগার্ড। একইদিনে মহেশখালীর সমুদ্র এলাকা থেকে মিয়ানমারে পাচারের সময় প্রায় ৭ লাখ ১০ হাজার টাকা মূল্যে র পাঁচটি ডিজেল ইঞ্জিন ও ইঞ্জিনের সরঞ্জামাদিসহ একটি ফিশিং বোট জব্দ করা হয়েছে। সোমবার (৭ সেপ্টেম্বর) বিকেলে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এসব তথ্য জানান। তিনি বলেন , সোমবার সকাল ৯টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে টেকনাফ থানার নাজিরপাড়া এলাকায় নাফ নদীতে বিশেষ অভিযান চালায় কোস্ট গার্ড স্টেশন টেকনাফ। এসময় জালের ফ্লোটিং বয়ের সঙ্গে বাঁধা অবস্থায় একটি সাদা প্যাকেট ভাসতে দেখা যায়। পরে প্যাকেটটি উদ্ধার করে তল্লাশি চালালে ২০ হাজার পিস ইয়াবা পাওয়া যায়। জব্দ ইয়াবার আনুমানিক বাজারমূল্য প্রায় এক কোটি টাকা। অন্যদিকে , একইদিন ভোর ৪টার দিকে মহেশখালী থানার ছেড়াদ্বিয়া দ্বীপসংলগ্ন সমুদ্র এলাকায় অভিযান চালায় কোস্ট গার্ড স্টেশন কক্সবাজার ও কোস্ট গার্ড স্টেশন মহেশখালী। এসময় সন্দেহজনক একটি ফিশিং বোটে তল্লাশি চালিয়ে পাঁচটি সিঙ্গেল সিলিন্ডার ইঞ্জিন ও ইঞ্জিনের অন্য সরঞ্জামাদি জব্দ করা হয়। কোস্ট গার্ড জানায় , জব্দ করা ইঞ্জিন ও সরঞ্জামাদি অবৈধভাবে মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে বহন করা হচ্ছিল। এসব মালামালের আনুমানিক মূল্য ৭ লাখ ১০ হাজার টাকা। অভিযানের সময় কোস্টগার্ডের উপস্থিতি টের পেয়ে পাচারকারীরা পালিয়ে যায়। ফলে কাউকে আটক করা সম্ভব হয়নি। জব্দ করা ইয়াবা , ইঞ্জিন ও অন্য সরঞ্জামাদি এবং পাচারকাজে ব্যবহৃত বোটের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন বলেন , মাদক ও চো রাচালান রোধে কোস্টগার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## গ্যাস-বিদ্যুতে মিটার ভাড়ার নামে ডিজিটাল চাঁদাবাজি বন্ধ করতে হবে

পাবনা-১ (সাঁথিয়া) আসনের সংসদ সদস্য জামায়াত নেতা ব্যারিস্টার নাজিবুর রহমান মোমেন বলেছে ন, মিটার ভাড়া এবং ডিমান্ড চার্জ নেওয়ার কোনো যৌক্তিকতা আছে বলে মনে করি না। এটাকে ডিজিটাল চাঁদাবাজি বলতে চাই। এই চাঁদাবাজি অবিলম্বে বন্ধ করতে হবে। মানুষের ওপর এই জুলুম অবশ্যই বন্ধ করতে হবে। সোমবার (৭ সেপ্টেম্বর) সংসদ অধিবেশনে এই দাবি জানান তিনি। এসময় অধিবেশ নে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। গ্যাস-বিদ্যুতের মিটারে ভুতুড়ে বিল নেওয়া হচ্ছে দাবি করে ব্যারিস্টার নাজিবুর রহমান বলেন , ‘ভূতুড়ে বিল নিয়ে

একজনকে গ্রেফতার পর্যন্ত করা হয়েছে। আমরা এটার প্রতিবাদ জানিয়েছি। এভাবে সমস্যাকে চাপা দিয়ে রাখা যাবে না। এটাকে সুন্দরভাবে মোকাবিলা করতে হবে। ভূতুড়ে বিল বন্ধ করতে হবে। তিনি বলেন , মিটারিং এবং বিলিং ব্যবস্থার সমন্বয় এবং অযৌক্তিক চার্জগুলোকে পুনর্বিবেচনা করতে হবে। এই সংসদে দাঁড়িয়ে সরকারি দলের পক্ষ থেকে বলা হয়েছিল, `মিটার ভাড়া আর নেওয়া হবে না , ডিমান্ড চার্জ নেওয়া হবে না, অযৌক্তিক বিলগুলোকে বাদ দেওয়া হবে।, কিন্তু এর কোনটিই বাদ দেওয়া হয়নি। এখনো মিটার ভাড়া নেওয়া হচ্ছে। সৌর বিদ্যুৎ প্রসঙ্গে জামায়াত নেতা বলেন, সৌর বিদ্যুৎ নিয়ে প্রধানমন্ত্রী যে কথাগুলা বলেছেন অত্যন্ত ধন্যবাদ পাওয়ার মতো বিষয়। কিন্তু এ ক্ষেত্রে কতটুকু ফিজিবিলিটি করা হয়েছে তা জানতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## শাহজালালের নিরাপত্তায় ২৫ নতুন বিস্ফোরক শনাক্তকারী যন্ত্র

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা ব্যবস্থা আরও আধুনিক ও প্রযুক্তিনির্ভর করতে নতুন ২৫টি বিস্ফোরক শনাক্তকারী যন্ত্র সংযোজন করেছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। এসব যন্ত্র পরিচালনার জন্য বিমানবন্দর নিরাপত্তা শাখার ৪৪ কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। সোমবার (৭ সেপ্টেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানায় বেবিচক। বিজ্ঞপ্তিতে বলা হয় , নতুন সংযোজি ত এনইউসিটিইসিএইচ টিআর২০০০ডিসি মডেলের বিস্ফোরক শনাক্তকারী যন্ত্র পরিচালনা বিষয়ে স্থানীয়ভাবে প্রশিক্ষণের আয়োজন করা হয়। যন্ত্রটির মূল প্রস্তুতকারক প্রতিষ্ঠানের বিশেষজ্ঞরা এ প্রশিক্ষণ পরিচালনা করেন। প্রশিক্ষণে অংশ নেওয়া ৪৪ কর্মকর্তা ও কর্মচারীকে যন্ত্রটির সঠি ক ব্যবহার, নমুনা সংগ্রহ, শনাক্তকরণ প্রক্রিয়া, ফলাফল বিশ্লেষণ এবং নিরাপদ পরিচালনা বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান ও ব্যবহারিক দক্ষতা দেওয়া হয়। এনইউসিটিইসিএইচ টিআর ২০০০ডিসি একটি আধুনিক বিস্ফোরক ও মাদক শনাক্তকারী প্রযুক্তি। এটি অত্যন্ত সামান্য পরিমাণে অবশিষ্ট থাকা বিস্ফো রক ও অবৈধ মাদকজাতীয় পদার্থ শনাক্ত করতে সক্ষম। যন্ত্রটি আয়ন চলনশীলতা বর্ণালিবীক্ষণ প্রযুক্তি ব্যবহার করে। এতে অ -তেজস্ক্রিয় আয়নীকরণ উৎস ব্যবহার করা হয়েছে। ফলে যাত্রীদের ব্যাগেজ , কার্গো এবং বিভিন্ন পৃষ্ঠে থাকা অতি ক্ষুদ্র মাত্রার সন্দেহজনক পদার্থ দ্রুত শনাক্ত করা সম্ভব হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## হামের টিকা নিয়ে অন্তর্বর্তী সরকারের ভুল নীতির বলি হয়েছে অসংখ্য শিশু

আন্তর্জাতিক সংস্থা ইউনিসেফের বারবার দেওয়া সতর্কতা ও চিঠিপত্র সম্পূর্ণ উপেক্ষা করে হামের টিকার সুপ্রতিষ্ঠিত সরবরাহ ব্যবস্থায় হঠাৎ পরিবর্তন আনে অন্তর্বর্তীকালীন সরকার। `মুক্ত দরপত্র, চালুর এই ভুল নীতি এবং প্রশাসনিক গাফিলতির কারণে দেশে তৈরি হয় টিকার তীব্র সংকট , যার সরাসরি বলি হতে হয়েছে অসংখ্য নিরপরাধ শিশুকে। সোমবার (৭ সেপ্টেম্বর) সংসদ অধিবেশনে স্বাস্থ্যমন্ত্রী সরদার মো . সাখাওয়াত হোসেন এ মন্তব্য করেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে অধিবেশনে বিগত অন্তর্বর্তীকালীন সরকারের ১৯ মাসের শাসননামায় স্বাস্থ্যখাতের কার্যকারিতা ও পরিচালনা নিয়ে তীব্র সমালোচনা ও প্রশ্ন উত্থাপন করেন গোপালগঞ্জ -১ আসনের সংসদ সদস্য সেলিমুজ্জামান মোল্যা। স্বাস্থ্যমন্ত্রী বলেন, বিশাল অঙ্কের বাজেট বরাদ্দ থাকা সত্ত্বেও নীতিনির্ধারকদের এই সিদ্ধান্তহীনতা ও দায়িত্বহীনতার মাশুল শেষ পর্যন্ত দিতে হলো প্রাণ দিয়ে। তিনি বলেন, বিগত সরকারের সময়ে হামের টিকার তীব্র সংকট এবং তার প্রভাবে টিকাদান ব্যাহত হওয়ার পেছনের প্রশাসনিক ও নীতি -নির্ধারণী ভুলগুলো আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ বিভিন্ন সংস্থার বরাতে উঠে এসেছে। মন্ত্রী বলেন , বাংলাদেশ দীর্ঘ দিন ধরে জাতিসংঘের শিশু তহবিল বা ইউনিসেফ এবং গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিন অ্যান্ড ইমিউনাইজেশন বা গ্যাভির সহায়তায় আন্তর্জাতিক সরবরাহ চেইন থেকে বিশ্ব স্বা স্থ্য সংস্থা অনুমোদিত হামের টিকা সরাসরি সংগ্রহ করে আসছিল। তবে ২০২৫ সালের সেপ্টেম্বরে অন্তর্বর্তীকালীন সরকার দীর্ঘদিনের এই সুপ্রতিষ্ঠিত ও সফল পদ্ধতি হঠাৎ পরিবর্তন করে মুক্ত দরপত্র প্রক্রিয়ায় টিকা কেনার সিদ্ধান্ত নেয়। তৎকালীন ইউনিসেফ বাংলাদেশের প্রতিনিধি রা না ফ্লাওয়ার্স অন্তর্বর্তী সরকারের এ সিদ্ধান্তকে অত্যন্ত ঝুঁকিপূর্ণ আখ্যা দিয়ে জানান, জরুরি জীবনরক্ষাকারী টিকার ক্ষেত্রে সাধারণ মুক্ত দরপত্র পদ্ধতি একদমই উপযুক্ত নয় এবং এর ফলে স্বাভাবিক সরবরাহ ব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়তে পারে। এই বিষয়ে সতর্ক করে ইউনিসেফের পক্ষ থেকে স্বাস্থ্য মন্ত্রণালয়ে ৫ থেকে ৬টি আনুষ্ঠানিক চিঠি পাঠানো হয় এবং প্রায় ১০টি জরুরি বৈঠকে সম্ভাব্য বড়ো ধরনের সংকটের ব্যাপারে বারবার সতর্ক করা হলেও তৎকালীন নীতিনির্ধারকেরা তা সম্পূর্ণ উপেক্ষা করেন।, স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, নতুন দরপত্র পদ্ধতি চালু করার পরপরই অর্থ ছাড় ও নথি অনুমোদন সংক্রান্ত নথিপত্র আমলাতান্ত্রিক জটিলতায় দীর্ঘ সময় আটকে থাকে। এর ফলে আন্তর্জাতিক গুদামে টিকার পর্যাপ্ত মজুত থাকা সত্ত্বেও ঢাকা থেকে সময়মতো চূড়ান্ত সম্মতি ও তহবিল ছাড় না হওয়ায় টিকার চালান দেশে পৌঁছাতে মারাত্মক বিলম্ব ঘটে। সর দার মো. সাখাওয়াত হোসেন বলেন , রাজনৈতিক অস্থিরতা এবং নীতিনির্ধারণী ব্যর্থতার কারণে দেশের শিশুদের স্বাস্থ্য সুরক্ষা মারাত্মক হুমকির মুখে পড়ে। ২০২৪ সালে রাজনৈতিক পটপরিবর্তন ও অস্থিতিশীল পরিস্থিতির কারণে নির্ধারিত টিকাদান কর্মসূচি পিছিয়ে যায়। পরবর্তীতে ২০২৫ সালে সরকারের পক্ষ থেকে একটি অত্যন্ত প্রয়োজনীয় পরিপূরক হাম -রুবেলা বা এমআর বিশেষ ক্যাম্পেইন আনুষ্ঠানিকভাবে বাতিল ঘোষণা করা

হয়। এর সরাসরি নেতিবাচক প্রভাবে দেশজুড়ে শিশুদের নিয়মিত টিকাদানের হার আশঙ্কাজনকভাবে হ্রাস পায়। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## মিটার ভাড়া মওকুফে প্রয়োজন ২৯ হাজার কোটি টাকা : প্রতিমন্ত্রী

বিদ্যুৎ বিলে মিটার ভাড়া মওকুফের দাবির পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ , জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, মিটার ভাড়া পুরোপুরি মওকুফ করতে ২৯ হাজার কোটি টাকা প্রয়োজন। তবে কোনো গ্রাহক চা ইলে নিজ খরচে মিটার কিনে নিতে পারবেন। সেক্ষেত্রে তাকে কোনো মিটার ভাড়া দিতে হবে না। ভুতুড়ে বিলের সমস্যা সমাধানে সরকারের উদ্যোগ তুলে ধরে তিনি বলেন , ২০৩০ সালের মধ্যে দেশের অধিকাংশ গ্রাহককে স্মার্ট প্রিপেইড মিটারের আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ উদ্যোগ বাস্তবায়িত হলে বিলিং সংক্রান্ত অভিযোগ স্থায়ীভাবে বন্ধ হবে। সোমবার (৭ সেপ্টেম্বর) জাতীয় সংসদের অধিবেশনে `তীব্র জ্বালানি ও গ্যাস সংকটের কারণে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হওয়া, শিল্পকারখানা বন্ধ হয়ে বেকারত্ব সৃষ্টি এবং দেশের জাতীয় অর্থনীতিতে মারাত্মক বিপর্যয় রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ, শীর্ষক প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## মন্ত্রীর মুখে শুনি `তার লম্বা, এ কারণে বিদ্যুৎ চলে গেছে

দেশে চলমান বিদ্যুৎ সংকটে মানুষের কষ্ট নিয়ে প্রধানমন্ত্রীর সরল স্বীকারোক্তির প্রশংসা করেছেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। তবে বিদ্যুৎ না থাকা বা লোডশেডিং নিয়ে জ্বালানি মন্ত্রীর ব্যাখ্যার সমালোচনা করেন তিনি। ডেপুটি স্পিকার বলেন , প্রধানমন্ত্রী `সাবমিসিভ ওয়েতে, বিষয়টি স্বীকার করে দুঃখপ্রকাশ করেন। কিন্তু সংশ্লিষ্ট মন্ত্রীর কাছ থেকে শোনা যায় - `তার লম্বা, এ কারণে বিদ্যুৎ চলে গেছে। , সোমবার (৭ সেপ্টেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে ৬৮ বিধিতে উত্থাপিত নোটিশের ওপর আলোচনার শেষে ডেপুটি স্পিকার এসব কথা বলেন। জনগুরুত্বপূর্ণ বিষয়ে ৬৮ বিধিতে নোটিশটি উত্থাপন করে বিরোধী দল। অধিবেশনের এ পর্যায়ে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। এর আগে , বিকেল ৩টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রমের সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হয়। ৬৮ বিধিতে দেওয়া নোটিশের ওপর বক্ত ব্য রাখেন বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত এবং বিরোধী দলের সংসদ সদস্য নাজিবুর রহমান মোমেন। আলোচনার শেষে ডেপুটি স্পিকার বিদ্যুৎ মন্ত্রীর উদ্দেশ্যে বলেন , দুঃখ প্রকাশ করেন। বাট আনফরচুনেটলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বশীল মন্ত্রী যারা থাকেন , দায়িত্বশীল ব্যক্তিরা সেই জিনিসটা সেভাবে অ্যাড্রেস করেন না। আমরা হাম্বলি রিকোয়েস্ট করবো , জাতির সামনে যদি প্রকাশ করেন এবং ক্লিয়ার রাখেন , তাহলে ভালো হয়। তিনি বলেন , মাননীয় প্র ধানমন্ত্রী যেভাবে এই জিনিসটাকে অ্যাড্রেস করেন, সাবমিসিভ ওয়েতে অ্যাকনলয়েজ করেন , দুঃখপ্রকাশ করেন। আর মাননীয় মন্ত্রীর কাছ থেকে শুনি - `তার লম্বা, এ কারণে বিদ্যুৎ চলে গেছে।,(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

## বিদ্যুৎ-জ্বালানি সংকট কাটাতে `উই হ্যাভ এ প্ল্যান,: প্রতিমন্ত্রী

বিদ্যুৎ ও জ্বালানি সংকট কাটাতে সরকারের স্বল্প , মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ , জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। তিনি বলেন , প্রধানমন্ত্রী সংকট সমাধানে যখন বলেছেন , `আই হ্যাভ এ প্ল্যান,, তখন তার সঙ্গে গলা মিলিয়ে আমরাও দ্ব্যর্থহীনভাবে বলতে চাই- `উই হ্যাভ এ প্ল্যান, (আমাদের একটি পরিকল্পনা রয়েছে )। সোমবার (৭ সেপ্টেম্বর) জাতীয় সংসদের অধিবেশনে `তীব্র জ্বালানি ও গ্যাস সংকটের কারণে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হওয়া, শিল্পকারখানা বন্ধ হয়ে বেকারত্ব সৃষ্টি এবং দে শের জাতীয় অর্থনীতিতে মারাত্মক বিপর্যয় রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ , শীর্ষক প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে এ কথা বলেন তিনি। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। বিগত সরকারের ভুল নীতির কারণে জ্বালানি ও বিদ্যুৎ খাতে বর্তমান সংকট সৃষ্টি হয়েছে বলে মন্তব্য করে প্রতিমন্ত্রী বলেন , এ সংকট থেকে উত্তরণে সরকারের সুস্পষ্ট স্বল্প , মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা রয়েছে। তিনি বলেন , মেয়াদ শেষে অবসরে যাওয়া পাঁচটি বিদ্যুৎকেন্দ্র থেকে কোনো ধরনের ক্যাপাসিটি চার্জ ছাড়াই ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত হতে যাচ্ছে। প্রধানমন্ত্রীর একটি মন্তব্যের প্রসঙ্গ টেনে অনিন্দ্য ইসলাম অমিত বলেন , `১৯৭১ সালের ২৬ মার্চের প্রথম প্রহরে তৎকালীন মেজর জিয়াউর রহমান যখন পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে স্বাধীনতা ঘোষণার প্রারম্ভে ”উই রিভোল্ট„ বলেছিলেন, তখন তার সঙ্গীরাও বলেছিলেন ”উই রিভোল্ট„। ঠিক তেমনিভাবে সংকট সমাধানে প্রধানমন্ত্রী যখন বলেছেন , ”আই হ্যাভ এ প্ল্যান„, তার সঙ্গে গলা মিলিয়ে আমরাও দ্ব্যর্থহীনভাবে বলতে চাই - `উই হ্যাভ এ প্ল্যান , (আমাদের একটি পরিকল্পনা রয়েছে )।, বিদ্যুৎ উৎপাদন বাড়াতে সরকারের তাৎক্ষণিক পদক্ষেপ তুলে ধ রে প্রতিমন্ত্রী জানান, জরুরি প্রয়োজনে ব্যবহারের জন্য ফার্নেস অয়েলভিত্তিক (এইচএফও) বিদ্যুৎকেন্দ্রগুলো থেকে সর্বোচ্চ ৪ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এ জন্য সরকার ইতোমধ্যে ৬ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে। এছাড়া রামপাল বিদ্যুৎকেন্দ্রে র বন্ধ থাকা ৬৬০ মেগাওয়াটের একটি ইউনিট চলতি সপ্তাহেই চালু হবে বলে আশা প্রকাশ করেন তিনি। তিনি বলেন , `চুক্তি

থেকে বেরিয়ে আসা এত সহজ নয় , কারণ এটি রাষ্ট্রের সঙ্গে হয়। আমরা সেগুলো মূল্যায়ন করছি। তবে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে মেয়াদোত্তীর্ণ পাঁচটি বিদ্যুৎকেন্দ্রে র সঙ্গে আমরা কথা বলেছি। আশা করছি , এ সপ্তাহ থেকেই কোনো ক্যাপাসিটি চার্জ ছাড়াই এসব কেন্দ্র থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ পাব।, সমুদ্রে গ্যাস উত্তোলনে বিগত সরকার কার্যকর কোনো উদ্যোগ নেয়নি বলেও অভিযোগ করেন প্রতিমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## দেশে সংঘাত ও প্রতিশোধের রাজনীতি দেখতে চাই না: রাষ্ট্রপতি

দেশে সংঘাত ও প্রতিশোধের রাজনীতির অবসানের আহবান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, আমরা আর সংঘাত ও প্রতিশোধের রাজনীতি দেখতে চাই না। দেশের স্বার্থে সমঝোতা ও গণত ন্ত্রের রাজনীতির পথে যাওয়ার এখনই সঠিক সময়। এসময় রাজনৈতিক দলগুলোকে দেশের স্বার্থে গণতন্ত্রের পথে থাকার পরামর্শ দেন রাষ্ট্রপতি। সোমবার (৭ সেপ্টেম্বর) ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন উদ্বোধন করে তিনি এসব কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর উদ্বোধন শেষে দোয়া ও মোনাজাতে অংশ নেন রাষ্ট্রপতি। নামফলক উদ্বোধন শেষে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিশ্ববিদ্যালয়ে কাজ দ্রুত শুরু করায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। ৮৬ একর জমির ওপর নির্মিত ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়ে প্রথম দফায় ছয়টি বিভাগ দিয়ে আগামী ব ছরই চালু হচ্ছে এই বিদ্যাপিঠের শিক্ষা কার্যক্রম। ঠাকুরগাঁওবাসীর জন্য দিনটিকে অত্যন্ত আনন্দের উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন , স্থানীয় জনগণের জোরালো দাবির কারণেই আজ এখানে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা সম্ভব হয়েছে। উচ্চশিক্ষার প্রসার ঘটানোর মাধ্যমে এই অঞ্চলের তরুণদের জন্য কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি হবে। বিশ্ববিদ্যালয়টির অ্যাকাডেমিক ও প্রশাসনিক মান বজায় রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি বলেন , উচ্চশিক্ষার এই প্রতিষ্ঠানটি যাতে সঠিক মান বজায় রেখে এগিয়ে যেতে পারে , সেদিকে সবাইকে নজর দিতে হবে। একইসঙ্গে এই নতুন বিশ্ববিদ্যালয়টিকে নিজেদের সম্পদ মনে করে তা দেখে রাখার জন্য তিনি স্থানীয় জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানান। এলাকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের হালনাগাদ তথ্য তুলে ধরে তিনি জানান , ঠাকুরগাঁও বিমানবন্দরের প্রাথমিক কাজ ইতোমধ্যে শুরু হয়ে গেছে। এছাড়া দ্রুততম সময়ের মধ্যে ঠাকুরগাঁও মেডিক্যার কলেজের নির্মাণকাজও শুরু করা হবে। খুব অল্প সময়ের মধ্যে এসব উন্নয়ন প্রকল্পগুলোর নির্মাণকাজ শেষ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি ও বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ এলিনা)

## হাসিনাসহ মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিদের আর আপিলের সুযোগ নেই

শেখ হাসিনাসহ মৃত্যুদণ্ডপ্রাপ্ত যে-সব আসামি রায়ের ৩০ দিনের মধ্যে আপিল করেননি, তাদের আর আপিলের সুযোগ নেই বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো . আমিনুল ইসলাম। সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুর ১২টায় গুম ও মানবাধিকার আইন নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। চিফ প্রসিকিউটর বলেন, আইন অনুযায়ী রায়ের ৩০ দিনের মধ্যে আপিল করার সুযোগ রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে যারা আপিল করেননি, তারা পরবর্তীতে আর আপিলের সুযোগ পাবেন না। এদিকে গুম প্রতিরোধ ও প্রতিকার আইনের সঙ্গে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনের কোনো অসঙ্গতি হবে না বলেও জানান মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, গুমের সব অভিযোগ ও রিপোর্ট যাচাই-বাছাই করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ এলিনা)

## গোবিন্দপুর সীমান্তে ১২ জনকে `পুশ-ইনের, চেষ্টা, রুখে দিল বিজিবি

দিনাজপুরের বিরামপুর উপজেলার গোবিন্দপুর সীমান্ত দিয়ে ১২ থেকে ১৫ জনকে বাংলাদেশে `পুশ-ইনের, চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী -বিএসএফ। তবে বিজিবি ও স্থানীয়দের সতর্ক অবস্থানের কারণে তাদের ভারতে ফিরিয়ে নিতে বাধ্য হয় বিএসএফ। রোববার রাত ১১টার দিকে কাটলা ইউনিয়নের দাউদপুর বিওপির গোবিন্দপুর সীমান্তের ২৮৯/৪৬ এস পিলার সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন দাউদপুর বিওপির ক্যাম্প কমান্ডার মাহাবুর রহমা ন। বিজিবি জানায় , রাতে কাঁটাতারের বেড়া অতিক্রম করে বেশ কয়েকজনকে বাংলাদেশে প্রবেশ করানোর চেষ্টা করে বিএসএফ। এ সময় স্থানীয়রা বিষয়টি দেখতে পেয়ে তাদের ধাওয়া করেন। পরে বিজিবি ও স্থানীয়দের প্রতিরোধের মুখে তাদের ফিরিয়ে নেয় বিএসএফ। ঘটনার পর ওই সীমান্ত এলাকায় পুশইন ঠেকাতে বিজিবির সঙ্গে গ্রামবাসীও সতর্ক অবস্থানে রয়েছেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ এলিনা)

## বছরে ১০ হাজার শ্রমিক ইতালিতে যাওয়ার সুযোগ আছে: প্রতিমন্ত্রী

প্রতি বছর ১০ হাজার বৈধ শ্রমিক যাওয়ার সুযোগ আছে ইতালিতে। পরিবারসহ এই সংখ্যা ১২ হাজার বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। আজ সচিবালয়ে স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও

সমবায় মন্ত্রী ড . আবদুল মঈন খানের কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তনিও আলেসান্দ্রো সাক্ষাৎ করেন। বৈঠকে প্রতিমন্ত্রী মীর শাহে আলম ও সচিব মো . শহিদুল হাসান উপস্থিত ছিলেন। পরে সাংবাদিকদের সাথে প্রতিমন্ত্রী ও রাষ্ট্রদূত কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন , বহুসংখ্যক অবৈধ অভিবাসী আছে ইতালিতে। ইতালিতে অবস্থানরত আড়াই লাখ বাংলাদেশির প্রায় ৬০ থেকে ৭০ শতাংশই শরীয়তপুর ও মাদারীপুর অঞ্চলের। সমুদ্রপথে অবৈধভাবে ইতালি যাওয়ার ঝুঁকি কমাতে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের নিয়ে শরীয়তপুর , মাদারীপুর ও ফরিদপুর অঞ্চলে যৌথ ওয়ার্কশপ আয়োজনের প্রস্তাব দেওয়া হয়েছে। প্রতিমন্ত্রী বলেন , অবৈধভাবে যারা আছে , তাদের বৈধ করার বিষয়ে আলোচনা হয়নি। আর দালালের মাধ্যমে যারা অবৈধভাবে যাচ্ছে , তাদের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ব্যবস্থা নেবে। মালয়েশিয়ার শ্রমিক নেওয়া বিষয়ে তিনি বলেন , মালোয়েশিয়ার হাইকমিশনারকে ২ লাখ শ্রমিক নেওয়ার বিষয়ে অনুরোধ করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৯.২০২৬ এলিনা)

## ব্যাংক নিয়োগে স্বচ্ছতা ও মেধাভিত্তিক ব্যবস্থা নিশ্চিতের নির্দেশ

দেশের সব তফসিলি ব্যাংকে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে সর্বোচ্চ স্বচ্ছতা, জবাবদিহিতা ও মেধাভিত্তিক মানবসম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। আজ বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ এ সংক্রান্ত একটি বিস্তারিত সার্কুলার জারি করে দেশের সকল তফসিলি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তার কাছে পাঠিয়েছে। বাংলাদেশ ব্যাংক `ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১,-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সব নির্দেশনা জারি করেছে। সার্কুলারে উল্লেখ করা হয়, সার্বিক ব্যাংকিং খাতে সুশাসন প্রতিষ্ঠা, আর্থিক স্থিতিশীলতা রক্ষা এবং আমানতকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য ব্যাংকগুলোতে স্বচ্ছ, জবাবদিহিমূলক ও মেধাভিত্তিক মানবসম্পদ ব্যবস্থাপনা গড়ে তোলা অপরিহার্য। এ লক্ষ্যে প্রতিটি ব্যাংককে নিজ নিজ পরিচালনা পর্ষদের মাধ্যমে যুগোপযোগী, সমন্বিত ও কার্যকর `মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা, প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। উক্ত নীতিমালায় স্থায়ী ও অস্থায়ী ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, শিক্ষানবিশকাল ও স্থায়ীকরণ, প্রশিক্ষণ ও সক্ষমতা উন্নয়ন, বেতন-ভাতা ও চাকরি-পরবর্তী সুবিধা, কর্মদক্ষতা মূল্যায়ন, জ্যেষ্ঠতা নির্ধারণ, পদোন্নতি ও পদাবনমন এবং পদায়ন ও বদলির বিষয় সুনির্দিষ্টভাবে অন্তর্ভুক্ত করতে বলা হয়েছে। এ ছাড়া ব্যাংকের শীর্ষ নির্বাহী ও `সি-স্যুট, পর্যায়ের উচ্চপদস্থ কর্মকর্তাদের জন্য `উত্তরাধিকার পরিকল্পনা,, চাকরির অবসান, পদত্যাগ, চাকরিচ্যুতি ও পুনঃনিয়োগ, ছুটি ও কর্মস্থলে অনুপস্থিতি, আচরণবিধি, শৃঙ্খলা বিধান, স্বার্থের সংঘাত ব্যবস্থাপনা, দাপ্তরিক গোপনীয়তা রক্ষা এবং `হুইসেলব্লোয়ার, সংক্রান্ত নীতিও নীতিমালায় অন্তর্ভুক্ত করার নির্দেশনা দেওয়া হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ আসাদ)

## কনটেইনারে পণ্য নেই, কাগজে সাড়ে ৫ কোটি টাকার রপ্তানি

কনটেইনারে কোনো পণ্য নেই, অথচ কাগজপত্রে দেখানো হয়েছে ৫ কোটি ৪৩ লাখ টাকার পণ্য রপ্তানি। এমন পাঁচটি সন্দেহজনক রপ্তানি চালান আটক করেছে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর। এসব চালানে মোট ১ লাখ ২১ হাজার ১৭৫ কেজি বা প্রায় ১২১ টন পণ্য রপ্তানি দেখানো হয়েছে। কিন্তু সংশ্লিষ্ট পণ্য বাস্তবে কনটেইনার ডিপোতেই প্রবেশ করেনি। কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের বিশেষ তৎপরতায় ভ্যালমন্ট ফ্যাশনস লিমিটেডের এসব চালান আটকের পর বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। গত ৩ সেপ্টেম্বর রপ্তানি-সংক্রান্ত তথ্য যাচাইয়ের সময় প্রতিষ্ঠানটির পাঁচটি চালান গোয়েন্দাদের নজরে আসে।প্রাথমিক বিশ্লেষণে রপ্তানির গন্তব্য, পণ্যের ধরন এবং ঘোষিত মোট ওজনের মধ্যে অস্বাভাবিকতা পাওয়া যায়। এরপর চালানগুলো আটকে অধিকতর যাচাই শুরু করা হয়। দাখিল করা রপ্তানি বিলের তথ্য অনুযায়ী, পণ্যগুলো ইসাক ব্রাদার্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামের একটি অভ্যন্তরীণ কনটেইনার ডিপো থেকে রপ্তানি হওয়ার কথা ছিল। পরে কাস্টমস গোয়েন্দার কর্মকর্তারা সরেজমিন ওই ডিপোতে গিয়ে ঘোষিত পণ্য দেখানোর নির্দেশ দেন। কিন্তু ডিপো কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট পণ্য খালাস ও পরিবহনকারী কোনো পণ্যই দেখাতে পারেননি।তাদের পক্ষ থেকে জানানো হয়, রপ্তানির জন্য ঘোষিত পণ্যগুলো ডিপোতে প্রবেশই করেনি। অথচ পণ্য ডিপোতে না ঢুকলেও কিভাবে এসব চালানের কাস্টমসের আনুষ্ঠানিকতা সম্পন্ন হলো, তার কোনো সন্তোষজনক ব্যাখ্যাও দিতে পারেননি সংশ্লিষ্টরা। পাঁচটি চালানে মোট ৪ লাখ ৩৮ হাজার ৩০৪ মার্কিন ডলারের পণ্য রপ্তানি দেখানো হয়েছে। বাংলাদেশি মুদ্রায় এর মূল্য প্রায় ৫ কোটি ৪৩ লাখ টাকা। অর্থাৎ প্রায় ১২১ টন পণ্যের বাস্তব অস্তিত্ব না থাকলেও কাগজপত্রে ওই পরিমাণ পণ্য রপ্তানি দেখানো হয়েছে।এ ছাড়া প্রতিষ্ঠানটির গত এক বছরে আমদানি করা কাঁচামালের পরিমাণের তুলনায় ঘোষিত রপ্তানি পণ্যের পরিমাণও অস্বাভাবিকভাবে বেশি বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে। সাধারণত আমদানি করা কাঁচামালের পরিমাণ ও তা দিয়ে উৎপাদিত রপ্তানি পণ্যের মধ্যে একটি নির্দিষ্ট সামঞ্জস্য থাকার কথা। কিন্তু এ ক্ষেত্রে সেই সামঞ্জস্য পাওয়া যায়নি। কাস্টমস গোয়েন্দা সূত্র জানিয়েছে, পণ্যের বাস্তব অস্তিত্ব ছাড়াই রপ্তানি দেখানোর চেষ্টা করা হয়েছিল কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। একই সঙ্গে রপ্তানিকারক প্রতিষ্ঠান, পণ্য খালাস ও পরিবহনকারী প্রতিষ্ঠান, ডিপো কর্তৃপক্ষ এবং কাস্টমসের আনুষ্ঠানিকতা সম্পন্ন করার সঙ্গে জড়িতদের ভূমিকা তদন্ত করা হচ্ছে। পণ্য ডিপোতে প্রবেশ না করেই কিভাবে কাস্টমসের আনুষ্ঠানিকতা সম্পন্ন হলো এবং এর সঙ্গে কারা

জড়িত, এখন সেটিই তদন্তের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। তদন্তে প্রাপ্ত তথ্য-প্রমাণের ভিত্তিতে জড়িতদের বিরুদ্ধে প্রচলিত কাস্টমস আইনসহ অন্যান্য আইনে ব্যবস্থা নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ আসাদ)

## আগস্টে মূল্যস্ফীতি কমে ৮.২৬ শতাংশ

দেশে সার্বিক মূল্যস্ফীতি আগস্টে কিছুটা কমেছে। এ মাসে মূল্যস্ফীতি কমে ৮ দশমিক ২৬ শতাংশে দাঁড়িয়েছে। সোমবার প্রকাশিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বিবিএসের তথ্য অনুযায়ী, জুলাইয়ে দেশে সার্বিক মূল্যস্ফীতি ছিল ৮ দশমিক ৩২ শতাংশ। এক মাসের ব্যবধানে তা শূন্য দশমিক ০৬ শতাংশীয় পয়েন্ট কমেছে। গত বছরের আগস্টে সার্বিক মূল্যস্ফীতি ছিল ৮ দশমিক ২৯ শতাংশ। আগস্টে সার্বিক মূল্যস্ফীতি কমার পেছনে মূল ভূমিকা রেখেছে খাদ্যপণ্যের দাম। এ মাসে খাদ্য মূল্যস্ফীতি কমে ৭ দশমিক ০২ শতাংশে দাঁড়িয়েছে, যা জুলাইয়ে ছিল ৭ দশমিক ১৬ শতাংশ। গত বছরের আগস্টে খাদ্য মূল্যস্ফীতি ছিল ৭ দশমিক ৬০ শতাংশ। অন্যদিকে, খাদ্যবহির্ভূত পণ্য ও সেবার মূল্যস্ফীতি আগস্টে কিছুটা বেড়ে ৯ দশমিক ৩২ শতাংশে দাঁড়িয়েছে। জুলাইয়ে এ হার ছিল ৯ দশমিক ২৮ শতাংশ এবং গত বছরের আগস্টে ছিল ৮ দশমিক ৯০ শতাংশ।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ আসাদ)

## ডেঙ্গুতে ২৪ ঘণ্টায় 4 জনের মৃত্যু

সারাদেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে 4 জন মারা গেছেন। একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ২৩৩ জন।সোমবার  স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় এ তথ্য। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে বরিশাল বিভাগে ১৫৩ জন, চট্টগ্রাম বিভাগে ১৯৮ জন, ঢাকা বিভাগে (সিটি কর্পোরেশনের বাইরে) ২২৫ জন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ১৩৯ জন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ১৪৩ জন, খুলনা বিভাগে ২৩৫ জন, রাজশাহী বিভাগে ৯৯ জন, রংপুর বিভাগে ৩৬ জন এবং সিলেট বিভাগে ৫ জন রয়েছেন। চলতি বছরের ৬ সেপ্টেম্বর পর্যন্ত সারাদেশে মোট ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪৩ হাজার ৮২৩ জন। চলতি বছরে ডেঙ্গুতে মোট ১২১ জনের মৃত্যু হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ আসাদ)

## বাংলাদেশের আইন-শৃঙ্খলা বাহিনীর ওপর স্বাধীন নজরদারি চান ভলকার তুর্ক

বাংলাদেশের আইন-শৃঙ্খলা বাহিনীর ওপর নজরদারির জন্য একটি শক্তিশালী ও স্বাধীন জাতীয় প্রতিষ্ঠান গড়ে তোলার আহ্বান জানিয়েছেন জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ভলকার তুর্ক। সোমবার জেনেভায় জাতিসংঘের কার্যালয়ে মানবাধিকার পরিষদের ৬৩তম অধিবেশনে বৈশ্বিক পরিস্থিতি নিয়ে দেওয়া বক্তব্যে তিনি এ আহ্বান জানান। ভলকার তুর্ক বলেন, `বাংলাদেশে আইন-শৃঙ্খলা বাহিনীর ওপর নজরদারি করতে পারে- এমন একটি শক্তিশালী ও স্বাধীন জাতীয় প্রতিষ্ঠান গড়ে তোলার আহ্বান আমরা জানিয়ে আসছি।, বাংলাদেশে আইন-শৃঙ্খলা বাহিনীর জবাবদিহি নিশ্চিত করা এবং তাদের ওপর স্বাধীন নজরদারির জন্য শক্তিশালী প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলার প্রয়োজনীয়তার কথা এর আগেও একাধিকবার বলেছেন জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার। জাতিসংঘের মানবাধিকারবিষয়ক দপ্তরের ২০২৪ সালের জুলাই আন্দোলন নিয়ে করা তথ্যানুসন্ধান প্রতিবেদনে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় স্বাধীন তদন্ত, প্রাতিষ্ঠানিক সংস্কার, বেসামরিক তদারকি এবং জবাবদিহির ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হয়েছিল। বাংলাদেশ নিয়ে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক সুপারিশে জাতীয় মানবাধিকার কমিশনকে আরও শক্তিশালী করার কথাও বলা হয়েছে, যাতে প্রতিষ্ঠানটি স্বাধীনভাবে কাজ করতে পারে এবং আইনশৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধে ওঠা অভিযোগ তদন্ত করতে পারে। এদিকে, বাংলাদেশে সম্প্রতি প্রণীত গুমসংক্রান্ত আইন এবং জাতীয় মানবাধিকার কমিশনসংক্রান্ত আইন নিয়ে অধিকারকর্মী ও আইন বিশেষজ্ঞদের মধ্যে উদ্বেগ রয়েছে। তাদের মতে, এসব আইন স্বাধীনতা, তদন্তের ক্ষমতা এবং জবাবদিহির ক্ষেত্রে আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ড পুরোপুরি পূরণ করছে না। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ আসাদ)

## চিকিৎসা ব্যবস্থাকে আন্তর্জাতিক মানে উন্নীত করার আহ্বান সমাজকল্যাণ মন্ত্রীর

দেশের সার্বিক চিকিৎসা ব্যবস্থাকে আন্তর্জাতিক মানে উন্নীত করার তাগিদ দিয়েছেন মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. আবু জাফর মো. জাহিদ হোসেন। তিনি বলেন, ”চিকিৎসকদের বিশ্বমানের আধুনিক উদ্ভাবন ও প্রযুক্তির সঙ্গে প্রতিনিয়ত পরিচিত হতে হবে। সেই আধুনিক জ্ঞান ও প্রযুক্তির সঠিক প্রয়োগের মাধ্যমেই দেশের চক্ষু চিকিৎসাসেবাসহ সামগ্রিক চিকিৎসা খাতকে আন্তর্জাতিক মানে উন্নীত করতে হবে।„ সোমবার রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত `বাংলাদেশ অ্যাকাডেমি অব অফথালমোলজি,-এর বার্ষিক সায়েন্টিফিক কনফারেন্স-২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সমাজকল্যাণ মন্ত্রী বলেন, ”দেশের চক্ষু চিকিৎসাসেবা আধুনিক ও বিশেষায়িত করার মাধ্যমে চিকিৎসার জন্য মুমূর্ষু ও সাধারণ রোগীদের বিদেশ গমনের প্রবণতা উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনা সম্ভব।„ আগামী ৫০ বছরের চাহিদা ও সেবার কথা মাথায় রেখে

দীর্ঘমেয়াদি ও সময়োপযোগী কর্মপরিকল্পনা প্রণয়নের আহ্বান জানিয়ে তিনি আশ্বস্ত করেন যে, এ ধরনের যে-কোনো টেকসই উদ্যোগে সরকারের পক্ষ থেকে সর্বাত্মক সহায়তা দেওয়া হবে। একইসঙ্গে জাতীয় নানা নীতি-নির্ধারণে চিকিৎসকদের সুনির্দিষ্ট পেশাগত পরামর্শ প্রদানের অনুরোধ জানান তিনি।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৯.২০২৬ আসাদ)

# BBC

**GERMANY'S FAR-RIGHT AfD SAYS 'DEMOCRACY DEMANDS' PARTIES WORK WITH THEM AFTER STATE ELECTION WIN**

The far-right Alternative for Germany (AfD) is "very, very close" to taking power, its deputy parliamentary leader has told the BBC, after a historic victory in election for the eastern state of Saxony-Anhalt. Sunday's preliminary results show it felt three seats short of an outright majority, with 43.8% of the vote. It is now seeking support from other parties or individuals in order to govern. While most German political parties refuse to work with the AfD, Beatrix von Storch called for its opponents to enter talks and said: "You cannot say I do not accept the vote of the people". No far-right party has controlled a German state since World War Two, and governing at state level would mean powers over policing and local education. Von Storch said the state's results "were on the table and now democrats have to talk to one another. This is what democracy demands". (BBC News Web Page: 07/09/26, FARUK)

**ISRAELI STRIKES IN SOUTHERN LEBANESE VILLAGE KILL 12**

Israeli air strikes on a village in southern Lebanon have killed at least 12 people, the Lebanese health ministry says. Eleven people, including two children and four women, were killed in a strike that destroyed a residential building in Kfar Roummane overnight. A second strike on a vehicle killed a paramedic. The Israeli military said it was looking into the reports. On Sunday, Israeli strikes killed seven people across Southern Lebanon, as the Israeli military retaliated for what it said were drone attacks by the Shia Muslim armed group Hezbollah on troops in occupied areas of the country. Lebanese President Joseph Aoun said the "dangerous escalation" was jeopardizing June's US-brokered ceasefire, which was meant to end the conflict between Israel and Hezbollah. He urged the international community to put pressure on Israel to stop the attacks.
(BBC News Web Page: 07/09/26, FARUK)

**NEPAL OBSERVERS NATIONAL DAY OF MOURNING FOR VICTIMS OF FLASH FLOOD DISASTER**

Nepalis observed a national day of mourning for the victims of the flash flood on Monday, lighting candles to mark the last day of the traditional 13-day Hindu mourning period. While flags were flown at half mast, commemorations were scaled back as rescue teams continue to search for survivors. Candlelight vigils were planned for Monday evening. At least 1,287 people are known to have died after a flash flood, believed to have been triggered by a glacial collapse, swept through villages in a Himalayan valley along border between Nepal and Tibet. Almost two weeks later, more than 5,000 people are still missing. Phanindra Paudel of the National Emergency Operation Centre (NEOC) told the Reuters news agency that there would be "no government programmes organized as the rescue and search operation is still going on in the flood-hit areas." Nepal's president, Ram Chandra Paudel, toured areas devastated by the floods on Monday, an aide told Reuters. The home ministry said that government offices, as well as missions abroad, would fly the national flag at half mast to mark the final day of the mourning period.
(BBC News Web Page: 07/09/26, FARUK)

**AUSTRIA’S ISLAMIC HEADSCARF BAN IN FORCE AS UNDER-14s GO BACK TO SCHOOL**

As the new school year begins in Austria, a law banning headscarves in schools for girls under 14 has gone into force. The law forbids “traditional Muslim” head coverings, such as hijabs or burkas, in public and private schools across the country. Integration Minister Claudia Bauer, from the conservative People’s Party (OVP), says the headscarf is “a sign of oppression and a means of controlling girls from the earliest childhood”. But critics say the new law is fuelling anti-Muslim feeling in the country and could be unconstitutional. The law was brought in by the conservative-led coalition of three centrist parties, the OVP, the Social Democrats (SPO) and the liberal Neos. They say the law is a “clear commitment to gender equality” and is intended to protect the rights of young girls. Carla Amina Baghajati, from the

official Islamic Community in Austria (IGGO), told the BBC that the organization "firmly opposes the ban". (BBC News Web Page: 07/09/26, FARUK)

**KENYA MINISTER WARNS FOREIGNERS AGAINST 'MISUSING' VISAS TO TRADE**

Kenya's trade ministry has warned foreign nationals that visa-free entry into the country does not grant them the right to work, as the government vows to shut down unlicensed small businesses run by foreigners. President William Ruto has set today as the deadline for foreigners operating small-scale businesses to cease work. Ahead of the move, the Burundian embassy in Kenya said it would offer emergency free travel documents to its citizens willing to go back home, amid reports of the mistreatment of Burundians. It is unclear how many foreign nationals are involved in small-scale trading or how many would be affected by the crackdown. (BBC News Web Page: 07/09/26, FARUK)

**RESCUERS DIG THROUGH DEBRIS AS SEVEN DEAD IN BUILDING COLLAPSE IN DELHI**

Rescuers are digging through the rubble a day after a residential building collapsed in the Indian capital, Delhi, killing at least seven people. It's not clear how many people were inside the five-storey building in south-west Delhi – or if there are still people under the debris. Eyewitnesses told local media on Sunday that two-to-four dozen people were inside, but no official numbers have been shared. Authorities have confirmed 12 people were taken to hospital and that seven died while others are receiving treatment. Delhi Chief Minister Rekha Gupta said "accumulation of water, combined with ongoing repair work in the basement" of the building, Hostel Daze, caused the collapse. The building owner has been arrested and five senior civic officials of Delhi Municipal Corporation (MCD) have been suspended following the tragedy, Gupta added. (BBC News Web Page: 07/09/26, FARUK)

**INDONESIA VOLCANO ERUPTION LEAVES 2,70,000 STRANDED AS AIRPORTS EXTEND CLOSURE**

Some 2,70,000 passengers have been left stranded across Indonesia after a volcanic eruption grounded more than 2,000 flights and forced airports to suspend operations for a second day. Anak Krakatau, located 150km from Jakarta, began erupting late Friday, producing lava fountains and sending volcanic ash into the capital and the Lampung province. It stayed seismically active throughout the weekend. Jakarta's Soekarno-Hatta International decided not to reopen at 18:00 as planned due to the continued presence of volcanic ash near its airspace. A press release from the airport said flights would now resume at 23:59 on Monday. (BBC News Web Page: 07/09/26, FARUK)

**ZELENSKY SAYS HE EXPECTS WAR TO CONTINUE INTO WINTER AFTER TALKS WITH US ENVOYS**

Ukrainian President Volodymyr Zelensky has said he expects the war with Russia to continue into the winter, following talks with Donald Trump's top envoys in Kyiv. The discussions finished without an announcement of a major breakthrough, after Steve Witkoff and Jared Kushner travelled to Ukraine for the first time since Russia's full-scale invasion. The previous day, the pair had held talks with Vladimir Putin in Moscow. Witkoff said he was "encouraged" by what he called "substantive" and important talks in Kyiv. Zelensky stressed that he wanted a just peace with no opportunity for renewed aggression by Russia. Following rounds of talks on Sunday, which lasted several hours behind closed doors, Zelensky told reporters they had agreed officials from Ukraine, Europe and America would meet in the near future to continue discussions. He also called for a trilateral meeting with Russia and the US. (BBC News Web Page: 07/09/26, FARUK)

**FIVE KILLED AS AMAZON CARGO PLANE CRASHES AT MIAMI AIRPORT**

An Amazon Air cargo plane overshoot the runway while attempting to land at the city's international airport, killing five people and seriously injuring five more. The Boeing 767-300 cargo aircraft crashed just before 14:00 local time after departing from Luis Munoz Marin International Airport in San Juan, Puerto Rico. The flight also hit several vehicles on the ground. (BBC News Web Page: 07/09/26, FARUK)

**:: THE END ::**